


ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৭০ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com




JAGARAN ■ 8 June, 2024 ■ আগরতলা ৮ জুন ২০২৪ ইং ■ ২৫ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ, শনিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

## সংসদীয় নেতা মোদী ঃ রাষ্ট্রপতির কাছে সমর্থনপত্র জমা

# সরকার গঠনের দাবি পেশ





**নয়াদিল্লি, ৭ জুন ।।** ভারতীয় জনতা পার্টির (বিজেপি) সভাপতি জে পি নাড্ডার নেতৃত্বে ন্যাশনাল ডেমোক্রেটিক অ্যালায়েন্স (এনডিএ) এর একটি প্রতিনিধিদল আজ দুপুর আড়াইটায় রাষ্ট্রপতি ভবনে রাষ্ট্রপতির সাথে দেখা করে এবং একটি চিঠি হস্তান্তর করে যে, নরেন্দ্র মোদীকে বিজেপি সংসদীয় দলের নেতা নির্বাচিত করা হয়েছে। এনডিএ সাংবিধানিক দলগুলির সমর্থনের চিঠিও রাষ্ট্রপতির কাছে প্রদান করা হয়েছিল। প্রতিনিধিদলের অন্যান্য সদস্যরা হলেন বিজেপি থেকে রাজনাথ সিং, অমিত শাহ, অশ্বিনী বৈষ্ণব এবং ডাঃ সি.এন. মঞ্জুনাথ; তেলেগু দেশম পার্টি থেকে এন. চন্দ্রবাবু নাইডু; জনতা দল (ইউনাইটেড) থেকে নীতীশ কুমার, রাজীব রঞ্জন সিং (লালন সিং) এবং সঞ্জয় ঝা; শিবসেনা থেকে একনাথ শিন্ডে; এইচ.ডি. কুমারস্বামী, জনতা দল(সেকুলার); লোক জনশক্তি পার্টি (রাম বিলাস) থেকে চিরাগ পাসওয়ান; হিন্দুস্তানি আওয়াম মোর্চা (সেকুলার) থেকে জিতন রাম মাঞ্জি; জনসেনা থেকে পবন কল্যাণ; জাতীয়তাবাদী কংগ্রেস পার্টি থেকে অজিত পাওয়ার; আপনা দল (সোনিলাল) থেকে অনুপ্রিয়া প্যাটেল; রাষ্ট্রীয় লোকদল থেকে জয়ন্ত চৌধুরী; ইউনাইটেড পিপলস পার্টি লিবারেল থেকে জয়ন্ত বসুমাতারী; অসম গণ পরিষদ থেকে অতুল বোরা; সিকিম ক্রান্তিকারি মোর্চা থেকে ইন্দ্র হ্যাং সুব্বা; অল ঝাড়খণ্ড স্টুডেন্টস ইউনিয়ন থেকে সুদেশ মাহাতো ও চন্দ্র প্রকাশ চৌধুরী; এবং রিপাবলিকান পার্টি অফ ইন্ডিয়া (এ) থেকে রামদাস আঠওয়ালে। রাষ্ট্রপতি, প্রাপ্ত সমর্থনের বিভিন্ন চিঠির ভিত্তিতে নিজেকে সন্তুষ্ট করেছেন যে, বিজেপি-নেতৃত্বাধীন এনডিএ জোট, যেটি সবচেয়ে বড় প্রাক-নির্বাচন জোটও, নবগঠিত ১৮ তম লোকসভার সংখ্যাগরিষ্ঠ সমর্থনের নেতৃত্ব দেওয়ার অবস্থানে রয়েছে এবং একটি স্থিতিশীল সরকার গঠনের জন্য, নরেন্দ্র মোদীকে ভারতের সংবিধানের ৭৫(১) অনুচ্ছেদের অধীনে অর্পিত ক্ষমতা প্রয়োগ করে ভারতের প্রধানমন্ত্রী হিসেবে নিযুক্ত করেছেন।

রাষ্ট্রপতি, নরেন্দ্র মোদীকে রাষ্ট্রপতি ভবনে অনুষ্ঠিতব্য শপথগ্রহণ অনুষ্ঠানের তারিখ এবং সময় নির্দেশ করার জন্য অনুরোধ করেছিলেন এবং কেন্দ্রীয় মন্ত্রী পরিষদের সদস্য হিসাবে নিয়োগের জন্য অন্যান্য ব্যক্তিদের নাম সম্পর্কেও পরামর্শ দেন।

এনডিএ সংসদীয় দল সর্বসম্মতিক্রমে নরেন্দ্র মোদিকে তাদের নেতা নির্বাচিত করেছে। নতুনদিল্লিতে এনডিএ সংসদীয় দলের বৈঠকে বরিষ্ঠ বিজেপি নেতা এবং কেন্দ্রীয় মন্ত্রী রাজনাথ সিং শ্রী মোদিকে এনডিএ নেতা হিসাবে নির্বাচিত করার প্রস্তাব উত্থাপন করেন এবং বিজেপি সহ সব শরিকদল প্রস্তাব সমর্থন করে। শ্রী মোদি লোকসভায় বিজেপি সংসদীয় দলের নেতা হিসেবেও নির্বাচিত হয়েছেন। পরে সংসদীয় ভবনে গিয়ে শরিক দলগুলির তাদের সমর্থনের কথা যা নিয়ে আসেন। রাষ্ট্রপতির কাছে পেশ করা হয় তৃতীয় বারের জন্য প্রধানমন্ত্রী হিসাবে নরেন্দ্র মোদির নাম। রাষ্ট্রপতি প্রধানমন্ত্রী হিসাবে নরেন্দ্র মোদি কে নিযুক্তি দেন। আগামীর ৯ জুন রবিবার সন্ধ্যা ছয়টায় তৃতীয়বারের জন্য প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেবেন নরেন্দ্র মোদি। সঙ্গে মন্ত্রিসভার সদস্যরা ও শপথ গ্রহণ করবেন। এমনটাই খবর দলীয় সূত্রে। তবে এদিন এনডিএ ছাড়াও টিডি পিও জেড ইউ শরীর দলের প্রধানরা রাষ্ট্রপতি কাছে প্রধানমন্ত্রী হিসাবে নরেন্দ্র মোদির প্রতি তাদের পূর্ণ আস্তা ব্যক্ত করেন। রাষ্ট্রপতি ভবন থেকে বেরিয়ে এসে জাতির উদ্দেশ্যে বক্তব্য রাখতে গিয়ে নরেন্দ্র মোদী বলে দশ বছরে যা কাজ হয়েছে তার চাইতেও আরো বেশি কাজ হবে এই পাঁচ বছরে। দেশবাসীর সেবায় টিডিপি প্রধান চন্দ্রবাবু নাইডু বলেছেন, নরেন্দ্র মোদির দূরদর্শী নেতৃত্বে এনডিএ সরকার গত দশ বছরে উল্লেখযোগ্য উদ্যোগ নিয়েছে। তিনি বলেন, দেশ উল্লেখযোগ্য অগ্রগতি ও পরিবর্তনের সাক্ষী হয়েছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রতি সমর্থন প্রকাশ করেছেন বিহারের মুখ্যমন্ত্রী এবং জেডিইউ সভাপতি নীতীশ কুমার।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ জোর দিয়ে বলেছেন যে তাঁর সরকার গত এক দশকে শিক্ষাক্ষেত্রে গুণগত পরিবর্তনের দিকে মনোনিবেশ করেছে। কিউএস ওয়ার্ল ইউনিভার্সিটি র‍্যাঙ্কিংয়ে জি-২০ দেশগুলির মধ্যে বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিত্বের ক্ষেত্রে ভারতের সর্বোচ্চ প্রবৃদ্ধির রেকর্ড করা হয়েছে। প্রধানমন্ত্রী এজন্য শিক্ষার্থী, শিক্ষক এবং প্রতিষ্ঠানের প্রশংসা করেছেন। প্রধানমন্ত্রী তার তৃতীয় মেয়াদে গবেষণা ও উদ্ভাবন বাড়ানোর জন্য আরও কাজ করার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত ☞ ৬ এর পাতায় দেখুন

## সাংবাদিক সম্মেলনে শিল্প ও বাণিজ্য দপ্তরের সচিব

# রাজ্যে ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উন্নয়নে ৬৫ কোটি ১৭ লাখ টাকার অনুমোদন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৭ জুন ।।** রাজ্যে ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্পের উন্নয়ন ও প্রসারে কেন্দ্রীয় ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্প মক ৬৫ কোটি ১৭ লক্ষ টাকা অনুমোদন দিয়েছে। মকের 'রেম্প' কর্মসূচিতে ২০২৪-২৫ অর্থবছরের জন্য ত্রিপুরাকে এই অনুমোদন দেওয়া হয়েছে। এতে ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্পের উন্নয়ন ও প্রসারে আগামী তিন বছরে রাজ্যের ৩২ হাজার শিক্ষিত বেকার যুবক যুবতীদের চিহ্নিত করে প্রশিক্ষণ দেওয়া হবে। আজ সচিবালয়ের প্রেস কনফারেন্স হলে আয়োজিত সাংবাদিক সম্মেলনে শিল্প ও বাণিজ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে দপ্তরের বিভিন্ন উন্নয়ন প্রকল্পের উদ্যোগ সমূহ তুলে ধরে একথা জানান। তিনি জানান, এই রেম্প কর্মসূচির মূল উদ্দেশ্য হচ্ছে রাজ্যের বেকার যুবক-যুবতীদের মধ্যে শিল্প উদ্যোগী এবং বিপণনের দক্ষতা গড়ে তোলা। তিনি জানান, রাজ্যের এবং বহির্রাজ্যের নিজস্ব পণ্য বিক্রয় এবং প্রচারের উদ্দেশ্যে আগরতলা জটমিল কমপ্লেক্সে 'পিএম একতা মল' স্থাপনের উদ্যোগ নেওয়া হয়েছে। এই আধুনিক মল নির্মাণের জন্য প্রায় ১৫০ কোটি টাকা ব্যয় করা হবে। ডুকলি সার্কেলে ৪.১৮ একর জায়গায় এই মলটি নির্মিত হবে। আগরতলা মার্ট সিটি লিমিটেড কর্তক এর ডিপিআর তৈরি করা হয়েছে। সাংবাদিক সম্মেলনে শিল্প ও বাণিজ্য দপ্তরের সচিব জানান, উত্তর পূর্বাঞ্চল সহ রাজ্যে বিনিয়োগ বৃদ্ধির প্রচেষ্টায় ইতিমধ্যেই কয়েকটি ইনভেস্টমেন্ট সামিট করা হয়েছে। গত ৬ মার্চ, ২০২৪ নয়াদিল্লিতে উত্তর পূর্বাঞ্চল ইনভেস্টমেন্ট সামিট অনুষ্ঠিত হয়। যেখানে ১৮৬১.৫১ কোটি টাকার ১৪টি মউ স্বাক্ষরিত হয়। এরমধ্যে ৬ জন বিনিয়োগকারী ইতিমধ্যেই রাজ্যে ২৯.৮৫ কোটি টাকা বিনিয়োগ করেছে। তিনি জানান, উদ্যম প্রকল্পের আওতায় ৩১ মার্চ, ২০২৪ পর্যন্ত ৫৭,১১৪ জনকে রেজিস্ট্রেশন করা হয়েছে। তিনি জানান, কারিগরি শিল্পকর্মে যুক্ত শ্রমিকদের সহায়তা এবং ক্ষমতায়নের লক্ষ্যে গত ১৭ সেপ্টেম্বর, ২০২৩ পিএম বিশ্বকর্মা প্রকল্প দেশব্যাপী চালু করা হয়। মূলত কারিগরদের দক্ষতা এবং তাদের উৎপাদিত পণ্যের প্রসারের লক্ষ্যেই এই প্রকল্পের সূচনা হয়েছে। এই প্রকল্পে ৭ জন, ২০২৪ পর্যন্ত প্রায় ৫০ হাজার আবেদনকারীর মধ্যে রাজ্যের ১০,৯০৪ জনকে প্রশিক্ষণের জন্য নিবন্ধিত করা হয়েছে। তিনি জানান, ত্রিপুরা ইণ্ডাস্ট্রিয়াল ইনভেস্টমেন্ট ইনসেনটিভ স্কিমে রাজ্যে ২০১৯ থেকে এখন পর্যন্ত মোট ৩৩ কোটি ৬১ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। পাশাপাশি কেন্দ্রীয় ইনসেনটিভ স্কিমের আওতায় ২০১৯ থেকে এখন পর্যন্ত ৫২ কোটি ৫১ লক্ষ টাকা অনুমোদন দেওয়া হয়েছে। সাংবাদিক সম্মেলনে সচিব আরও ☞ ৬ এর পাতায় দেখুন

## বাপের বাড়ি থেকে নিখোঁজ গৃহবধূ

**নিজস্ব প্রতিনিধি, কদমতলা, ৭ জুন।।** বাপের বাড়ি থেকে নিখোঁজ এক গৃহবধূ। ওই ঘটনাকে ঘিরে কদমতলা থানার অন্তর্গত বিষ্ণুপুর গ্রাম পঞ্চায়েতের ২ নং ওয়ার্ড এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে। পর্বতী সময়ে পরিবারের সদস্যরা থানায় নিখোঁজ মামলা দায়ের করেছেন। স্বামী সুজিত শুক্লাবৈদ্য জানিয়েছেন, অনেক দিন আগে তাঁর বাড়ি আসাম থেকে দুই সন্তানকে নিয়ে স্বপ্না শুক্লবৈদ্য বাপের বাড়িতে বেড়াতে গিয়েছিলেন। কিন্তু অনেক দিন হয়ে গেলেও স্ত্রী শ্বশুরবাড়ি ফিরে যায় নি। হঠাৎ গতকাল তাঁর বাপের বাড়ি থেকে খবর আসে তাঁকে খোঁজে পাওয়া যাচ্ছে না। খবর পেয়ে ☞ ৬ এর পাতায় দেখুন

## পঞ্চায়েত নির্বাচনে অনুকূল পরিবেশ বজায় রাখতে মুখ্যসচিবকে চিঠি জিতেন্দ্রের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৭ জুন।।** লোকসভা নির্বাচন সাঙ্গ হতেই ত্রিপুরা পঞ্চায়েত নির্বাচনের প্রস্তুতি নিচ্ছে। কিন্তু, রাজ্যে নির্বাচনের অনুকূল পরিবেশ নষ্ট করার প্রয়াস চলছে বলে মুখ্য সচিবের কাছে চিঠি দিয়ে নালিশ জানিয়েছেন ত্রিপুরার বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী। তাঁর অভিযোগ, শাসক দলের আশ্রিত গুন্ডাবাহিনী নির্বাচনের অনুকূল পরিবেশ নষ্টের প্রয়াস চালিয়েছে। তাই অবাধ, সুষ্ঠু ও ভয়-মুক্ত পরিবেশে পঞ্চায়েত নির্বাচন সংগঠিত করতে মুখ্য সচিবের হস্তক্ষেপ চেয়েছেন তিনি।



আজ তিনি চিঠিতে লিখেছেন, ত্রিপুরায় পঞ্চায়েত নির্বাচন আসন্ন। কিন্তু উদ্বেগের বিষয়, এখন থেকেই রাজ্য জুড়ে অনুকূল পরিবেশ নষ্ট করার প্রচেষ্টা চালাছে শাসক দলের গুন্ডাবাহিনি। রাজ্যের বিভিন্ন জায়গায় ইতিমধ্যেই বেশ কয়েকটি অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটেছে।

তিনি আরও লিখেছেন, গতকাল নির্বাচনের বিভিন্ন এজেন্ডা নিয়ে আলোচনা করার জন্য বেশিরভাগ বিডিও-র দ্বারা সর্বদলীয় সভা আহ্বান করা হয়েছিল। বক্সনগর আরডি ব্লকে সিপিএম প্রতিনিধিকে বিডিও-এর চেম্বারের সামনে এবং স্থানীয় বিধায়কের উপস্থিতিতে নৃশংসভাবে আক্রমণ করা হয়েছিল। পাশাপাশি শারীরিকভাবে লাঞ্ছিত করা হয়েছিল। তাছাড়া, গত ৯ মে ধলাই জেলার ☞ ৬ এর পাতায় দেখুন

## কাজ করতে গিয়ে মর্মান্তিক মৃত্যু শ্রমিকের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৭ জুন।।** দিনমজুরের কাজ করতে গিয়ে দুর্ঘটনায় মর্মান্তিক মৃত্যু হয়েছে এক শ্রমিক। আজ সকালে চন্দ্রপুর টাটা কোম্পানি সংলগ্ন এলাকার স্থানীয় মানুষ সাথে দমকলবাহিনীকে খবর পাঠিয়েছেন। দমকলকর্মীরা তাঁকে উদ্ধার করে জিবি হাসপাতালে নিয়ে গিয়েছে।

মৃতের বড় ভাই জানিয়েছেন, আজ চন্দ্রপুর এলাকায় ফ্লাই বোর্ড গোডাউনে ☞ ৬ এর পাতায় দেখুন

## যৌথ অভিযানে ইয়াবা সহ আগ্নেয়াস্ত্র উদ্ধার, ধৃত এক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৭ জুন:** গোপন সংবাদের ভিত্তিতে রাতভর অভিযান চালিয়ে সাফল্য পেয়েছে আমতলী থানার পুলিশ এবং বিএসএফ। মতিনগর এলাকায় এক বাড়িতে অভিযান চালিয়ে ৪০,০০০ ইয়াবা ট্যাবলেট, একটি ৭.৬৫ এমএম পিস্তল এবং ৫ রাউন্ড গুলি উদ্ধার করেছে। সাথে এক নেশাকারবারীকে আটক করা হয়েছে। উদ্ধারকৃত সামগ্রীর বাজারমূল্য আনুমানিক ২০ লক্ষাধিক টাকা হবে বলে জানিয়েছেন পশ্চিম জেলার পুলিশ সুপার ডঃ কিরণ কুমার।

পশ্চিম জেলার পুলিশ সুপার ডঃ কিরণ কুমার জানিয়েছেন, গোপন সংবাদের ভিত্তিতে খবর আসে মতিনগর রায়মুড়া এলাকার বাসিন্দা আবু সালাম ভূঁইয়ার বাড়িতে পিস্তল সহ নেশা সামগ্রী মজুত রয়েছে। সেই খবরের ভিত্তিতে আমতলী থানার পুলিশ ও বিএসএফের ৪২ ব্যাটেলিয়ান ওই এলাকায় রাতভর অভিযান চালিয়েছে। অভিযানে আজ সকালে তার বাড়ি থেকে ৪টি প্যাকেটে মোট ৪০ হাজার ইয়াবা ট্যাবলেট, ৭.৬৫ এমএম পিস্তল ও পাঁচ ☞ ৬ এর পাতায় দেখুন

## বিদ্যুৎপৃষ্ট হয়ে মৃত্যু মহিলার

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ৭ জুন।।** শামুক কুড়াতে গিয়ে বিদুৎস্পৃষ্ট হয়ে এক উপজাতি মহিলার মৃত্যু হয়েছে। আজ ধর্মনগর সরকারি মহা বিদ্যালয় সংলগ্ন কাকড়ি নদীর পাড়ে ওই ঘটনাটি ঘটেছে।

ঘটনার বিবরণে জানা গিয়েছে, শুক্রবার বেলা দুপুরে ধর্মনগর পুর পরিষদ এলাকার কলেজ রোডে কাঁকড়ি নদীর পাশে লোহার ব্রিজ সংলগ্ন এলাকায় বিরোসাচি ত্রিপুরা (৪৫) শামুক কুড়াতে গিয়েছিলেন। তিনি এদিন সকালে এস কে পাড়া থেকে ☞ ৬ এর পাতায় দেখুন

## নেশা সামগ্রী বিক্রয়ে বাধা ছুরিকাহত যুবক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৭ জুন।।** নেশা সামগ্রী বিক্রয়ে বাধা দেওয়ায় ছুরিকাহত এক যুবক। ওই ঘটনায় গোয়ালা বস্তি এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে। বর্তমানে ওই যুবক জিবি হাসপাতালে চিকিৎসাধীনে আছেন।ঘটনার বিবরণে জানা গিয়েছে, আজ গোয়ালাবস্তি ☞ ৬ এর পাতায় দেখুন

## ফের রেলে কাটা পড়ে মৃত্যু ব্যক্তির

**নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার,৭ জুন ।।** ফের রেলে কাটা পড়ে মৃত্যু হয়েছে এক ব্যক্তির।আগরতলা থেকে সাব্রুমগামী রেলে কাটা পরে মৃত্যু হয়েছে ওই ব্যক্তির। ঘটনায় শান্তিবাজার পশ্চিম মুহুরীপুর এলাকায় তীব্র চাঞ্চল্য ছড়িয়ে পড়েছে।ঘটনার খবর পেয়ে ছুটে আসে পুলিশ।পুলিশ ঘটনাস্থলে গিয়ে মৃত দেহ উদ্ধার করে ময়না ☞ ৬ এর পাতায় দেখুন

## ঝড় বৃষ্টিতে ক্ষতিগ্রস্থ জাতীয় সড়কের সংস্কারের কাজ শুরু

**নিজস্ব প্রতিনিধি, উনকোটি, ৭ জুন।।** সাম্প্রতিক কালে প্রবল ঝড় বৃষ্টির ফলে নবনির্মিত ২০৮(এ) জাতীয় সড়ক অনেক জায়গায় ভেঙে যায়। অবশেষে সংস্কারের কাজ শুরু করলো রাস্তা নির্মাণকারী সংস্থা।

ঊনকোটি জেলায় নিকাশী-ব্যবস্থা(ড্রেইন) ভালো না হওয়ায় রাস্তার পাশ ভেঙে যাচ্ছে খুব স্বল্প সময়েই। কিছুদিন পূর্বে রেমেল এর সতর্কবার্তার পর রাজ্যে সবচাইতে বেশী বৃষ্টিপাত হয় ঊনকোটি জেলায়। আর যার ফলে জাতীয় সড়ক ২০৮(এ) এর বিভিন্ন জায়গা বড়সড় ভাঙন দেখা দেয়। যোগাযোগ ব্যবস্থা উন্নত করতে উন্নত রাস্তা তৈরী করলেও অল্প দিনেই রাস্তা ভেঙে যাওয়ায় নিম্নমানের রাস্তা তৈরীর অভিযোগও উঠছে রাস্তা তৈরী করা নির্মাণ সংস্থার বিরুদ্ধে। নিম্নমানের জাতীয় সড়ক ২০৮(এ) এর ভাঙন অব্যাহত,ক্ষোভ সর্বত্র।" নির্মানকারী সংস্থা সহ উনকোটি জেলার দুই মহকুমা শাসকদের সঙ্গে নিয়ে জেলাশাসক দিলীপ কুমার চাকমা নিজে ভেঙে যাওয়া জাতীয় সড়ক ২০৮(এ) পরিদর্শন করেন এবং তার পর নির্মাণকারী সংস্থার সাথে এক বৈঠক করেন জেলাশাসক দিলীপ কুমার চাকমা সহ অন্যান্য ☞ ৬ এর পাতায় দেখুন

## অল্প বৃষ্টিতে জলমগ্ন এলাকা দ্রুত সংস্কারের দাবি

**নিজস্ব প্রতিনিধি, বিলোনিয়া, ৭ জুন:** আধ ঘন্টার বৃষ্টিতেই জলে একাকার কাঠালিয়া মোটরস্ট্যান্ড। যার ফলে ঘন্টা দুয়েকের জন্য ছোট মাঝারি যানবাহন চালকদের সমস্যার সম্মুখীন হতে হয়।

এই বিষয়ে যানবাহনের চালকরা বলেন, অনতিবিলম্বে যদি জল নিকাশি ড্রেনগুলি সংস্কার করা না হয় তাহলে চলতি মৌসুমের ঘন বর্ষায় যানবাহন চালকদের দুর্দশা আরও বাড়বে। তারা আরো জানান, সোনামুড়া থেকে বিলোনিয়া মোটর স্ট্যান্ড এলাকার বিস্তীর্ণ সড়ক এই সময় ১ থেকে ২ ফুট জল জমে যায়।

এই জাতীয় দৃশ্য শুধু আজকের নয়! বিগত কয়েক বছর ধরে ভারী বর্ষা হলে এমনই দৃশ্য ঘটে।আর এতে ☞ ৬ এর পাতায় দেখুন

## উচ্ছেদ বন্ধ করতে বন দপ্তরের কাছে ডেপুটেশন দিল পেকুছড়ার উদ্বাস্তরা

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ৭ জুন ।।** ফের বনদপ্তরের আধিকারিক এর নিকট ডেপুটেশন প্রদান করলেন পেকুছড়ার বাসিন্দারা। অন্যথায় তারা বৃহত্তর আন্দোলনে সামিল হতে বাধ্য হবেন বলে জানিয়েছেন। ঘটনাকে কেন্দ্র করে উত্তপ্ত হয়ে উঠেছে গোটা এলাকা। তাতে জটিল সমস্যার সম্মুখীন হয়েছে প্রশাসন।

পানিসাগর মহকুমার পেকুছড়া গ্রাম পঞ্চায়েতের ঘটনায় এখনো সরগরম রাজ্যের প্রশাসনিক মহল। ৬ জুন তৃতীয় নোটিশ হওয়ার পর ৭ জুন অর্থাৎ শুক্রবার এলাকাবাসীরা ডেপুটেশন দিল জেলা বন আধিকারিক সুমন মল্লর কাছে।

এলাকাবাসীর বক্তব্য বন দপ্তরের আইন প্রয়োগের ক্ষেত্রে সার্বিকভাবে সমান ব্যবস্থা প্রয়োগ করতে হবে। এই এলাকায় ৩৬টি পরিবার জাইকা প্রজেক্টের জায়গা দখল করে দীর্ঘ পাঁচ ছয় বছর যাবৎ বসবাস করছে। তাদের নামেও নোটিশ করা হয়েছিল। কিন্তু তারা নোটিশের জবাব দেয়নি। গত একমাস যাবত কাঞ্চনপুরের বিভিন্ন এলাকা থেকে যে ৩০ থেকে ৩৫টি পরিবার এসে অস্থায়ীভাবে জায়গা দখল করে আছে তাদেরকে পরপর তিনটি নোটিশ বন দপ্তর থেকে ধরিয়ে দেওয়া হল এবং গতকাল অর্থাৎ বৃহস্পতিবার তৃতীয় নোটিশ ছয় জুন পর্যন্ত অপেক্ষা করার পর মাইক সহযোগে জানিয়ে দেওয়া হয়েছে তাদেরকে উচ্ছেদ করা হবে। কিন্তু এলাকাবাসীর বক্তব্য হলো উচ্ছেদ করা হলে পূর্বের যে ৩৬ টি পরিবার রয়েছে তাদেরও একই সাথে ☞ ৬ এর পাতায় দেখুন

জাগরণ আগরতলা ▫ বর্ষ-৭০ ▫ সংখ্যা ২৩৬ ▫ ৮ জুন ২০২৪ ইং ▫ ২৫ জ্যৈষ্ঠ ▫ শনিবার ▫ ১৪৩১ বঙ্গাব্দ

## জোয়ার শেয়ার বাজারে

বিজেপি একক সংখ্যাগরিষ্ঠতা না পাইলেও কেন্দ্রের শাসন ক্ষমতায় আসীন হইতেছেন নরেন্দ্র মোদি। লোকসভা নির্বাচনের ফলাফল ঘোষণা হইবার পর হইতেই শেয়ারবাজার উঠানামা করিতে শুরু করিয়াছে। বিনিয়োগকারী ও দেশের শিল্পপতিরা নানা প্রশ্নের জর্জরিত হইয়া পড়িয়াছিলেন। তাহাদের প্রত্যাশা ছিল নরেন্দ্র মোদি পুনরায় প্রধানমন্ত্রীর মসনদে আসীন হইবেন। সেই প্রত্যাশা নিয়েই তাহারা  পরোক্ষে নানা সহযোগিতা করিয়াছিলেন। যদিও তাহা মুখ করিয়া সরাসরি বলিবার উপায় ছিল না। কিন্তু যেইমাত্র প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি পুনরায় প্রধানমন্ত্রীর আসনে আসীন হইবার বিষয়টি পরিষ্কার হইয়া গেছে তখন ওই শেয়ার বাজার চাঙ্গা হইতে শুরু করিয়াছে। রবিবার প্রধানমন্ত্রী হিসেবে পুনরায় শপথ গ্রহণ করিবেন নরেন্দ্র মোদি। ইতিমধ্যেই রাষ্ট্রপতি ভবনে গিয়া তাহারা দাবি পেশ করিয়াছেন। স্বাভাবিকভাবেই বিষয়টা স্পষ্ট হইয়া গিয়াছে। ইন্ডিয়া জোট এখনো পর্যন্ত  সরকার গঠন করিবার মতো কোনো শক্তি সঞ্চয় করিতে পারে নাই। স্বাভাবিক  কারণেই তাহাদের আশায় জল ডালিয়া নরেন্দ্র মোদির তৃতীয়  বারের মতো প্রধানমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করিতেছেন। আর তাহাতে দেশজরিয়া ব্যবসা-বাণিজ্য এবং শেয়ার বাজার চাঙ্গা হইতে শুরু করিয়াছে।

তৃতীয়বার প্রধানমন্ত্রী হইতে চলিয়াছেন নরেন্দ্র দামোদর দাস মোদি। বিজেপি ম্যাজিক ফিগার না ছুঁইলেও এনডিএ জোট মজবুত। এই প্রেক্ষাপটে রীতিমতো জোয়ার আসিয়াছে শেয়ার বাজারে। একলাফে সেনসেক্স বাড়িয়াছে প্রায় এক হাজার ৬০০ পয়েন্ট।     শুক্রবার বাজার খুলিতেই আশার আলো দেখিতে পান লগ্নিকারীরা। শুরু থেকেই সূচক ছিল ঊর্ধমুখী। সেনসেক্স ও নিফটি খোশমেজাজ যে অনেকটাই রাজনৈতিক সমীকরণের উপর দাঁড়াইয়া  তাহা একবাক্যে মানিয়া নিয়াছেন বাজার বিশ্লেষকরা। এদিন তৃতীয়বার এনডিএ সরকার আসা নিশ্চিত হইলে কার্যত জোয়ার আসে শেয়ার বাজারে। ১ হাজার ৬১৮ পয়েন্ট বাড়িয়া সেনসেক্স দাঁড়ায় ৭৬ হাজার ৬৯৩ পয়েন্টে। নিফটির উত্থান ছিল ৪৬৮ পয়েন্ট। বেলাশেষে ২৩ হাজার ২৯০ পয়েন্টে থামে সূচক।মঙ্গলবার লোকসভা নির্বাচনের ফল ঘোষণা শুরু হইতেই বড়সড় ধস নামে শেয়ার বাজারে। তখনই মাথায় হাত পড়ে লগ্নিকারীদের। কিন্তু বুধবার সকালের পর থেকে পরিস্থিতির কিছুটা উন্নতি ঘটে। কারণ ততক্ষণে পরিষ্কার হয়ে গিয়েছিল সংখ্যাগরিষ্ঠতা না পাইলেও ফের সরকার গঠন করছে বিজেপি। জোট শরিকদের সঙ্গে নিয়ে তৃতীয়বার প্রধানমন্ত্রী হচ্ছেন নরেন্দ্র মোদি। এর পরই বাড়িতে শুরু করে সূচক। ঘুরে দাঁড়ায় শেয়ার বাজার।

## কার্তিক আরিয়ানের সাথে দেখা করানোর নামে ৮২ লক্ষ টাকা প্রতারণার শিকার মহিলা

মুম্বই, ৭ জুন (হি.স.) : অভিনেতা কার্তিক আরিয়ানের সঙ্গে দেখা করার নামে এক মহিলাকে ৮২ লক্ষ টাকা প্রতারণার ঘটনা প্রকাশ্যে এসেছে। নির্যাতিতা মহিলা এক যুবকের নামে পুলিশে অভিযোগ দায়ের করেছেন। পুলিশের কাছে দেওয়া অভিযোগে প্রতারিত মহিলা ঐশ্বর্য শর্মা জানিয়েছেন, তিনি অভিনেতা কার্তিক আরিয়ানকে নিয়ে 'লাভ ইন লন্ডন' নামে একটি ছবি করতে চেয়েছিলেন। এদিকে কার্তিকের সঙ্গে যোগাযোগ করতে ঐশ্বর্য যোগাযোগ করেন কৃষ্ণ কুমার রাম বিলাস নামের ব্যাক্তির সঙ্গে। অভিযুক্তরা বৈঠকের ব্যবস্থা করিয়ে দেওয়ার অজুহাতে মহিলার কাছ থেকে ৮২ লক্ষ টাকা আদায় করে এবং পরে সে উধাও হয়ে যায়। অভিযুক্ত কৃষ্ণ কুমার, রাম বিলাসের বিরুদ্ধে পুলিশে অভিযোগ দায়ের করেছেন ঐশ্বর্য। পুলিশের তরফে জানানো হয়েছে, কৃষ্ণর বিরুদ্ধে একই ধরনের অনেক অপরাধ নথিভুক্ত রয়েছে। কৃষ্ণ কুমার নিজেকে অভিনেতা এবং প্রযোজকদের মধ্যে এজেন্ট বলে দাবি করেন। কৃষ্ণ কুমারের বিরুদ্ধে শুধু মুম্বই নয়, দিল্লি ও চেন্নাইতেও এই ধরনের মামলা রয়েছে। পুলিশ তাকে খুঁজছে।

## গুজব খারিজ করলেন অধীর, শনিবারই দিল্লি যাচ্ছেন প্রদেশ কংগ্রেস সভাপতি

মুর্শিদাবাদ, ৭ জুন (হি.স.) : পঁচিশ বছরের সাংসদ অধীর চৌধুরী ভোটের ময়দানে নবীন তৃণমূলের ইউসুফ পাঠানের কাছে পরাজিত হয়েছেন। কী করে এমন হল, তা নিয়ে এখনও জল্পনা চলছে। চলছে নানা ধরনের গুঞ্জনও। এই পরিস্থিতিতে শুক্রবার অধীর জানালেন, 'মল্লিকার্জুন খাড়গে আমাকে ডেকেছেন, আমি আগামীকাল কংগ্রেসের কার্যনির্বাহী বৈঠকে যাচ্ছি।

মুর্শিদাবাদে সাংবাদিকদের মুখোমুখি অধীর বলেছেন, 'দিল্লির লোকজন গুজব ছড়াচ্ছে যে, আমি দল থেকে দূরে সরে যাচ্ছি। কিন্তু দলের সমস্ত নেতা আমাকে ডেকেছেন এবং আমি আগামীকাল দিল্লির মিটিংয়ে যাচ্ছি, যদি কেউ আমার সঙ্গে দেখা করতে চায় তাঁরা আসতে পারে।' প্রসঙ্গত, এবারে বহরমপুরে নির্বিঘ্নে ভোট হয়েছে। যা দেখে অধীর যেমন ভোটের পরে বলেছিলেন, তিনি জয়ী হবেন। তেমনই তাঁর দলের নেতাকর্মীরাও ভেবেছিলেন জয়ী হবেন। কিন্তু দীর্ঘ দিনের পোড় খাওয়া রাজনীতিবিদ অধীর কেন তাঁর গড় রক্ষা করতে পারলেন না, তা নিয়ে নানা প্রশ্ন উঠছে।

## ভিড়ের জেরে চলন্ত লোকাল থেকে ছিটকে পড়ে মৃত্যু যুবকের

কলকাতা, ৭ জুন (হি. স.) : শুক্রবার ভিড়ের চাপে ট্রেন থেকে পড়ে মৃত্যু হল এক যুবকের। শিয়ালদহে প্লাটফর্ম বন্ধ থাকার কারণে যে প্রবল দুর্ভোগের মুখে পড়েছেন যাত্রীরা, তার মধ্যেই এই মৃত্যুর ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে যাত্রীদের মধ্যে। এদিন সকালে শিয়ালদহ মেন শাখায় টিটাগড় ও খড়দহ স্টেশনের মাঝে ভিড়ের চাপে ট্রেন থেকে পড়ে যান মহম্মদ আলি হাসান আনসারি নামে এক যুবক। প্রত্যক্ষদর্শীদের দাবি, গেটের কাছে ঝুলন্ত অবস্থায় ছিলেন ওই যুবক। আপ লাইনের ট্রেনটি যখন স্টেশনে ঢুকছে, তখনই পড়ে যান তিনি। ২২ বছরের ওই যুবককে হাসপাতালে নিয়ে যাওয়া হলে সেখানেই তাঁর মৃত্যু হয়। জানা গেছে, মৃত যুবক টিটাগড় ১০ নম্বর ওয়ার্ডের পুরানিবাজার এলাকার বাসিন্দা।

উল্লেখ্য, শুক্রবার থেকে রবিবার পর্যন্ত শিয়ালদহ স্টেশনের ৫টি প্ল্যাটফর্ম বন্ধ রাখার কথা বলা হয়েছে রেলের তরফে। শিয়ালদহের বদলে কিছু ট্রেন চলছে দমদম থেকে। এছাড়া প্রায় ১০০-র কাছাকাছি লোকাল ট্রেন বাতিল হয়েছে। ফলে যেসব ট্রেন চলছে, সেগুলিতে প্রবল ভিড়। আর সেই ভিড়ের চাপেই এই ঘটনা ঘটেছে বলে জানাচ্ছেন প্রত্যক্ষদর্শীরা।

# মেন্ডেলিভের পর্যায় সারণি

উচ্ছ্বাস তৌসিফ

**গত সংখ্যার পর।।** কিন্তু সেই কোর্স নিয়েও তিনি ঠিক তৃপ্তি পেলেন না। কোয়ান্টাম বলবিদ্যার ওপরে সরাসরি কোনো কোর্স ছিল না। কাজেই টি. এ. ওয়েল্টন নামের আরেক শিক্ষার্থীর সঙ্গে মিলে এ নিয়ে পড়াশোনা শুরু করলেন তিনি। তখন ১৯৩৬ সাল। সে বছর গ্রীষ্মের ছুটিতে তাঁদের মধ্যকার চিঠিগুলো থেকে জানা যায়, নিজেরা মিলে স্থান-কালের এমন একটা রূপ তাঁরা বিকশিত করতে চাচ্ছিলেন, যেখানে 'মহাকর্ষ যেমন স্থানের সঙ্গে যুক্ত একটা ঘটনা, বৈদ্যুতিক বলকেও তেমনি স্থানের সঙ্গে যুক্ত একটি ঘটনা হিসেবে প্রকাশ করা যাবে।' বছরখানেক পরে ফাইনম্যান পল ডিরাকের লেখা দ্য প্রিন্সিপালস অব কোয়ান্টাম মেকানিকস বইটা পড়ে ফেললেন। বুঝতে চেষ্টা করছিলেন, ডিরাকের আইডিয়ার সঙ্গে তাঁর নিজস্ব ভাবনা কতটা মেলে বা আদৌ মেলে কি না। এভাবে ফাইনম্যানের জীবনে ডিরাক পরিণত হলেন আদর্শে। জেমস গ্লেইক লিখেছেন, এক জীবনে ডিরাকের চেয়ে বেশি সম্মান আর কোনো বৈজ্ঞানিককে তিনি দিয়েছেন বলে জানা যায় না।

এভাবে শেষ হলো অনার্স। চিন্তা করলেন, এবারে পিএইচডি করবেন। এমআইটিতে পড়াশোনা করে বেশ খুশি ছিলেন ফাইনম্যান। কাজেই পদার্থবিজ্ঞান বিভাগের প্রধান জন স্লেটারের কাছে আবেদন করলেন, এখানেই পিএইচডি করতে চান। স্লেটার উত্তরে জানালেন, ফাইনম্যানের নিজের ভালোর জন্যই এখানে না করে অন্য কোথাও পিএইচডি করা উচিত। এবং সে জন্য প্রিন্সটন বেশ ভালো হবে। ইহুদি ছিলেন বলে সামান্য সমস্যা হতেও পারত। প্রিন্সটনের পদার্থবিজ্ঞান বিভাগের প্রধান হ্যারি স্মিথ। স্লেটারকে লেখা এক চিঠিতে তিনি জানতেও চেয়েছিলেন, ফাইনম্যান ইহুদি কি না। তবে স্লেটার চিঠিতে ফাইনম্যানের বেশ প্রশংসা করলেন। ইতিহাস, সাহিত্য, কলা ইত্যাদি বিষয়ে রেজাল্ট ভালো না হলেও পদার্থবিজ্ঞানে তাঁর ফলাফল ছিল অসম্ভব ভালো। ফলে সুযোগ পেয়ে গেলেন প্রিন্সটনে। এখানে তাঁর পিএইচডি সুপারভাইজার হিসেবে ছিলেন বিজ্ঞানী জন হুইলার। কিন্তু হুইলারের সমস্যা নিয়ে মাথা ঘামিয়ে কোনোরকম কুলকিনারা না পেয়ে, আবারো নিজের আগের আইডিয়াগুলো নিয়ে ভাবতে শুরু করেন ফাইনম্যান। প্রিন্সটনে তিনি প্রথম যে সেমিনারে বক্তৃতা দেন, সেখানে দর্শকসারিতে আইনস্টাইন, পাউলির মতো বিজ্ঞানীরাও উপস্থিত ছিলেন। পাউলি তাঁর সব কথা শুনে বললেন, 'জিনিসটা ঠিক মনে হচ্ছে না। কী যেন একটা সমস্যা আছে' ফাইনম্যান পরে কাজ করতে গিয়ে বুঝলেন, আসলেই সমস্যা আছে। ফলে আরেকদিক থেকে নতুন করে এগোলেন তিনি। ম্যাক্সওয়েলের তড়িৎ-চৌম্বক তত্ত্বের তরঙ্গ মডেলটাকে অন্য আরেকটা মডেল দিয়ে বদলে দেওয়ার চেষ্টা করলেন। এই মডেলটা স্থান-কালের সঙ্গে কণাদের মিথস্ক্রিয়ার ওপরে ভিত্তি করে তৈরি। এই সময় ফাইনম্যানের ক্ষমতার সর্বোচ্চটুকু বোঝা গেল। পদার্থবিজ্ঞানের জগতে তোলপাড় ফেলে দিয়েছিলেন, বলা যায়। গ্লেইক লিখেছেন, 'তাত্ত্বিক পদার্থবিজ্ঞানের সমীকরণ নিয়ে কাজ করার ব্যাপারে ফাইনম্যানের যে দক্ষতা, সে রকম দক্ষতা আইনস্টাইন, ডিরাক বা লেভ লাউন্দাউয়ের মতো হাতেগোনা কয়েকজন ছাড়া আর কারো মধ্যে ছিল না।'

তাত্ত্বিক পদার্থবিজ্ঞানের সমীকরণ নিয়ে কাজ করার ব্যাপারে ফাইনম্যানের যে দক্ষতা, সে রকম দক্ষতা আইনস্টাইন, ডিরাক বা লেভ লাউন্দাউয়ের মতো হাতেগোনা কয়েকজন ছাড়া আর কারো মধ্যে ছিল না।

জেমস গ্লেইক, লেখক

থিসিস নিয়ে গবেষণার শেষ বর্ষে ছিলেন তিনি। ঠিক এ সময় এল ম্যানহাটান প্রকল্পে কাজ করার প্রস্তাব। প্রথমে একবাক্যে না করে দিয়েছিলেন। তাঁর ভাষায়, 'থিসিসের কাজে আবারো ফিরে গেলাম। তিন মিনিট এ নিয়ে ভাববার পরেই আমার চিন্তা অন্যদিকে ঘুরে গেল। হিটলারের নৃশংসতা ততদিনে পৃথিবী দেখে ফেলেছে। সে যদি আমাদের আগে পারমাণবিক বোমা বানিয়ে ফেলতে পারে, তাহলে কী হবে, সেটা ভাবতে গিয়ে আমার রক্ত হিম হয়ে গেল।' এভাবে ফাইনম্যান যোগ দিলেন ম্যানহাটান প্রজেক্টে। তাঁর মূল গবেষণার বিষয় ছিল, কীভাবে ইউরেনিয়াম-২৩৫ থেকে ইউরেনিয়াম-২৩৮-কে আলাদা করা যায়। ওদিকে হুইলার তখন শিকাগো চলে গেছেন। ফার্মির সঙ্গে মিলে পারমাণবিক রিঅ্যাক্টর বানানোর কাজ শুরু করেছেন। হুইলারের অনুপস্থিতিতে ফাইনম্যানের থিসিসের কাজে সাহায্য করতে এগিয়ে এলেন ইউজিন উইগনার। তিনি ফাইনম্যানকে বললেন থিসিস পেপারটা লিখে ফেলতে। পেপার লেখা শেষ হলে উইগনার নিজেই পেপারটা দেখে দিলেন। এর মাধ্যমে ১৯৪২ সালে রিচার্ড ফাইনম্যানের পিএইচডি ডিগ্রি সম্পন্ন হলো।

৩.

প্রেমিকা আরলিন গ্রিনবমের টিউবার্কিউলোসিস ধরা পড়ল এ সময়। যখন পরিবারের সমর্থন সবচেয়ে বেশি দরকার, তখন পরিবারের কাছ থেকে মানসিক সমর্থন পাননি একটুও। সবার অমতে, পিএইচডি ডিগ্রি পাওয়ার কিছুদিনের মধ্যেই আরলিনকে বিয়ে করেন ফাইনম্যান। এ সময়ে সেখানে তাঁর পরিবারের কেউ উপস্থিত ছিল না। ব্যক্তি ফাইনম্যান দৃঢ়তা বেশ ভালোভাবেই বোঝা যায় এ থেকে। ১৯৪৫ সালে পারমাণবিক বোমা প্রথমবারের মতো পরীক্ষা করে দেখার আগেই আরলিন মারা যান। ফাইনম্যান আবারো নিজের কাজ নিয়ে ব্যস্ত হয়ে পড়েন। কাজ বলতে, এ সময় তিনি কর্নেল বিশ্ববিদ্যালয়ে তাত্ত্বিক পদার্থবিজ্ঞানের শিক্ষক হিসেবে নিয়োগ পেয়েছিলেন। গবেষণা বাদ দিয়ে সেটা নিয়েই দিন কাটাতে থাকেন তিনি।

প্রায় বছর পাঁচেক শিক্ষকতা ছাড়া তেমন কোনো কাজ করেননি। তারপরেই আগের সেই তাড়নাটা ফিরে এল। গবেষণা করতে হবে। এ সময়, ১৯৫০ সালে, ক্যালিফোর্নিয়া ইরস্টিটিউট অব টেকনোলজি বা ক্যালটেকে পদার্থবিজ্ঞানের শিক্ষক হিসেবে যোগ দেওয়ার আমন্ত্রণ পেলেন। সেখানেই তিনি বাকি কর্মজীবন কাটিয়েছেন। এখানে থাকতেই একবার বিশ্ববিদ্যালয়ের প্রথম ও দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী, অর্থাৎ ফ্রেশম্যান ও সফোমরদের পদার্থবিজ্ঞান শেখানোর দায়িত্ব নেন তিনি। ঠিক করলেন, প্রচলিত ধারার লেকচার দেবেন না। অগ্রসর শিক্ষার্থীদের ধরে রাখার মতো করে সাজানো হলো লেকচারগুলো। অথচ শুরু থেকে যাঁরা শিখছেন, তাঁরাও অনায়াসে ঢুকে যেতে পারবেন বিষয়ের গভীরে। সেই লেকচারেরই লিখিত সংস্করণ হিসেবে পরে প্রকাশিত হয় দ্য ফাইনম্যান লেকচারস অব ফিজিকস। পদার্থবিজ্ঞানের শিক্ষার্থীমাত্রই জানেন এ বইয়ের গুরুত্ব।

এ সময় তিনি আবার কোয়ান্টাম বলবিদ্যা নিয়ে গবেষণা শুরু করেন। তাঁর মূল অবদানও এই কোয়ান্টাম বলবিদ্যাতেই। আরও ঠিক করে বললে, কোয়ান্টাম ইলেকট্রোডায়নামিকসে। নতুন একধরনের ডায়াগ্রামের সঙ্গে পরিচয় করিয়ে দিয়েছিলেন তিনি আমাদের। তাঁর নামে এই ডায়াগ্রামের নাম দেওয়া হয়েছে ফাইনম্যান ডায়াগ্রাম। সিস্টেম বা ব্যবস্থার সঙ্গে মিথস্ক্রিয়াশীল কণাদের আচরণ গাণিতিকভাবে ব্যাখ্যা করতে এই ডায়াগ্রাম ব্যবহার করা হয়।

৪.

কণাপদার্থবিজ্ঞানে আরও বেশ কিছু কাজ করেছেন তিনি। যেমন কণাদের স্পিন নিয়ে কাজ করেছেন। ''দ্য থিওরি অব পার্টন'স'' নামে একটা তত্ত্ব প্রস্তাব করেছিলেন ফাইনম্যান। এই মডেলটি হ্যাড্রন (প্রোটন, নিউট্রন ইত্যাদি) কণাদের নিয়ে কাজ করে। কণাপদার্থবিজ্ঞানের বর্তমান গবেষণাগুলোতে তাঁর এই মডেল দারুণ সহায়ক হিসেবে ভূমিকা রাখছে।

১৯৭৯ সালে তাঁর স্বাস্থ্যের অবনতি হয়। পাকস্থলিতে ক্যানসার ধরা পড়লে সেটার অপারেশন করান তিনি। সফল হয়েছিল অপারেশনটা। ততদিনে ফাইনম্যান রকস্টারের মতো জনপ্রিয় হয়ে উঠতে শুরু করেছেন। তাঁর পদার্থবিজ্ঞানের বক্তৃতা বা লেকচারগুলোর সংকলন বের হওয়ার পরে অবিশ্বাস্য পাঠকপ্রিয়তা অর্জন করে। তাঁর এ খ্যাতি পরিপূর্ণতা পায় স্পেস শাটল চ্যালেঞ্জার দুর্ঘটনার তদন্তের মাধ্যমে।

১৯৮৬ সালের ২৮ জানুয়ারি মার্কিন মহাকাশ গবেষণা সংস্থা নাসার স্পেস শাটল চ্যালেঞ্জারে একটা বড় দুর্ঘটনা ঘটে। উৎক্ষেপণের সঙ্গে সঙ্গে বিস্ফোরিত হয় নভোযানটি। এ নভোযানে ছিলেন সাত নভোচারী। তাঁদের সবাই মারা যান। এ ঘটনার তদন্তের জন্য যে কমিটি গঠন করা হয়, তাতে বিশেষজ্ঞ বিজ্ঞানী হিসেবে ছিলেন ফাইনম্যান। তবে সরকারি কাজ বলেই এতে তিনি উৎসাহী ছিলেন না। তার ওপরে ক্যানসারের সমস্যাটা তো ছিলই। কিন্তু মার্কিন প্রেসিডেন্ট রোনাল্ড রিগ্যানের অনুরোধ তিনি ফেলতে পারেননি। তবে শর্ত জুড়ে দিলেন, কমিটির সদস্যদের সঙ্গে তাঁর মত না মিললেও নিজের ব্যক্তিগত পর্যবেক্ষণ প্রকাশ করবেন তিনি। তা ছাড়া আমলাতান্ত্রিক জটিলতার জন্য এ ধরনের তদন্ত শেষ করে রিপোর্ট প্রকাশ করতে বছরের পর বছর লেগে যায়। ফাইনম্যানের আশঙ্কা ভুল ছিল না। ১৯৮৬ সালের ৯ জুন প্রথম প্রেসিডেন্টকে যে রিপোর্ট দেওয়া হয়, তাতে ফাইনম্যানের অভিযোগগুলো জায়গা পায়নি। পরে অবশ্য রিপোর্টে তাঁর অভিযোগগুলো অন্তর্ভুক্ত করা হয় 'অ্যাপেনডিক্স এফ'-এ।

রকেটের মোটর সেফটিতে যে রবারের ও-রিং ছিল, প্রচন্ড ঠান্ডায় সেই রবারের ইলাস্টিসিটি নষ্ট হয়ে গিয়েছিল। ফাইনম্যান সাংবাদিকদের সামনে একটুকরো রবার বরফ-পানিতে ডুবিয়ে দেখিয়েছিলেন, তাপমাত্রা ভীষণ কমে গেলে কীভাবে রবারের কার্যকারিতা কমে যায় এ সময় ফাইনম্যান নিজের রিপোর্টও প্রকাশ করেন। এ বিষয়টি নিয়ে অস্ট্রেলিয়ার আরএমআইটির শিক্ষক ও গবেষক প্রদীপ দেব এক লেখায় লিখেছেন, 'তিনি সংবাদ সম্মেলন করে ন্যাশনাল টেলিভিশনের ক্যামেরার সামনে ছোট্ট পরীক্ষার মাধ্যমে দেখিয়েছিলেন, কী ঘটেছিল আসলে। রকেটের মোটর সেফটিতে যে রবারের ও-রিং ছিল, প্রচন্ড ঠান্ডায় সেই রবারের ইলাস্টিসিটি নষ্ট হয়ে গিয়েছিল। ফাইনম্যান সাংবাদিকদের সামনে একটুকরো রবার বরফ-জলে ডুবিয়ে দেখিয়েছিলেন, তাপমাত্রা ভীষণ কমে গেলে কীভাবে রবারের কার্যকারিতা কমে যায়। ফাইনম্যান সেই ঘটনার পর যুক্তরাষ্ট্রের সাধারণ মানুষের কাছে ব্যাপক পরিচিতি পেয়েছিলেন।'

এ ঘটনার প্রায় দেড় বছর পর মারা যান রিচার্ড ফাইনম্যান। ১৯৮৮ সালের ১৫ ফেব্রুয়ারি, ৬৯ বছর বয়সে ক্যানসারে ভুগে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি। একজীবনে তিনি দারুণ সব স্বীকৃতি পেয়েছেন নিজের কাজের জন্য। নোবেল পুরস্কারের কথা তো আগেই বলেছি। এ ছাড়াও আমেরিকান ফিজিক্যাল সোসাইটি, ন্যাশনাল অ্যাকাডেমি অব সায়েন্স এবং রয়্যাল সোসাইটি অব লন্ডনের স্বীকৃতি উল্লেখযোগ্য।

তাঁর বিখ্যাত সব বইয়ের তালিকায় আছে দ্য ফাইনম্যান লেকচারস অন ফিজিকস, এর মধ্য থেকে বাছাইকৃত ছয়টি করে অধ্যায় নিয়ে প্রকাশিত সিক্স ইজি পিসেস ও সিক্স নট সো ইজি পিসেস, কোয়ান্টাম ইলেকট্রোডায়নামিকস, কিউইডি: দ্য স্ট্রেঞ্জ থিওরি অব লাইট অ্যান্ড ম্যাটার, মিনিং অব ইট অল ইত্যাদি।

৫.

এ লেখায় শুধু ভালো ভালো কথাই লেখা হলো। তবে ফাইনম্যান নিজের দোষত্রুটির ব্যাপারেও ছিলেন স্পষ্টবাদী। পদার্থবিদ্যার যেসব বিষয় বুঝতেন না, স্বীকার করে নিতেন সরাসরি। দ্বিচারিতা তাঁর মধ্যে ছিল না। একইরকম স্পষ্টভাবে, নিজের অনেক দোষত্রুটির কথা খোলাখুলি লিখেছেন তাঁর আত্মজীবনী শিউরলি ইউ আর জোকিং, মি. ফাইনম্যান বইতে।

এ সব দোষের কোনোটি নিয়ে আলাদা করে লিখতে চাই না। লেখার আলোচ্য বিষয় সীমাবদ্ধ থাকুক তাঁর কাজের মধ্যেই। তবু এটুকু বলতেই হয়, দোষে-গুণেই মানুষ। তবে মানুষ তাঁকে পদার্থবিদ এবং পদার্থবিজ্ঞানের শিক্ষক হিসেবেই মূলত মনে রেখেছে। পদার্থবিজ্ঞানের ইতিহাসে রিচার্ড ফাইনম্যান এক অমর নক্ষত্র। বিজ্ঞানের ইতিহাস তাঁকে মনে রাখবে যুগ যুগ ধরে। **সমাপ্ত**

# কাজী নজরুলসাম্য যাঁর জীবনের মূল সুর

দরিদ্র শ্রমজীবী মানুষের জীবন পাল্টে দেওয়ার এক গভীর প্রেষণা নজরুলকে তাড়িয়ে ফিরেছে সারাটা জীবন। যার প্রতিফলন ঘটেছে তাঁর কবিতায় ও জীবনাচরণে। প্রথম জীবনে লেখা সাম্যবাদী কবিতাগ্রন্থের অন্তর্ভুক্ত 'কুলি মজুর' কবিতায় তিনি লেখেন:

> 'দেখিনু সেদিন রেলে,
> কুলি বলে এক বাবু সাব তারে
> ঠেলে দিলে নীচে ফেলে!
> চোখ ফেটে এল জল,
> এমনি করে কি জগৎ জুড়িয়া মার
> খাবে দুর্বল?'

এ কবিতা আমাদের মর্মে আঘাত করে। কবির মতো আমাদের চোখও সিক্ত হয়। কিন্তু পরক্ষণেই আবার 'আসিতেছে শুভদিন' উচ্চারণ করে আমাদের মধ্যে আশার সঞ্চার করেন। একজন বিপ্লবীর মতো যুবক নজরুলও আমাদের স্বপ্নের কথা বলেন। বলেন, 'মহা-মানবের মহা-বেদনার মহা-উত্থানে' নিশ্চয়ই একদিন 'মিলনের বাঁশী' বাজবে।

'বিদ্রোহী' কবিতায় নজরুল খোদ ভগবানের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করেন। বিরাজমান অসাম্য, অবিচার, অন্যায় ও দারিদ্র্যের জন্য তিনি ভগবানের খেয়ালিপনাকে দায়ী করেন এবং তাঁর বক্ষ বিদীর্ণ করতে উদ্যত হন। দরিদ্র মানুষের প্রতি ভালোবাসা এবং এই অসাম্যজনিত দারিদ্র্যের অবসান ঘটানোর প্রেষণা কতটা গভীর হলে একজন কবির কবিতায় বিদ্রোহের এমন দামামা বাজে, বহুপ্রজন্ম পরে আজ এই একবিংশে সে কথা ভাবি আর শিহরিত হই। মুজাফফর আহমদের সঙ্গে নজরুলের পরিচয়, সখ্য ও বসবাস একটি বিশেষ ঘটনা, বাঙালির ইতিহাসেরই একটা গুরুত্বপূর্ণ অংশ। সাধারণ মানুষের প্রতি নজরুলের ভালোবাসা, দেশপ্রেম ইত্যাদি সাম্যবাদী চেতনায়, বিপ্লবী ধারায়, সর্বহারার রাজনীতিতে প্রবাহিত হয় মুজাফফর আহমদের সান্নিধ্যে এসেই। বাংলায় কমিউনিস্ট পার্টির প্রতিষ্ঠাতা কমরেড মুজাফফর আহমদ কাছে থেকে প্রত্যক্ষ করেছেন নজরুলের কবি হয়ে ওঠা, সাম্যবাদী হিসেবে বেড়ে ওঠা। কাজী নজরুল ইসলাম: স্মৃতিকথা শিরোনামে যে বই তিনি লিখেছেন, তার মধ্যে তাঁর অদেখা অতীত জীবনের অনেক ঘটনা উল্লেখ করেন।

ক্লাসে ছাত্রদের মধ্যে সব সময় প্রথম হওয়া সত্ত্বেও দশম শ্রেণিতে পড়া অবস্থায়ই তাঁর যুদ্ধে যাওয়ার ঘটনাকে, 'ম্যাট্রিকুলেশন পাসের চেয়ে দেশপ্রেমকেই উচ্ছাসন দিয়েছেন নজরুল' বলে মন্তব্য করছেন মুজাফফর আহমদ। 'একটি অসাম্প্রদায়িক সমাজ বিনির্মাণে যে কজন বাঙালি সারা জীবন নিরলস কাজ করে গেছেন, তাঁদের মধ্যে একেবারে শীর্ষস্থানীয় কাজী নজরুল ইসলাম'ঐতিহাসিক শুভ বসুর এ কথার সমর্থন মেলে কমরেড মুজাফফর আহমদ যখন বলেন, 'হিন্দু জমিদার কর্তৃক চালিত স্কুলে বেতন দিতে হতো না নজরুলকে। শুধু তা—ই নয়, তাঁর হোস্টেলের খরচ ও মাসে ৭ টাকা জোগান দেওয়ার ব্যবস্থাও করেন ওই হিন্দু জমিদারেরাই। সম্ভবত এভাবেই নজরুল সমাজে অসাম্প্রদায়িকতার প্রয়োজনীয়তা অনুভব করেন। এভাবেই অসাম্প্রদায়িকতার বীজও প্রোথিত হয় তাঁর মনের গভীরে।'

প্রথমত, সেনাবাহিনীর 'বেঙ্গলি ডবল কোম্পানিতে যোগদান করার যে ডাক নজরুলের কানে পৌঁছেছিল, সেটা তাঁর নিকটে ছিল দেশপ্রেমের আহ্বান।' আবার 'তিনি ফিরেও এসেছিলেন দেশপ্রেমে ভরপুর হয়ে।' এর আগে সিয়ারসোল রাজ হাইস্কুলের শিক্ষক, সন্ত্রাসবাদী বিপ্লবীদের পশ্চিম বঙ্গীয় দলে অর্থাৎ যুগান্তর দলের সঙ্গে যুক্ত নিবারণচন্দ্রের মতবাদের দিকে প্রবলভাবে আকৃষ্ট হন নজরুল, সম্ভবত ১৯১৭ সালের দিকে। এদিক থেকে বলা যায়, নজরুলের সাম্যবাদের দীক্ষাগুরু, তাঁর শিক্ষক নিবারণচন্দ্রই।

দেশপ্রেমে ভরপুর হয়ে ফিরে আসার প্রমাণ পাই আমরা যখন তাঁর সাহিত্য ও কর্মতৎপরতার দিকে তাকাই। নজরুল এতটা জনপ্রিয় কীভাবে হলেন, তা ব্যাখ্যা করতে গিয়ে মুজাফফর আহমদ লিখেছেন, 'তাঁর গান ও কবিতার আবৃত্তি শোনার জন্য চটকলের বাঙালি মজুরেরা তাঁকে ডেকেছে। পরে কৃষকদের ভেতরেও বক্তৃতা দিয়েছে। এভাবে তিনি পৌঁছেছেন জনগণের মধ্যে। এই জন্যই বাংলা দেশের কবিদের মধ্যে নজরুল সর্বাপেক্ষা জনপ্রিয় কবি হতে পেরেছিলেন। আজও কারখানার মজুরেরা তাঁর জন্মদিন পালন করেন।' ১৯২০ সালে মাত্র ২১ বছর বয়সে নবযুগ—এ 'ধর্মঘট' শিরোনামে যে লেখাটি তিনি লেখেন, তা থেকে বোঝা যায় মেহনতি মানুষের প্রতি তাঁর কতটা আকর্ষণ ছিল। তিনি লিখেছেন: 'চাষী সমস্ত বছর ধরিয়া হাড়ভাঙা মেহনত করিয়া মাথার ঘাম পায়ে ফেলিয়াও দু-বেলা পেট ভরিয়া মাড়-ভাত খাইতে পায় না,অথচ তাহারই ধান-চাল লইয়া মহাজনেরা পায়ের ওপর পা দিয়া বারো মাসে তেত্রিশ পার্বণ করিয়া নওয়াবি চালে দিন কাটাইয়া দেন। কয়লার খনির কুলিদিগকে আমরা স্বচক্ষে দেখিয়াছি, তাহাদের কেহ ত্রিশ—চল্লিশ বৎসরের বেশি বাঁচে নাকোম্পানি তাদের দৌলতে লক্ষ লক্ষ টাকা উপার্জন করিতেছে'

নজরুলের জীবন থেকে আরেকটি গুরুত্বপূর্ণ শিক্ষা হলো ব্যক্তিজীবনের আঘাত থেকে সমষ্টির জীবনে ফিরে আসা, খেটে খাওয়া মানুষের ভাগ্য ফেরানোর কাজে যোগ দেওয়া।

মুজাফফর আহমদের ভাষ্যমতে, 'আলী আকবর খান ও তাঁর ভাগিনি সৈয়দা খাতুনের (নজরুল যাঁর দিয়েছিলেন নার্গিস) দ্বারা আহত, প্রতারিত ও অপমানিত হয়ে কুমিল্লায় ফিরে এসে ছয় মাস প্রায় না লেখার পরে তাঁর কলম হতে আবার কবিতা বইতে লাগল ঠিক যেন পাগলা ঘোড়ার স্রোতের মতো। কিন্তু হতাশ প্রেমিকের কবিতা নয়,নতুন জীবনের গান, শিরদাঁড়া সোজা করে উঠে দাঁড়ানোর গান।' এই শিক্ষা আমরা রবীন্দ্রনাথ থেকেও পাইএমনকি প্রেমের উপন্যাসেও। শেষের কবিতার নায়ক বলছেন, 'আমার রয়েছে কর্ম, রয়েছে বিশ্বলোক, ফিরিবার পথ নাই।' রবীন্দ্রনাথ নিজে বিপ্লবী হতে পারেননি বা হতে চাননি। তবে তিনি একজন বিপ্লবীর আবির্ভাব কামনা করেছিলেন একান্তভাবে। তিনি এমন একজন বিপ্লবীর আবির্ভাব চেয়েছিলেন, যিনি ভারতের খোলনলচে পাল্টে দেবেন। একজন বিপ্লবীর জীবন কেমন হবে, কী রকম ত্যাগ স্বীকার করতে হবে তাঁকে, তা তিনি জানতেন। সে জন্যই সেই কাঙ্ক্ষিত বিপ্লবীকে তিনি সতর্ক করে দিয়েছিলেন কবিতায়, এভাবে:

> ঘরের মঙ্গলশঙ্খ নহে তোর তরে,
> নহে রে সন্ধ্যার দীপালোক,
> নহে প্রেয়সীর অশ্রু-চোখ।
> পথে পথে কন্টকের অভ্যর্থনা,
> পথে পথে গুপ্তসর্প গূঢ়ফণা।
> নিন্দা দিবে জয়শঙ্খনাদ
> এই তোর রুদ্রের প্রসাদ।

তবে কি রবীন্দ্রনাথ নজরুলের অপেক্ষায়ই ছিলেন? নজরুল তাঁর শেষ বক্তৃতায় রবীন্দ্রনাথকে উদ্ধৃত করে যখন বলেন, 'দ্যাখ উন্মাদ, তোর জীবনে শেলীর মত, কীটসের মত খুব বড় একটা ট্র্যাজেডী আছে, তুই প্রস্তুত হ', তখন তা-ই মনে হয়। ১৯৪১ সালের ৬ এপ্রিল মুসলিম ইনস্টিটিউট হলে 'বঙ্গীয় মুসলমান সাহিত্য সমিতির রজতজয়ন্তী উৎসব অনুষ্ঠানে, জীবনের শেষ বক্তৃতায়, যে মর্মস্পর্শী কথাগুলো উচ্চারণ করেন, তার মধ্যে আছে অভিমান, আছে জীবনদর্শন, 'পৃথিবীতে আগমনের' কারণ ও বিদ্রোহের কারণের ব্যাখ্যা। তিনি বলছেন, 'কেউ বলেন আমার বাণী যবন, কেউ বলেন কাফের। আমি বলি, ও দুটোর কোনোটাই নয়। আমি কেবলমাত্র হিন্দু-মুসলমানকে এক জায়গায় ধরে এনে হ্যান্ডশেক করাবার চেষ্টা করেছি; গালাগালিকে গলাগলিতে পরিণত করার চেষ্টা করেছি।'

বিদ্রোহের কারণ ব্যাখ্যা করতে গিয়ে নজরুল বলছেন, 'আমি বিদ্রোহ করেছি, বিদ্রোহের গান গেয়েছি অন্যায়ের বিরুদ্ধে, অত্যাচারের বিরুদ্ধে, যা মিথ্যা- কলুষিত- পুরাতন-পচা, সেই মিথ্যা সনাতনের বিরুদ্ধে। ধর্মের নামে ভণ্ডামি ও কুসংস্কারের বিরুদ্ধে।'এরপর সীমাহীন অভিমান নিয়ে নিচের কথাগুলো নজরুল যখন উচ্চারণ করেন, তখন আমরা অশ্রুসিক্ত হই: 'যদি আর বাঁশী না বাজে,বিশ্বাস করুন, আমি কবি হতে আসিনি। আমি নেতা হতে আসিনি। আমি প্রেম দিতে এসেছিলাম, প্রেম পেতে এসেছিলাম। সে প্রেম পেলাম না বলে আমি এই প্রেমহীন নীরস পৃথিবী হতে নীরব অভিমানে চিরদিনের জন্য বিদায় নিলাম।' বক্তৃতা শেষের কবিতাটাই যে কবির শেষজীবনের গান হয়ে উঠবে, তা কে জানত! 'তোমাদের পানে চাহিয়া বন্ধু আর আমি জাগিব না, কোলাহল করে সারা দিনমান কারো ধ্যান ভাঙিব না। নিশ্চল নিশ্চুপ আপনার মনে পুড়িব একাকী গন্ধবিধুর ধূপ।

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।

# আসন্ন ভারী বর্ষার জন্য নিজেদের প্রস্তুত করেছে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে




মালিগাঁও, ০৭ জুন, ২০২৪: ট্রেনের অবিরতভাবে পরিচালন এবং বাধাহীন পরিষেবা নিশ্চিত করতে বিশেষত বর্ষাকালে নিজেদের যাত্রীদের সুগম ভ্রমণ প্রদানের জন্য প্রতিশ্রুতিবদ্ধ উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে। স্থায়ী প্রচেষ্টা ও পরিকাঠামোর আপগ্রেডেশনের জন্য বিগত কয়েক বছরে বর্ষার সময় ট্রেন পরিচালনায় সুবিধা হয়েছে। এর ফলে প্রচুর বৃষ্টিপাত সত্ত্বেও ন্যূনতম বাধা সহ প্রত্যেকটি ডিভিশনে মসৃণ ও স্বাভাবিকভাবে ট্রেন পরিচালনা করার ক্ষেত্রে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের সাহায্য হয়েছে। এক্ষেত্রে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের পক্ষ থেকে সিভিল, মেকানিক্যাল, সিগনালিং, ইলেক্ট্রিক্যাল সম্পদ ও সরঞ্জাম ইত্যাদির উপযুক্ত সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণের পাশাপাশি মিশন মোডে বর্ষাকালের জন্য বেশ কয়েকটি প্রস্তুতিমূলক কাজ গ্রহণ করা হয়েছে। উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের অধিক্ষেত্রের অন্তর্গত পশ্চিমবঙ্গ, বিহার ও উত্তর পূর্বাঞ্চলীয় রাজ্যগুলির বিভিন্ন অংশে ছড়িয়ে থাকা সমগ্র উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের অধিক্ষেত্রের অধীনে বিস্তৃত ৬৪০০ কিলোমিটারেরও বেশি রেলওয়ে ট্র্যাকে বিগত কয়েক মাস ধরে বর্ষাকালের সাথে মোকাবিলা করার জন্য উপকরণ আনা-নেওয়া করা হচ্ছে।

এই রেলপথে বর্ষাকাল বিশাল এক প্রত্যাহ্বান। প্রতি বছর প্রায় ৭০০০ এমএম প্রবল বৃষ্টিপাত হওয়া তথা নিম্ন হিমালয়ান রেঞ্জের পাদদেশের কাছে জটিল ভূখণ্ডের মধ্যে অবস্থিত অঞ্চলে এই রেলওয়ে পরিষেবা দিয়ে চলেছে। দক্ষিণ-পশ্চিম বর্ষার স্বাভাবিক সময় হলো প্রত্যেক বছর মে মাসের মাঝামাঝি সময় থেকে অক্টোবর মাসের মাঝামাঝি সময় পর্যন্ত, অন্যদিকে লামডিং ডিভিশনে এপ্রিলের মাঝামাঝি সময় থেকে শুরু হয় বর্ষা। প্রচণ্ড বৃষ্টিপাত ও ভূমি ধসের জন্য বাঁধ খণ্ড বিখণ্ড হওয়া, ব্রিজের উপর দিয়ে জলের প্রবাহ বয়ে যাওয়া ইত্যাদি ঘটনা প্রায়ই ঘটে। ট্র্যাকের সুরক্ষিত ও ভালো অবস্থা নিশ্চিত করতে একটি বিস্তারিত কৌশল গ্রহণ করা হয়েছে, যাতে যাত্রীদের নিরাপত্তা নিয়ে কোনও আপোস না করা হয়।

এই জন্য, রেলওয়ে ট্র্যাকের নিরাপত্তার লক্ষ্যে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের পক্ষ থেকে একটি বিস্তারিত কৌশল প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতির অংশ হিসেবে স্পর্শকাতর স্থানগুলিতে বিভিন্ন উপকরণের বর্ষাকালীন সংগ্রহের পূর্বে নিষ্কাশন ব্যবস্থা পরিষ্কার করা, ব্রিজের ওয়াটার ওয়ের পরিষ্কার করা, ব্রিজে বিপদস্তর চিহ্নিত করা ইত্যাদি সম্পূর্ণ করা হয়েছে। সমস্ত ধরনের প্রতিরোধী ব্যবস্থা গ্রহণ করার পরও উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে নিজের অধিক্ষেত্রের অধীনে বৃষ্টিপাতের ফলে কোনও ধরনের বিপদজনক পরিস্থিতি যাতে না ঘটে তার জন্য ৬৪০০ কিমি-এরও অধিক ট্র্যাক ক্রমাগত পরিদর্শনের জন্য পেট্রোলিং টিম নিয়োজিত করা হয়েছে। এই টিমটি আবহাওয়া দপ্তরের জারি করা বৃষ্টিপাতের সতর্কতার উপর ভিত্তি করে টহলদারি করে। টহলদারি করার জন্য নিয়োজিত কর্মীরা জিপিএস ট্র্যাকার, লুমিনাস জ্যাকেট, রেনকোট ও পৃথক ওয়াটারপ্রুফ ট্রাউজার, সুরক্ষামূলক হেলমেট, সুরক্ষামূলক জুতো, শক্তিশালী সার্চ/ফ্ল্যাসলাইট ইত্যাদির মতো সর্বশেষ ও অত্যাধুনিক সরঞ্জাম দিয়ে সজ্জিত। এই টিমিট দিনরাত চব্বিশঘণ্টা ট্র্যাকে টহলদারি করে। ট্রেনের স্বাভাবিক চলাচলে ব্যাঘাত সৃষ্টি করে এমন যে কোনও পরিস্থিতি সম্পর্কে নিকটতম স্টেশনে যাতে খবর দেওয়া যায় তার জন্য প্রত্যেকটি টহলদারি দলের জন্য মোবাইল ফোনের ব্যবস্থা করা হয়েছে। টহলের পাশাপাশি ভূমিধস প্রবণ অঞ্চল, বিপদসীমার উপর দিয়ে জল প্রবাহিত হওয়া ব্রিজ ইত্যাদিতে অনড় ওয়াচম্যানও নিয়োগ করা হয়েছে।

সতর্কতা সত্ত্বেও বিভিন্ন সময়ে ব্রিজ ভেসে যায়, বাঁধ ভেঙে যায় ও ভূমিধসের ঘটনা ঘটে। এই ধরনের পরিস্থিতির সম্মুখীন হতে এবং সম্ভাব্য ন্যূনতম সময়ের মধ্যে পুনরুদ্ধার করতে বোল্ডার, বালু, বালুর বস্তা, ব্রিজ ইত্যাদির বিভিন্ন প্রি-ফেব্রিকেটেড উপাদান ওয়াগনে লোড করা হয়েছে এবং কৌশলগত স্থানগুলিতে সেগুলি রাখা হয়েছে। এছাড়াও, প্রায় ৩০৯৯০৯ কিউবিক মিটার বোল্ডার, ১৭৪২৬ কিউবিক মিটার কোয়ারি ডাস্ট, ২২০০০ কিউবিক মিটার সিল্ট, ৪৫০০০ টি বালু ভর্তি ব্যাগ এবং ২৮৯৮০০টি ও খালি সিমেন্টের ব্যাগ বর্ষাকালীন সংরক্ষিত করে রাখা হয়েছে।

যে কোনও ধরনের আবহাওয়ায় সংযোগ ব্যবস্থা ও আমাদের সম্মানীয় যাত্রীদের নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের পক্ষ থেকে ক্রমাগতভাবে পর্যবেক্ষণ করা হচ্ছে এবং বাধাহীন ভ্রমণ বজায় রাখতে সমস্ত প্রচেষ্টা গ্রহণ করা হয়েছে।

# নতমস্তকে সংবিধানকে নমন মোদীর, এনডিএ সংসদীয় দলের বৈঠকের সূচনা

নয়াদিল্লি, ৭ জুন (হি.স.): কেন্দ্রে নতুন সরকার গঠনের তৎপরতার মধ্যেই শুক্রবার এনডিএ-র নবনির্বাচিত সাংসদরা বৈঠকে বসলেন। শুক্রবার দুপুরে সংবিধান সদন (পুরানো সংসদ)-এর সেন্ট্রাল হলে শুরু হয় এনডিএ সংসদীয় দলের বৈঠক। বৈঠকের শুরুতেই সংবিধানকে নতমস্তকে নমন করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এনডিএ-র সংসদীয় দলের বৈঠকের শুধুতে নবনির্বাচিত সাংসদ, মুখ্যমন্ত্রী এবং এনডিএ-র অন্যান্য নেতারা ""'মোদী-মোদী""' স্লোগান দিতে থাকেন। সেই সময় উঠে দাঁড়িয়ে সবাইকে হাত জোড় করেন প্রণাম করেন মোদী।

এই বৈঠকে মোদীর পাশেই বসেছিলেন টিডিপি প্রধান এন চন্দ্রবাবু নাইডু এবং বিহারের মুখ্যমন্ত্রী নীতীশ কুমার। তাঁদের সঙ্গে বেশ কিছু সময় কথা বলতেও দেখা যায় মোদীকে।

মোদীর সঙ্গেই একই সারিতে বসেছিলেন জেডিএস-এর এইচ ডি কুমারস্বামী, জনসেনার প্রধান পবন কল্যাণ, হিন্দুস্তানি আওয়াম মোর্চার জিতেন রাম মাঁঝি প্রমুখ। বৈঠকের শুরুতে বক্তব্য রাখেন বিজেপির সর্বভারতীয় সভাপতি জে পি নাড্ডা। তিনি বলেন, 'আমরা প্রধানমন্ত্রীকে আন্তরিক অভিনন্দন জানাই, যিনি প্রতিটি মুহূর্ত দেশের সেবায় নিয়োজিত করেছেন। এই কারণেই ভারত এখন ইতিহাস তৈরি করছে এবং এনডিএ সংখ্যাগরিষ্ঠতা নিয়ে টানা তৃতীয়বারের মতো সরকার গঠন করছে।'

বক্তব্য রাখেন রাজনাথ সিংও। প্রতিরক্ষা মন্ত্রী বলেন, 'আমি সমস্ত নবনির্বাচিত সাংসদদের অভিনন্দন জানাচ্ছি। এখন আমরা এখানে এনডিএ নেতা নির্বাচন করতে এসেছি।

আমি বিশ্বাস করি, এই সমস্ত পদের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নাম সবচেয়ে উপযুক্ত।' বিজেপি সংসদীয় দলের নেতা, এনডিএ সংসদীয় দলের নেতা এবং লোকসভার নেতা হিসেবে নরেন্দ্র মোদীর নাম প্রস্তাব করেছেন রাজনাথ সিং।

এরপর বক্তব্য রাখেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, তিনি বলেন, 'আমি আবারও লোকসভা নির্বাচনে জয়ী হওয়ার জন্য সবাইকে অভিনন্দন জানাই। প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং লোকসভার নেতা, বিজেপি ও এনডিএ সংসদীয় দলের নেতা হিসেবে নরেন্দ্র মোদীর নাম প্রস্তাব করেছেন। আমি তা সর্বান্তকরণে সমর্থন করি।'

## ১০ বছর পরে নরেন্দ্র মোদীর নেতৃত্বে ভারত বদলেছে, মন্তব্য নাড্ডার

নয়াদিল্লি, ৭ জুন (হি. স.) : শুক্রবার দিল্লিতে সংসদ ভবনে এনডিএ সদস্যদের সঙ্গে বৈঠক করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সঙ্গে ছিলেন বিজেপির সর্বভারতীয় সভাপতি জেপি নাড্ডা, টিডিপি প্রধান চন্দ্রবাবু নাইডু এবং বিহারের মুখ্যমন্ত্রী নীতীশ কুমার। এদিনের বৈঠকের মাধ্যমে বিরোধীদের স্পষ্ট ইঙ্গিত দেওয়া হয় তৃতীয়বারের জন্য সরকার তাঁরাই তৈরি করবেন। প্রধানমন্ত্রী কক্ষে প্রবেশ করার পর সকলে মোদী-মোদী স্লোগান দেন। এদিন বিজেপির সর্বভারতীয় সভাপতি জেপি নাড্ডা বলেন, ১০ বছর আগে ভারত উদাসী ছিল। সকলে তখন মনে করতো এই দেশে কোনও কিছু পরিবর্তনই হবে না। ১০ বছর আগে সকলে ভাবতো ভারতে কোনও উন্নয়ন হবে না, কিন্তু এখন মোদী সরকার আসার পর সব বদেলেছে, এই ১০ বছরে মোদীজির নেতৃত্বে ভারত বদলেছে। এখন বিকশিত ভারতের সংকল্প নিয়ে আমরা এগোচ্ছি।

## মোদীর পাশে আছি; আমরা সবাই একসঙ্গে কাজ করব, জানিয়ে দিলেন নীতীশ

নয়াদিল্লি, ৭ জুন (হি.স.): 'মোদীর পাশে আছি...আমরা সবাই একসঙ্গে কাজ করব', শুক্রবার এনডিএ সংসদীয় দলের বৈঠকে এই মন্তব্য করলেন বিহারের মুখ্যমন্ত্রী তথা জেডিইউ প্রধান নীতীশ কুমার। তিনি বলেছেন, 'বিহারের সমস্ত আটকে থাকা কাজ করা হবে। এটা খুবই ভালো ব্যাপার যে আমরা সবাই একত্রিত হয়েছি এবং আমরা সবাই আপনার (প্রধানমন্ত্রী মোদী) সঙ্গে একসাথে কাজ করব।'

নীতীশ কুমার আরও বলেছেন, 'আপনি রবিবার প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেবেন, কিন্তু আমি চেয়েছিলাম আপনি আজই শপথ নেবেন। আপনি যখনই শপথ নেবেন, আমরা আপনার সাথে থাকব... আপনার নেতৃত্বে আমরা সবাই একসঙ্গে কাজ করব।' মোদীর প্রশংসা করে নীতীশ কুমার বলেছেন, 'এদিকে-ওদিকে যাঁরা এবার জিতেছে না, তাঁরা পরের বার নিশ্চয়ই হারবে। আমার সম্পূর্ণ বিশ্বাস রয়েছে।'

## কে কবিতার বিরুদ্ধে চার্জশিট পেশ করলো সিবিআই

নয়াদিল্লি, ৭ জুন (হি. স.): আবগারি দুর্নীতি মামলায় চার্জশিট পেশ করা হল কে কবিতার বিরুদ্ধে। বিআরএস নেত্রী কে কবিতার বিরুদ্ধে আবগারি দুর্নীতি মামলায় শুক্রবার চার্জশিট পেশ করে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা সিবিআই। কবিতার জামিন কবে হবে, সে বিষয়ে এখনও কিছু জানা যায়নি। প্রসঙ্গত, আবগারি দুর্নীতি মামলায় নাম জড়ায় দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালেরও। কিন্তু আবগারি দুর্নীতি মামলায় কেজরিওয়াল ২১ দিনের জন্য অন্তবর্তী জামিন পেলেও, কে কবিতা এখনও বের হতে পারেননি কারাগারের বাইরে।

# শরিকি সমর্থন পেয়ে গেলেন নরেন্দ্র মোদী, সংসদীয় নেতা বেছে নিল এনডিএ

নয়াদিল্লি, ৭ জুন (হি.স.): তৃতীয়বারের জন্য দেশের প্রধানমন্ত্রীর কুর্সিতে বসতে চলেছেন নরেন্দ্র মোদী। শরিকি সমর্থন পেয়ে গেলেন তিনি, মোদীকেই সংসদীয় নেতা হিসেবে বেছে নিল এনডিএ। বিজেপি সংসদীয় দলের নেতা, এনডিএ সংসদীয় দলের নেতা এবং লোকসভার নেতা হিসেবে নরেন্দ্র মোদীর নাম প্রস্তাব করেন প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং। এরপর বক্তব্য রাখেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, তিনি বলেন, 'আমি আবারও লোকসভা নির্বাচনে জয়ী হওয়ার জন্য সবাইকে অভিনন্দন জানাই। প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং লোকসভার নেতা, বিজেপি ও এনডিএ সংসদীয় দলের নেতা হিসেবে নরেন্দ্র মোদীর নাম প্রস্তাব করেছেন। আমি তা সর্বান্তকরণে সমর্থন করি।' এই প্রস্তাব সমর্থন করেন নীতিন গড়করিও।

এরপর টিডিপি প্রধান এন চন্দ্রবাবু নাইডু দেশের প্রধানমন্ত্রী হিসেবে নরেন্দ্র মোদীর নাম প্রস্তাব করেছেন। এনডিএ সংসদীয় দলের বৈঠকে বিহারের মুখ্যমন্ত্রী ও জেডি(ইউ) প্রধান নীতিশ কুমারও লোকসভার নেতা, বিজেপি এবং এনডিএ সংসদীয় দলের নেতা হিসেবে মোদীর নামকরণের প্রস্তাবকে সমর্থন করেন। মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী ও শিবসেনা প্রধান একনাথ শিন্ডেও এনডিএ সংসদীয় দলের নেতা হিসাবে নরেন্দ্র মোদীর নামকরণের প্রস্তাবকে সমর্থন করেছেন।

# জলপাইগুড়িতে হাতির আক্রমণে ক্ষতিগ্রস্ত দুটি বাড়ি

জলপাইগুড়ি, ৭ জুন (হি.স.) : বন থেকে বেরিয়ে আসা একটি হাতি একটি আবাসিক এলাকায় আক্রমণ করে, যার কারণে দুটি বাড়ি সম্পূর্ণরূপে ক্ষতিগ্রস্ত হয়। সেই সঙ্গে হাতিটি একটি বাড়ির সীমানা প্রাচীর ভেঙে মজুত ধান খেয়ে ফেলে। ঘটনাটি ঘটেছে মেটেলি ব্লকের মঙ্গলবাদি বস্তি এলাকায়।

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, বৃহস্পতিবার গভীর রাতে একটি হাতি জঙ্গল থেকে বেরিয়ে ওই এলাকায় আসে। তখন প্রবল বৃষ্টি হচ্ছিল। হাতিটি প্রথমে দীপক রাইয়ের রান্নাঘরে হামলা চালায়। এরপর সে জমানো ধান চেটে চলে যায়। এরপর স্থানীয় প্রমীলা দাসের বাড়িতে হামলা চালানো হয়। ঘটনার খবর পেয়ে খুনিয়া স্কোয়াডের বনকর্মীরা ঘটনাস্থলে পৌঁছায়। কিন্তু বন কর্মকর্তারা আসার আগেই হাতিটি সেখান থেকে চলে যায়। বনকর্মীদের টহল দেওয়ার পাশাপাশি রাস্তায় স্ট্রিট লাইট বসানোর দাবি জানিয়েছেন গ্রামবাসী। একই সঙ্গে বন বিভাগ জানিয়েছে, আবেদন করলে সরকারি নিয়ম অনুযায়ী ক্ষতিপূরণের আশ্বাস দেওয়া হবে।

## নরেন্দ্র মোদীর দূরদৃষ্টি ও উদ্যমতা রয়েছে, তাঁর সম্পাদনা অত্যন্ত নিখুঁত : চন্দ্রবাবু নাইডু

নয়াদিল্লি, ৭ জুন (হি.স.): নরেন্দ্র মোদীর ভূয়সী প্রশংসা করলেন তেলুগু দেশম পার্টি (টিডিপি)-র প্রধান এন চন্দ্রবাবু নাইডু। তাঁর মতে, নরেন্দ্র মোদীর দূরদৃষ্টি ও উদ্যমতা রয়েছে, তাঁর সম্পাদনাও অত্যন্ত নিখুঁত। শুক্রবার সংসদ ভবনের (পুরানো সংসদ) সেন্ট্রাল হলে এনডিএ সংসদীয় দলের বৈঠকে চন্দ্রবাবু নাইডু বলেছেন, 'নরেন্দ্র মোদী তাঁর সমস্ত নীতি সত্যিকারের চেতনার সঙ্গে চালাচ্ছেন।'

টিডিপি প্রধান এন চন্দ্রবাবু নাইডু আরও বলেছেন, 'এখন ভারতে সঠিক নেতা রয়েছে - তিনি হলেন নরেন্দ্র মোদী। এটি ভারতের জন্য একটি খুব ভাল সুযোগ, আপনারা যদি এখন মিস করেন, তাহলে আমরা চিরতরে মিস করব।' উল্লেখ্য, মোদীর নাম সংসদীয় নেতা হিসেবে প্রস্তাবে সমর্থন করেন চন্দ্রবাবু নাইডু।

## সবকা সাথ ও সবকা বিকাশই বিজেপির এজেন্ডা : কঙ্গনা রানাউত

নয়াদিল্লি, ৭ জুন (হি.স.): 'সবকা সাথ ও সবকা বিকাশই বিজেপির এজেন্ডা', জোর দিয়ে বললেন বিজেপি নেত্রী তথা অভিনেত্রী কঙ্গনা রানাউত। শুক্রবার এনডিএ সংসদীয় দলের বৈঠকে যোগ দিয়েছেন হিমাচল প্রদেশের মান্ডি আসনে জয়ী বিজেপি সাংসদ কঙ্গনা রানাউত।

সংসদ চত্বরে তাঁকে তৃতীয়বার মোদী সরকার প্রসঙ্গে প্রশ্ন করা হয়, সংক্ষিপ্ত উত্তরে কঙ্গনা রানাউত বলেছেন, 'সবকা সাথ ও সবকা বিকাশই বিজেপির এজেন্ডা। আর আমরা তা অনুসরণ করে চলব।'

# এনডিএ একটি জোট যা সর্বাগ্রে দেশের জন্য প্রতিশ্রুতিবদ্ধ : নরেন্দ্র মোদী

নয়াদিল্লি, ৭ জুন (হি.স.): এনডিএ একটি জোট যা সর্বাগ্রে দেশের জন্য প্রতিশ্রুতিবদ্ধ। বললেন এনডিএ সংসদীয় দলের নেতা তথা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। শুক্রবারই এনডিএ সংসদীয় দলের নেতা নির্বাচিত হয়েছেন মোদী। এরপর তিনি বলেছেন, 'আমি বলতে পারি, এনডিএ ভারতের রাজনৈতিক ব্যবস্থায় একটি জৈব জোট এবং অটল বিহারী বাজপেয়ী, প্রকাশ সিং বাদল, বালাসাহেব ঠাকরের মতো মহান নেতারা, যারা বীজ বপন করেছিলেন, এখন ভারতবাসী এনডিএ-র বিশ্বাসে জল দিয়েছে এবং সেই বীজকে ফলদায়ক করে তুলেছে।

আমাদের সকলেরই এমন মহান নেতাদের উত্তরাধিকার রয়েছে এবং আমরা তা নিয়ে গর্বিত।

গত ১০ বছরে আমরা একই উত্তরাধিকার, এনডিএ-র একই মূল্যবোধ নিয়ে এগিয়ে যাওয়ার এবং দেশকে এগিয়ে নেওয়ার চেষ্টা করেছি।'

মোদী বলেছেন, 'সরকার চালাতে সংখ্যাগরিষ্ঠতা প্রয়োজন। গণতন্ত্রে এটাই নীতি। কিন্তু দেশ পরিচালনার জন্য সার্বভৌমত্ব খুবই গুরুত্বপূর্ণ।

আমি দেশের জনগণকে আশ্বস্ত করছি, সরকার চালানোর জন্য তাঁরা আমাদের যে সংখ্যাগরিষ্ঠতা দিয়েছে, আমাদের প্রচেষ্টা থাকবে যে আমরা ঐক্যমত্যের দিকে সচেষ্ট হব এবং দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য কোনও খামতি রাখব না...এনডিএ প্রায় ৩ দশক পূর্ণ করেছে, এটি কোনও সাধারণ বিষয় নয়...আমি বলতে পারি এটাই সবচেয়ে সফল জোট।'

**AGAKTALA MUNICIPAL CORPORATION**
**O/O THE EXECUTIVE ENGINEER (ELECTRICAL)**
**DURGACHOUNDRANI**
**TRIPURA (WEST)**

**NOTICE INVITING TENDER NO-03/2024-25)**

Sealed Tender invited by the Executive Engineer (Electrical Demion Agartala Mun Corporation on sehall of The Honorable Mayor Agartala Municipal Corporation from the resourcetul Firs Agences supples and apolognate ties of Electrical Enlistment regnired wim PWDU TTAADC/ MES/CPWD/ Raway/TSECL Omer State PWD experienced in of jobs for for the following work

| Sl No. | Name of work | Estimated Cost<br>Earnest Money | Time for Completion | Last date of selling<br>Last date of receiving<br>(up to 3.00 PM) |
|---|---|---|---|---|
| 1 | Providing proper illumination of Mangalik Samajik Sangstha pond and park area by LED flod light in ward no-17 Under Agartala Municipal Corporation | Rs. 2,04,027.00<br>Rs. 4,081.00 | 10(Ten) Days | 18-06-2024<br>21-06-2024 |

Details of work in the form of Schedule of Work and general / special terms & condrions can be seen in the office of the undersigned on any viorking day in betaleen 10:00 AM to 5:00 PM up to 18-06-2024
Schedule of Work' will be supplied to intending fenderer from the office of the undersigned during woning hours up to 5:00 pm on 18-06-2024 on receipt of nonrefundable cost of **Rs1000.00 (Rupees One Thousand)** only for the work and on production of the following documentary proof of current validity (duly attested by any gazetted officer) and will be received up to 3.00 PM dated on 21-06-2024
a) G.S.T. Registration
b) PAN Card
c) Enlistment for Internal Electrificaion Works
d) Labour Registration Certificate
The Tenderer shall be equired to deposit earnest money @ 2% of estimated cost as indicated in the NIT in the shape inl Deinand draft or banker Cheque or deposit at call in favour of **EXECUTIVE ENGINEER (ELECTRICAL DIVISION), AMC** on any schedule ank payable at Agartala in a separata seaved envelope
The NIT will be received up to 3.00 pm dated on **21/06/2024** the O/O the Executive Engineer (Electrical Division) Agartala Municipal Corporation and shall be opened at 3:30 pm on the same day in presence of intending Tenderers or their authorized representatives: if possible. NO

**AGAKTALA MUNICIPAL CORPORATION**
**O/O THE EXECUTIVE ENGINEER (ELECTRICAL)**
**DURGACHOUNDRANI**
**TRIPURA (WEST)**

**NOTICE INVITING TENDER NO-04/2024-25)**

Sealed Tender invited by the Executive Engineer (Electrical Demion Agartala Mun Corporation on sehall of The Honorable Mayor Agartala Municipal Corporation from the resourcetul Firs Agences supples and apolognate ties of Electrical Enlistment regnired wim PWDU TTAADC/ MES/CPWD/ Raway/TSECL Omer State PWD experienced in of jobs for for the following work

| Sl No. | Name of work | Estimated Cost<br>Earnest Money | Time for Completion | Last date of selling<br>Last date of receiving<br>(up to 3.00 PM) |
|---|---|---|---|---|
| 1 | Providing Checking repairing and maintenance of 02(Two) Nos fountain at in front of Ujjayanta Palace 3-Step waterfalls and G. B Bazar Island fountain under Agartala Municipal Corporation | Rs. 2,,77,434.00<br>Rs. 5,540.00 | 10(Ten) Days | 18-06-2024<br>21-06-2024 |

Details of work in the form of Schedule of Work and general / special terms & condrions can be seen in the office of the undersigned on any viorking day in betaleen 10:00 AM to 5:00 PM up to 18-06-2024
Schedule of Work' will be supplied to intending fenderer from the office of the undersigned during woning hours up to 5:00 pm on 18-06-2024 on receipt of nonrefundable cost of **Rs1000.00 (Rupees One Thousand)** only for the work and on production of the following documentary proof of current validity (duly attested by any gazetted officer) and will be received up to 3.00 PM dated on 21-06-2024
a) G.S.T. Registration
b) PAN Card
c) Enlistment for Internal Electrificaion Works
d) Labour Registration Certificate
The Tenderer shall be equired to deposit earnest money @ 2% of estimated cost as indicated in the NIT in the shape inl Deinand draft or banker Cheque or deposit at call in favour of **EXECUTIVE ENGINEER (ELECTRICAL DIVISION), AMC** on any schedule ank payable at Agartala in a separata seaved envelope.
The NIT will be received up to 3.00 pm dated on **21/06/2024** the O/O the Executive Engineer (Electrical Division) Agartala Municipal Corporation and shall be opened at 3:30 pm on the same day in presence of intending Tenderers or their authorized representatives: if possible. NO

**PNIT No.: 02/EE/TLM/2024-25, Dated 07/06/2024.**

The Executive Engineer, Teliamura Division, PWD(R&B), Teliamura, Khowai, Tripura on behalf of the 'Governor of Tripura', invites online percentage rate e-tender for the following work:
1. Name of work: Improvement of road from T.A. road to Karbong Bari under Teliamura RD block (L-2.45 km) under RIDF XXIX of NABARD (Job No.TP/COM/194/2023-24).
DNIET No. 124/CE/PWD(R&B)/SE(P&DU)/2023-24.
Estimated Cost : 4,24,26,909.00
Earnest Money : 8,48,538.00
Bid Fee : 8000.00
Time for completion: 365 days
Last date & time for online Bidding: 01/07/2024 upto 3:00 P.M.
2. Name of work: Construction of 02 (two) nos. Quarters (One block- 2 units- G+1 storied) for Sub-Divisional Judicial Magistrate and for Civil Judge (Jr. Div.) at Teliamura, Khowai District, Tripura/ Grade-III/SH: Building portion including Internal water supply, Sanitary Installation, Sewage, Drainage works, Boundary wall (100 mtr. length) and Internal Electrification Works.(2nd call)
DNIET No. ACE/Project Unit/PWD(Buildings)/DNIT/87/2023-24.
Estimated Cost : 1,89,04,137.00
Earnest Money : 3,78,083.00
Bid Fee : 8,000.00
Time for completion: 365 days
Last date & time for online Bidding: 01/07/2024 upto 3:00 P.M.
Note: The bid forms and other details including online activities should be done in the e-procurement portal https://tripuratenders.gov.in.
**ICA/C/21/24**

**(Er. G. Jamatia)**
**Executive Engineer,**
**Teliamura Division,**
**PWD (R&B). Teliamura, Khowai, Tripura.**

# কাজের সন্ধান

## বিএসএফ-এ ল্যাব টেকনেশিয়ান, ফিজিও স্টাফ নার্স ও প্রচুর ট্রেডসম্যান নিয়োগ

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।** বিএসএফ-এ স্টাফ নার্স, ফিজিওথেরাপিস্ট, ল্যাব টেকনেশিয়ান সহ প্রচুর সংখ্যক ট্রেডসম্যান পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৪১টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক থেকে বিএসসি নার্সিং পাশ, বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৩ জুন, বাছাইকৃতদের লিখিত পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে। বিস্তারিত খবর হলো — স্টাফ নার্স, ফিজিওথেরাপিস্ট, ল্যাব টেকনেশিয়ান সহ ট্রেডসম্যান ইত্যাদি পদে ৬টি সেক্টরে মোট ১৪১ জন হেড কনস্টেবল ও কনস্টেবল (ট্রেডসম্যান) নিয়োগ করবে বিএসএফ বা বর্ডার সিকিউরিটি ফোর্সে। কেবলমাত্র ভারতীয় তরুণ-তরুণী প্রার্থীরাই আবেদনের যোগ্য।

মোট শূন্যপদ ১৪১টির বিস্তারিত বিভাজন পেয়ে যাবেন এঁদের ওয়েবসাইটে। পুরুষ-মহিলা, এসসি, এসটি, ওবিসি, জেনারেল যে-কেউ এর জন্য আবেদন করতে পারেন। মাধ্যমিক পাশ প্রার্থীরা সংশ্লিষ্ট ট্রেডে দক্ষ হলে আবেদন করতে পারেন। আইটিআই পাশ হলে অগ্রাধিকার পাবেন। কিছু কিছু পদের ক্ষেত্রে কেবলমাত্র মাধ্যমিক পাশ হলেই আবেদন করতে পারেন। স্টেট বোর্ড/ সেন্ট্রাল ছাড়া অন্য কোনও বোর্ডের এডুকেশনাল সার্টিফিকেট হলে, তার সাথে, এডুকেশনাল সার্টিফিকেটটি যে ম্যাট্রিক/ ক্লাস ১০-এর সমতুল - সে সম্বন্ধে ভারত সরকারের দেওয়া ডিক্লারেশন দিতে হবে। আইটিআই পাশ হলে অগ্রাধিকার পাবেন। বয়স হতে হবে ১৭-০৬-২০২৪ তারিখের হিসেবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। সংরক্ষিত ক্ষেত্রে তফশিলি প্রভৃতি প্রার্থীরা ৫ বছর, ওবিসিরা ৩ বছর ও প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মে বয়সের ছাড় পাবেন। কিছু কিছু পদের ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমায় ভিন্নতা রয়েছে। তা বিস্তারিত এঁদের ওয়েবসাইটে দেখে নিতে হবে। মূল মেট্রিক্স লেভেল -৩ অনুযায়ী ২১,৭০০ - ৬৯,১০০ টাকা। এছাড়া, সঙ্গে কেন্দ্রীয় সরকারের নিয়ম অনুযায়ী অন্যান্য ভাতাসমূহও রয়েছে। শারীরিক মাপজোক হতে হবে, ত্রিপুরায় বসবাসকারী পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে উচ্চতায় অন্তত ১৬০ সেমি (তফশিলি উপজাতিদের ক্ষেত্রে ১৫৫ সেমি)। বুকের ছাতিনা-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৫ ও ৮০ সেমি (তফশিলি উপজাতিদের ক্ষেত্রে ৭৫ ও ৮০ সেমি)। মহিলাদের ক্ষেত্রে উচ্চতায় অন্তত ১৫০ সেমি (তফশিলি উপজাতিদের ক্ষেত্রে ১৪৭ সেমি)। ওজন হতে হবে বয়স ও উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। দৃষ্টিশক্তি হতে হবে দূরের ক্ষেত্রে অন্তত ৬/৬ ও ৬/৯। চশমা থাকলে চলবে না।

দরখাস্ত করবেন কেবলমাত্র অনলাইনে এঁদের ওয়েবসাইটে লগ অন করে। আগের থেকে নিজের সই ও পাসপোর্ট মাপের জেপিজি ফর্ম্যাটের ১০০ বাই ১২০ পিক্সেলের ফটো (৮-বি গ্রে স্কেলে) স্ক্যান করে রাখবেন। পরীক্ষার নির্ধারিত ফি পাঠাবেন ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। এসসি, এসটি, শারীরিক প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী অথবা যে-কোনও মহিলা প্রার্থীদের ক্ষেত্রে এই এগ্‌জাম-ফি লাগবে না। তবে ই-মেইল আইডি তৈরি করা, ফটো-সিগনেচার স্ক্যানিং, অনলাইনে দরখাস্ত ফিল-আপ, পরীক্ষার ফি জমা দেওয়া, ব্যাঙ্কের কমিশন, প্রিন্ট আউট বের করে রাখা, এডমিট কার্ড ডাউনলোড করা ইত্যাদির যাবতীয় খরচ প্রার্থীকেই বহন করতে হবে। অনলাইনে দরখাস্তের প্রয়োজনীয় নিয়মনির্দেশ সাইটেই পাবেন, তবে দরখাস্ত করতে হবে ১৭ জুনের মধ্যে। অর্থাৎ শেষ তারিখ ১৭ জুন। অনলাইনে দরখাস্ত পাঠানো, দরখাস্ত পূরণ করার কৌশল, ইন্টারনেটের মাধ্যমে পরীক্ষার ফি পাঠানো, লিখিত পরীক্ষার বিস্তারিত সিলেবাস এবং বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত তথ্য, ঘরে বসে মুহূর্তের মধ্যে হাতের মুঠোয় পেতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্‌অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম ও হোয়াটস্‌অ্যাপ নম্বর রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে। দরখাস্ত সাবমিট হয়ে গেলে রেজিস্ট্রেশন কপির প্রিন্ট আউট নিজের কাজে রাখবেন। তা কিন্তু আবার কোথাও পাঠাতে হবে না। যোগ্য প্রার্থীদের কললেটার, পরীক্ষার এক সপ্তাহ আগে, এঁদের ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নিতে পারবেন।

প্রার্থীবাছাই হবে শারীরিক সক্ষমতার পরীক্ষা, ট্রেড টেস্ট, লিখিত পরীক্ষার মাধ্যমে। তবে কাঁর কবে পরীক্ষা তা জানিয়ে দেওয়া হবে কল লেটারের মাধ্যমে। ১০০ নম্বরের, অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের। তাতে থাকবে ৪ পেপার, প্রতিটিতে ২৫টি প্রশ্ন, ২৫ নম্বর। সব পেপারেই আলাদা-আলাদা ভাবে সফল হতে হবে। নেগেটিভ মার্কিং থাকবে, প্রতিটি ভুলের জন্য ০.২৫ নম্বর অর্থাৎ ৪টি ভুলের জন্য ১ নম্বর খোয়াতে হবে। ১২০ মিনিটের পরীক্ষা, লিখনসহকারী নেওয়া দৃষ্টি প্রতিবন্ধীরা নির্দিষ্ট কিছু সময় অতিরিক্ত পাবেন। ত্রিপুরার প্রার্থীদের জন্য পরীক্ষাকেন্দ্র হবে আগরতলায়।

প্রার্থিবাছাই হবে প্রাথমিকভাবে নথিপত্র যাচাই, শারীরিক মাপজোক, শারীরিক সক্ষমতার পরীক্ষা, ট্রেড টেষ্ট, লিখিত পরীক্ষা ও ডাক্তারি পরীক্ষার মাধ্যমে। শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে পুরুষদের ক্ষেত্রে ১৭ মিনিটে ৩.২ কিমি দৌড়। মহিলাদের ক্ষেত্রে ৯ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়। পরে নথিপত্র যাচাই, শারীরিক মাপজোক ও ট্রেড টেস্টের জন্য ডাকা হবে। প্রথম ফেজের পরীক্ষায় সফলদের ডাকা হবে লিখিত পরীক্ষার জন্য। এতে থাকবে চারটি বিষয়ের ওপর ১০০ নম্বরের পরীক্ষা, সময় ২ ঘন্টা। পরীক্ষার বিস্তারিত সিলেবাস ও নম্বর বিন্যাস পেয়ে যাবেন এঁদের ওয়েবসাইটে। এ বিষয়ে বিস্তারিত জানার জন্য এঁদের ওয়েবসাইটে দেখুন অথবা কর্মবার্তায় হোয়াটসঅ্যাপে যোগাযোগ করুন।

## ইউপিএসসি পরীক্ষার মাধ্যমে ডিগ্রি পিজি পাশদের থেকে উঁচুপদে নিয়োগ

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।** কেন্দ্রীয় মন্ত্রকের অধীনে স্পেশালিস্ট অফিসার, অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। ইউপিএসসি পরীক্ষার মাধ্যমে নিয়োগ, শূন্যপদ ঃ ৩১২টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, পিজি পাশ, অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার রয়েছে, বয়স ঃ অনূর্ধ্ব ৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৩ জুন, বাছাইকৃতদের পরীক্ষা, সরাসরি ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে। স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে নির্দিষ্ট বিষয়ে ডিগ্রি ও পিজি ইত্যাদি — যে-কোনও পাশ করা হলে কেন্দ্রীয় সরকারের অধীনে উঁচুপদে চাকরির জন্য ইউপিএসসি পরীক্ষার জন্য অনলাইনে আবেদন করতে পারেন। শর্তসাপেক্ষে ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদন করতে পারেন। অবশ্যই যত তাড়াতাড়ি সম্ভব, আবেদন করতে হবে অনলাইনের মাধ্যমে। কেন্দ্রীয় সরকারের অধীনস্থ বিভিন্ন দপ্তরে ৩০টি বিভিন্ন পদের জন্য ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন ২০২৪ সালের অনলাইন রিক্রুটমেন্ট এপ্লিকেশনের (ওআরএ) মাধ্যমে ৩১২ জন তরুণ-তরুণীর নিয়োগ হচ্ছে। প্রার্থী বাছাই করা হবে ইউপিএসসি'র তত্বাবধানে লিখিত পরীক্ষা ও ইন্টারভিউর মাধ্যমে। স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রি ও পিজি পাশ করা যোগ্য প্রার্থীরাই আবেদন করতে পারেন। এক্ষেত্রে নম্বরের কোনও কড়াকড়ি নেই, যাঁরা এবছর ফাইনাল ইয়ারের পরীক্ষা দেবেন বা দিয়েছেন তাঁরাও আবেদনের যোগ্য। বয়স হতে হবে ১৩-০৬-২০২৪ তারিখের হিসেবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। কিছু কিছু পদের ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ভিন্নতর, যেমন অনূর্ধ্ব ৩৫ এবং অনূর্ধ্ব ৩৮ বছর। তফশিলি প্রভৃতি প্রার্থীরা ৫ বছর, ওবিসিরা ৩ বছর এবং শারীরিক প্রতিবন্ধীরা ১০ বছর পর্যন্ত বয়সের ছাড় পাবেন।

শূন্যপদগুলো হলো — ক্রমিক নং (১) ঃ পদের নাম - ডেপুটি সুপারিন্টেন্ডিং আর্কিওলজিক্যাল কেমিস্ট। শূন্যপদের সংখ্যা - ৪টি। ২টি পদ অসংরক্ষিত। ১টি করে পদ এসসি ও ওবিসি-র জন্য সংরক্ষিত। গ্রুপ-এ, গ্যাজেটেড, নন-মিনিস্টেরিয়াল। মূল মাইনে - ৭ম সিপিসি অনুযায়ী পে ম্যাট্রিক্সে লেভেল-১০ অনুসারে। বয়স - অনূর্ধ্ব ৩৫ বছর। শিক্ষাগত যোগ্যতা - নির্দিষ্ট বিষয়ে স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কেমিস্ট্রি নিয়ে ডিগ্রি বা মাস্টার্স পাশ। সঙ্গে নির্দিষ্ট বছরের অভিজ্ঞতারও আবশ্যকতা রয়েছে।

ক্রমিক নং (২) ঃ পদের নাম - ডেপুটি সুপারিন্টেন্ডিং আর্কিওলজিস্ট। শূন্যপদের সংখ্যা - ৬৭টি। ২৯টি পদ অসংরক্ষিত। ইডব্লিওএস ৬টি, এসসি ১০টি, ওবিসি ১৮টি, এবং এসটি-র জন্য ৪টি পদ সংরক্ষিত। ২টি রয়েছে শারীরিকভাবে বিশেষ সক্ষম প্রার্থীর জন্য। গ্রুপ-এ, গ্যাজেটেড, নন-মিনিস্টেরিয়াল। মূল মাইনে - ৭ম সিপিসি অনুযায়ী পে ম্যাট্রিক্সে লেভেল-১০ অনুসারে। বয়স - অনূর্ধ্ব ৩৫ বছর। শিক্ষাগত যোগ্যতা - নির্দিষ্ট বিষয়ে স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স পাশ, পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ও নির্দিষ্ট বছরের অভিজ্ঞতারও আবশ্যকতা রয়েছে। ক্রমিক নং (৩) ঃ পদের নাম - সিভিল হাইড্রোগ্রাফিক অফিসার। শূন্যপদের সংখ্যা - ৪টি। ৩টি পদ অসংরক্ষিত। ১টি পদ এসটি-র জন্য সংরক্ষিত। গ্রুপ-বি, গ্যাজেটেড, নন-মিনিস্টেরিয়াল। মূল মাইনে - ৭ম সিপিসি অনুযায়ী পে ম্যাট্রিক্সে লেভেল-৭ অনুসারে। বয়স - অনূর্ধ্ব ৩০ বছর। শিক্ষাগত যোগ্যতা - নির্দিষ্ট বিষয়ে স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রি পাশ। সঙ্গে নির্দিষ্ট বছরের অভিজ্ঞতারও আবশ্যকতা রয়েছে। ক্রমিক নং (৪) ঃ পদের নাম - অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (ফরেনসিক মেডিসিন)। শূন্যপদের সংখ্যা - ৬টি। ২টি পদ অসংরক্ষিত। ইডব্লিওএস ১টি, এসসি ১টি, ওবিসি ২টি পদ সংরক্ষিত। পদগুলি স্থায়ী, গ্রুপ-এ, গেজেটেড, নন্-মিনিস্ট্রিয়াল। মূল মাইনে - ৭ম সিপিসি অনুযায়ী পে ম্যাট্রিক্সে লেভেল-১১ অনুসারে। বয়স - অনূর্ধ্ব ৪০ বছর। শিক্ষাগত যোগ্যতা - স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে এমবিবিএস পাশ। সঙ্গে নির্দিষ্ট বিষয়ের উপর অভিজ্ঞতারও আবশ্যকতা রয়েছে। ক্রমিক নং (৫) ঃ পদের নাম - অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (জেনারেল মেডিসিন)। শূন্যপদের সংখ্যা - ৬১টি। ২৩টি পদ অসংরক্ষিত। ইডব্লিওএস ৩টি, এসসি ৬টি, ওবিসি ২৭টি, এবং এসটি-র জন্য ২টি পদ সংরক্ষিত। ৩টি রয়েছে শারীরিকভাবে বিশেষ সক্ষম প্রার্থীর জন্য। গ্রুপ-এ, গ্যাজেটেড, হেলথ সার্ভিসেস পোস্ট। মূল মাইনে - ৭ম সিপিসি অনুযায়ী পে ম্যাট্রিক্সে লেভেল-১১ অনুসারে। বয়স - অনূর্ধ্ব ৪০ বছর। শিক্ষাগত যোগ্যতা - স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে এমবিবিএস পাশ। সঙ্গে নির্দিষ্ট বিষয়ের উপর অভিজ্ঞতারও আবশ্যকতা রয়েছে।

ক্রমিক নং (৬) ঃ পদের নাম - অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (জেনারেল সার্জারি)। শূন্যপদের সংখ্যা - ৩৯টি। ১৫টি পদ অসংরক্ষিত। ইডব্লিওএস ১টি, এসসি ৭টি, ওবিসি ১২টি, এবং এসটি-র জন্য ৪টি পদ সংরক্ষিত। ৫টি রয়েছে শারীরিকভাবে বিশেষ সক্ষম প্রার্থীর জন্য। গ্রুপ-এ, গ্যাজেটেড, হেলথ সার্ভিসেস পোস্ট। মূল মাইনে - ৭ম সিপিসি অনুযায়ী পে ম্যাট্রিক্সে লেভেল-১১ অনুসারে। বয়স - অনূর্ধ্ব ৪০ বছর। শিক্ষাগত যোগ্যতা - স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে এমবিবিএস পাশ। সঙ্গে নির্দিষ্ট বিষয়ের উপর অভিজ্ঞতারও আবশ্যকতা রয়েছে। পরবর্তী পদসমূহ নিয়ে বিস্তারিত জানার জন্য এঁদের ওয়েবসাইট দেখে নিতে হবে।

দরখাস্ত করবেন কেবলমাত্র অনলাইনে, এঁদের ওয়েবসাইটে লগ অন করে, অবশ্যই ১৩ জুনের মধ্যে। অর্থাৎ অনলাইনে ফর্ম ফিলাপের শেষ তারিখ ১৩ জুন। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে পরীক্ষার ফি জমা দেওয়া, দরখাস্তের প্রিন্ট আউট এবং টাকা জমা দেওয়ার রসিদ ইত্যাদি বের করে রাখার পাশাপাশি সাক্ষাৎকারের সম্ভাব্য প্রশ্নোত্তর সহ এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত জানতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্‌অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হ্যালো' লিখে মেম্বারশীপ গ্রহণ করে নিতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে। অনলাইনে রেজিস্ট্রেশন করার আগে নিজের একটি বৈধ ও দীর্ঘস্থায়ী ই-মেল আইডি তৈরি রাখবেন নিজের সই এবং পাসপোর্ট মাপের এখনকার রঙিন ফটো, প্রয়োজনীয় সমস্ত ডকুমেন্টসও স্ক্যান করে রাখতে হবে ওয়েবসাইটে বলা মাপজোক ও অন্যান্য শর্ত বুঝে। যেমন, ছবি কীরকম কী ব্যাকগ্রাউন্ডে তুলবেন, ছবি (৪০ কেবির মধ্যে, জেপিজি/ জেপিইজি ফর্ম্যাটে) ও সই (৪০ কেবির মধ্যে, জেপিজি/ জেপিইজি ফর্ম্যাটে) স্ক্যান করে রাখবেন, পরে তা আপলোড করতে হবে। অনলাইনে থেকে দরখাস্ত একবারে সম্পূর্ণ করতে না পারলে সেভ করে রাখবেন, তাহলে আপনার ইমেল ঠিকানা/ মোবাইলে এসএমএস করে আপনার রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাঠিয়ে দেওয়া হবে। এই নম্বর ও পাসওয়ার্ড যত্ন করে রেখে দেবেন, পরবর্তী সময়ে কাজে লাগবে। পরে আবার সাইটে গিয়ে সেই রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে আপনার দরখাস্ত খুলে বাকি কাজ শেষ করতে পারবেন। এই সংশোধনের সুযোগ পাবেন ৩ বার পর্যন্ত। আপনার পক্ষ থেকে কাজ চূড়ান্ত হয়ে গেলে অনলাইন পেমেন্টের মাধ্যমে অ্যাপ্লিকেশন ফি এবং/ অথবা পোস্টাল চার্জ বাবদ নির্দিষ্ট ফি জমা দিতে হবে। এছাড়া, অনলাইনে ফর্ম ফিলাপ, প্রিন্ট আউট বের করা, ফটো-সিগনেচার স্ক্যানিং, কল লেটার ডাউনলোড করানোর যাবতীয় খরচ প্রার্থীকেই বহন করতে হয়। দরখাস্ত রেজিস্ট্রেশন সম্পূর্ণ হলে কম্পিউটার জেনারেটেড দরখাস্তের প্রিন্ট-আউট নিয়ে নেবেন। ফি পেমেন্ট চালানের কপিও যত্ন করে রাখবেন। লিখিত পরীক্ষা বা ইন্টারভিউর দিন কললেটার ছাড়াও লাগবে মূল পেমেন্ট চালান, ছবিওলা পরিচিতি-প্রমান (আধার কার্ড, প্যান কার্ড বা এরকমই ছবিওলা অন্য কিছু) ইত্যাদি। প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের ইন্টারভিউ বা লিখিত পরীক্ষার জন্য ডাকা হবে। এর জন্য দিন-তারিখ এবং কেন্দ্র কল লেটারে জানানো হবে।

## এক নজরে চাকরির খবর

* পদের নাম ঃ **নন-এক্সিকিউটিভ (প্রতিরক্ষা মন্ত্রক)**
শূন্যপদ ঃ ১৮২টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআই, ডিপ্লোমা পাশ,
বয়স ঃ ১৮-২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১২ জুন,
বাছাইকৃতদের লিখিত পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **টিইএস এন্ট্রি (আর্মি)**
শূন্যপদ ঃ ৯০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ বিজ্ঞান নিয়ে উচ্চমাধ্যমিক পাশ,
বয়স ঃ সাড়ে ১৬ থেকে সাড়ে ১৮ বছর,
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৩ জুন,
বাছাইকৃতদের কম্পিউটার ভিত্তিক পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **স্টাফ নার্স, ফিজিওথেরাপিস্ট, ল্যাব টেকনেশিয়ান (বিএসএফ)**
শূন্যপদ ঃ ১৪১টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক থেকে বিএসসি নার্সিং পাশ,
বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৭ জুন,
বাছাইকৃতদের লিখিত পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **স্পেশালিস্ট অফিসার, অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর (কেন্দ্রীয় মন্ত্রক)**
ইউপিএসসি পরীক্ষার মাধ্যমে নিয়োগ,
শূন্যপদ ঃ ৩১২টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, পিজি পাশ, অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার রয়েছে,
বয়স ঃ অনূর্ধ্ব ৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৩ জুন,
বাছাইকৃতদের পরীক্ষা, সরাসরি ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **জুনিয়র রেসিডেন্ট (এইমস),**
শূন্যপদ ঃ ২২০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, এমবিবিএস, বিডিএস পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৫ জুন,
বাছাইকৃতদের লিখিত পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **অ্যাসিস্ট্যান্ট, এটেন্ড্যান্ট (আইসিএমআর),**
শূন্যপদ ঃ ৪৪টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক থেকে ডিগ্রি পাশ, নম্বরের কোনও কড়াকড়ি নেই,
বয়স ঃ ১৮-২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৬ জুন,
বাছাইকৃতদের কম্পিউটার ভিত্তিক পরীক্ষা, লিখিত পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **কনস্টেবল, ট্রেডসম্যান (বিএসএফ),**
শূন্যপদ ঃ ৩৭টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআই পাশ,
বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৭ জুন,
বাছাইকৃতদের র‍্যালি, লিখিত পরীক্ষা, ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ এঁদের ওয়েবসাইট থেকে জেনে নিতে হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **ফ্যাকাল্টি (এইমস),**
শূন্যপদ ঃ ৭৯টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, পিজি পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৫৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৭ জুন,
বাছাইকৃতদের সাক্ষাৎকারের দিনক্ষণ ও কেন্দ্র বিস্তারিত কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **অ্যাসোসিয়েট, সায়েন্টিস্ট (আইআইটিএম),**
শূন্যপদ ঃ ৬৫টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ বিই, বিটেক, এমই, এমটেক, এমএসসি, পিজি পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় পেতে পারেন),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৮ জুন,
বাছাইকৃতদের অনলাইন ও অফলাইনে পরীক্ষার দিনক্ষণ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **সিনিয়র রেসিডেন্ট (এইমস),**
শূন্যপদ ঃ ১০৪টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ পিজি পাশ, পিএইচডি,
বয়স ঃ অনূর্ধ্ব ৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় পেতে পারেন),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৮ জুন,
বাছাইকৃতদের সরাসরি ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **স্টাফ নার্স (ত্রিপুরা মেডিকেল কলেজ)**
শূন্যপদ ঃ ২০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ জিএনএম, বিএসসি (নার্সিং) পাশ, অভিজ্ঞতা থাকতে হবে,
বয়স ঃ ১৮-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
সরাসরি দরখাস্ত জমার শেষ তারিখ ১৮ জুন,
বাছাইকৃতদের লিখিত পরীক্ষা ২৩ জুন, কেন্দ্র আগরতলা, বিস্তারিত এঁদের ওয়েবসাইট থেকে জেনে নিতে হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **অ্যাক্ট এপ্রেন্টিস (রেল মন্ত্রক),**
শূন্যপদ ঃ ১০১০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, আইটিআই পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ২৪ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২১ জুন,
মেধাভিত্তিক বাছাইকৃতদের ইন্টারভিউর দিনক্ষণ ও কেন্দ্র বিস্তারিত কল লেটারে জানানো হবে।

## অনলাইনের মাধ্যমে ১০১০ এপ্রেন্টিস পরীক্ষা ছাড়াই রেল মন্ত্রকে নিয়োগ

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।** সারা দেশ জুড়ে ভারতীয় রেলে এপ্রেন্টিস নিয়োগের জন্য অনলাইনে অথবা ডাকযোগে দরখাস্ত পাঠাতে বলা হয়েছে, আসন সংখ্যা এই মুহূর্তে পাঁচ সহস্রাধিক হলেও রেল কোচ ফ্যাক্টরিতে এপ্রেন্টিস পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১০১০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও আইটিআই পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ২৪ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২১ জুন, মেধাভিত্তিক বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে। ইচ্ছুক উপযুক্ত প্রার্থীরা এঁদের ওয়েবসাইটে লগ অন করে অনলাইনে দরখাস্ত পাঠাতে পারেন। অন্য রেলওয়ে অথবা মন্ত্রকের জন্যও অনলাইনে দরখাস্ত পাঠানোর সুবিধা রয়েছে। ইন্টারভিউ বা সাক্ষাৎকারের সময়সূচি পরে জানানো হবে। বিস্তারিত খবর হলো —

প্রার্থীদের যোগ্যতা অনুযায়ী কেবলমাত্র যে-কোনও একটি ডিসিপ্লিন-এর জন্য অনলাইনে এঁদের ওয়েবসাইটে আবেদন করতে পারেন ২১ জুনের মধ্যে। অর্থাৎ অনলাইনে আবেদন করার শেষ তারিখ নির্দিষ্ট বিজ্ঞপ্তি অনুযায়ী ২১ জুন। যদি কোনও প্রার্থী একাধিক ট্রেড বা ডিসিপ্লিন-এর জন্য আবেদন করেন, তাঁর সমস্ত আবেদন বাতিল করা হবে। একইভাবে একাধিক ডিভিশনেও আবেদন করা যাবে না। অধিকতর পেশগত যোগ্যতা যথা বিই/ বিটেক/ এমবিএ/ এমসিএ যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের বিবেচনা করা হবে না। সময়ে সময়ে প্রযোজ্য ভারত সরকারের নির্দেশাবলী অনুসারে ট্রেড এবং অবস্থানের জন্য প্রযোজ্যমতো প্রতি মাসে নির্ধারিত হারে স্টাইপেন্ড দেওয়া হবে। এ বিষয়ে বিস্তারিত তথ্যাবলী পেয়ে যাবেন ইন্ডিয়ান রেলওয়ে বা কেন্দ্রীয় মন্ত্রকের ওয়েবসাইটে 'এপ্রেন্টিস' ট্যাব-এ। রেলওয়ের জোন বা ফ্যাক্টরি অনুযায়ী অনলাইনে আবেদন করার পদ্ধতিও পেয়ে যাবেন এঁদের ওয়েবসাইটে। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, দরখাস্ত পূরণ করার কৌশল, ইন্টারনেটের ব্যাঙ্কিংয়ের মাধ্যমে পরীক্ষার ফি পাঠানো, লিখিত পরীক্ষার বিস্তারিত সিলেবাস এবং বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত তথ্য, ঘরে বসে মুহূর্তের মধ্যে হাতের মুঠোয় পেতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্‌অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম ও হোয়াটস্‌অ্যাপ নম্বর রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে। প্রার্থিবাছাই পদ্ধতির বিস্তারিত সময়সূচি এবং স্থান পরবর্তী সময়ে জানানো হবে এবং কল লেটার পাঠানো হবে।

ভারতীয় রেলে চাকরির জন্য এধরনের ট্রেড এপ্রেন্টিস ট্রেনিংয়ের যথেষ্ট প্রয়োজন রয়েছে। ভারতীয় রেলে সারা দেশ জুড়ে ট্রেড এপ্রেন্টিস হিসেবে সহস্রাধিক বাছাইয়ের জন্য দরখাস্ত আহ্বান করা হয়েছে। সম্প্রতি রেল কোচ ফ্যাক্টরিতে ট্রেড এপ্রেন্টিস হিসেবে যোগদান করতে ইচ্ছুক তরুণ-তরুণীরা ২১-০৬-২০২৪-এর হিসেবে অনূর্ধ্ব ২৪ বছর বয়স হলে আবেদন করতে পারেন। তফশিলি, ওবিসি ও প্রতিবন্ধীদের জন্য সরকারি নিয়মানুসারে আসন সংরক্ষণ যেমন থাকবে, তেমনি বয়সের উর্ধ্বসীমায়ও যথারীতি ছাড় রয়েছে। আসন সংখ্যার বিশদ বিভাজন ট্রেড ভিত্তিক সংখ্যা ইত্যাদি দেখতে পাবেন 'রেলওয়ে'র ওয়েব সাইটে, 'এপ্রেন্টিস' ট্যাব লিঙ্কে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর - পিবি/ আরআর/ ৩৯/ এপ্রেন্টিস। তারিখ ২২ মে, ২০২৪। ডিভিশন ও ট্রেড অনুযায়ী আসন সংখ্যার বিভাজন এই রকম — ক্রমিক নং (১) ঃ ট্রেড কার্পেন্টার, শূন্যপদের সংখ্যা ফ্রেশারস ৪০টি। এর মধ্যে অসংরক্ষিত ১৮টি, ওবিসি ১১টি, এসসি ৬টি, এসটি ৩টি, শারীরিক প্রতিবন্ধী ২টি পদ সংরক্ষিত। এক্স আইটিআই ৫০টি। এর মধ্যে অসংরক্ষিত ২২টি, ওবিসি ১৪টি, এসসি ৮টি, এসটি ৪টি, শারীরিক প্রতিবন্ধী ২টি পদ সংরক্ষিত। ক্রমিক নং (২) ঃ ট্রেড ইলেকট্রিশিয়ান, শূন্যপদের সংখ্যা ফ্রেশারস ৪০টি। এর মধ্যে অসংরক্ষিত ১৮টি, ওবিসি ১১টি, এসসি ৬টি, এসটি ৩টি, শারীরিক প্রতিবন্ধী ২টি পদ সংরক্ষিত। এক্স আইটিআই ১৬০টি। এর মধ্যে অসংরক্ষিত ৭৫টি, ওবিসি ৪৩টি, এসসি ২৪টি, এসটি ১২টি, শারীরিক প্রতিবন্ধী ৬টি পদ সংরক্ষিত। ক্রমিক নং (৩) ঃ ট্রেড ফিটার, শূন্যপদের সংখ্যা ফ্রেশারস ৮০টি। এর মধ্যে অসংরক্ষিত ৩৭টি, ওবিসি ২২টি, এসসি ১২টি, এসটি ৬টি, শারীরিক প্রতিবন্ধী ৩টি পদ সংরক্ষিত। এক্স আইটিআই ১৮০টি। এর মধ্যে অসংরক্ষিত ৮৩টি, ওবিসি ৪৯টি, এসসি ২৭টি, এসটি ১৪টি, শারীরিক প্রতিবন্ধী ৭টি পদ সংরক্ষিত। ক্রমিক নং (৪) ঃ ট্রেড মেশিনিস্ট, শূন্যপদের সংখ্যা ফ্রেশারস ৪০টি। এর মধ্যে অসংরক্ষিত ১৮টি, ওবিসি ১১টি, এসসি ৬টি, এসটি ৩টি, শারীরিক প্রতিবন্ধী ২টি পদ সংরক্ষিত। এক্স আইটিআই ৫০টি। এর মধ্যে অসংরক্ষিত ২২টি, ওবিসি ১৪টি, এসসি ৮টি, এসটি ৪টি, শারীরিক প্রতিবন্ধী ২টি পদ সংরক্ষিত। ক্রমিক নং (৫) ঃ ট্রেড পেইন্টার, শূন্যপদের সংখ্যা ফ্রেশারস ৪০টি। এর মধ্যে অসংরক্ষিত ১৮টি, ওবিসি ১১টি, এসসি ৬টি, এসটি ৩টি, শারীরিক প্রতিবন্ধী ২টি পদ সংরক্ষিত। এক্স আইটিআই ৫০টি। এর মধ্যে অসংরক্ষিত ২২টি, ওবিসি ১৪টি, এসসি ৮টি, এসটি ৪টি, শারীরিক প্রতিবন্ধী ২টি পদ সংরক্ষিত। ক্রমিক নং (৬) ঃ ট্রেড ওয়েল্ডার, শূন্যপদের সংখ্যা ফ্রেশারস ৮০টি। এর মধ্যে অসংরক্ষিত ৩৭টি, ওবিসি ২২টি, এসসি ১২টি, এসটি ৬টি, শারীরিক প্রতিবন্ধী ৩টি পদ সংরক্ষিত। এক্স আইটিআই ১৮০টি। এর মধ্যে অসংরক্ষিত ৮৩টি, ওবিসি ৪৯টি, এসসি ২৭টি, এসটি ১৪টি, শারীরিক প্রতিবন্ধী ৭টি পদ সংরক্ষিত। এধরনের এমএলটি-রেডিওলজি, এমএলটি-প্যাথোলজি ও পাশা পদের বিস্তারিত বিভাজন জানতে এঁদের ওয়েবসাইটে দেখে নিতে হবে।

## সামনে চাকরি ও শিক্ষার কী-কী পরীক্ষা, কবে?

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।** * প্রতিরক্ষা মন্ত্রকের অধীনে **নন-এক্সিকিউটিভ** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৮২টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআই, ডিপ্লোমাপাশ, বয়স ঃ ১৮-২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১২ জুন, বাছাইকৃতদের লিখিত পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্‌অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে শর্তসাপেক্ষে আজই আপনার হোয়াটস্‌অ্যাপ নম্বর নথীভুক্ত করে মেম্বারশিপ্ গ্রহণ করে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের **সমস্ত চাকরির আপডেট খবর,** চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর, সিলেবাস এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে।

* ভারতীয় আর্মিতে **টিইএস এন্ট্রি** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৯০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ বিজ্ঞান নিয়ে উচ্চমাধ্যমিক পাশ, বয়স ঃ সাড়ে ১৬ থেকে সাড়ে ১৮ বছর, অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৩ জুন, বাছাইকৃতদের কম্পিউটার ভিত্তিক পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* বিএসএফ-এ **স্টাফ নার্স, ফিজিওথেরাপিস্ট, ল্যাব টেকনেশিয়ান** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৪১টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক থেকে বিএসসি নার্সিং পাশ, বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৭ জুন, বাছাইকৃতদের লিখিত পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* কেন্দ্রীয় মন্ত্রকের অধীনে **স্পেশালিস্ট অফিসার, অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। ইউপিএসসি পরীক্ষার মাধ্যমে নিয়োগ, শূন্যপদ ঃ ৩১২টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, পিজি পাশ, অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার রয়েছে, বয়স ঃ অনূর্ধ্ব ৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৩ জুন, বাছাইকৃতদের পরীক্ষা, সরাসরি ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* এইমস-এ **জুনিয়র রেসিডেন্ট** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ২২০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, এমবিবিএস, বিডিএস পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৫ জুন, বাছাইকৃতদের লিখিত পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* আইসিএমআর-এ **অ্যাসিস্ট্যান্ট, এটেন্ড্যান্ট** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৪৪টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক থেকে ডিগ্রি পাশ, নম্বরের কোনও কড়াকড়ি নেই, বয়স ঃ ১৮-২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৬ জুন, বাছাইকৃতদের কম্পিউটার ভিত্তিক পরীক্ষা, লিখিত পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে। * বিএসএফ-এ **কনস্টেবল, ট্রেডসম্যান** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৩৭টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআই পাশ, বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৭ জুন, বাছাইকৃতদের র‍্যালি, লিখিত পরীক্ষা, ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ এঁদের ওয়েবসাইট থেকে জেনে নিতে হবে।

* এইমস-এ **ফ্যাকাল্টি** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৭৯টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, পিজি পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ৫৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৭ জুন, বাছাইকৃতদের সাক্ষাৎকারের দিনক্ষণ ও কেন্দ্র বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* আইআইটিএম-এ **অ্যাসোসিয়েট, সায়েন্টিস্ট** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৬৫টি, শিক্ষাগত যোগ্যতা ঃ বিই, বিটেক, এমই, এমটেক, এমএসসি, পিজি পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় পেতে পারেন), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৮ জুন, বাছাইকৃতদের অনলাইন ও অফলাইনে পরীক্ষার দিনক্ষণ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে।

* এইমস-এ **সিনিয়র রেসিডেন্ট** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১০৪টি, শিক্ষাগত যোগ্যতা ঃ পিজি পাশ, পিএইচডি, বয়স ঃ অনূর্ধ্ব ৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় পেতে পারেন), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৮ জুন, বাছাইকৃতদের সরাসরি ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* টিএমসি বা ত্রিপুরা মেডিকেল কলেজে **স্টাফ নার্স** পদে নিয়োগের জন্য সরাসরি দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ২০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ জিএনএম, বিএসসি (নার্সিং) পাশ, অভিজ্ঞতা থাকতে হবে, বয়স ঃ ১৮-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), সরাসরি দরখাস্ত জমার শেষ তারিখ ১৮ জুন, বাছাইকৃতদের লিখিত পরীক্ষা ২৩ জুন, কেন্দ্র আগরতলা, বিস্তারিত এঁদের ওয়েবসাইট থেকে জেনে নিতে হবে।

* রেল মন্ত্রকের অধীনে **অ্যাক্ট এপ্রেন্টিস** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১০১০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, আইটিআই পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ২৪ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২১ জুন, মেধাভিত্তিক বাছাইকৃতদের ইন্টারভিউর দিনক্ষণ ও কেন্দ্র বিস্তারিত কল লেটারে জানানো হবে।



শুক্রবার চিত্তরঞ্জন ক্লাবের উদ্যোগে একটি স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়।

## পরিস্থিতি অনুকূল, ৯-১০ জুনের মধ্যেই মুম্বইয়ে বর্ষা আগমণের সম্ভাবনা

মুম্বই, ৭ জুন (হি.স.): পরিস্থিতি একেবারেই অনুকূল, আর এই অনুকূল পরিস্থিতির কারণেই ৯-১০ জুনের মধ্যেই মুম্বইয়ে বর্ষা আগমণের সম্ভাবনা প্রবল। শুক্রবার এমনটাই জানিয়েছে মুম্বই আইএমডি। আবহাওয়া দফতর জানিয়েছে, শুক্রবার সকালে মহারাষ্ট্রের রত্নাগিরি ও সোলাপুরেও অগ্রসর হয়েছে বর্ষা। আগামী ৪ দিন মহারাষ্ট্রে বর্ষার অগ্রগতির জন্য বেশ অনুকূল।
মহারাষ্ট্রে বর্ষা ঢুকেছে ৬ জুন, দক্ষিণ কোঙ্কন অঞ্চল হয়ে, শুক্রবার সকালে মহারাষ্ট্রের রত্নাগিরি ও সোলাপুরেও অগ্রসর হয়েছে বর্ষা। আবহাওয়া দফতর জানিয়েছে, আগামী ৪ দিন মহারাষ্ট্রে বর্ষার অগ্রগতির জন্য বেশ অনুকূল। ৯-১০ জুনের মধ্যে মুম্বইয়ে বর্ষা আসার সম্ভাবনা রয়েছে।

## আগামী সপ্তাহেই প্রশাসনিক বৈঠক মমতার

কলকাতা, ৭ জুন (হি. স.): লোকসভা ভোট সম্পন্ন। তাই এবার প্রশাসনিক বৈঠকে নজর দিচ্ছেন মমতা। জানা গেছে, আগামী ১১ জুন নবান্নের সভাঘরে হবে বৈঠক। সূত্রের খবর, সেখানে সমস্ত দফতরের মন্ত্রী ও সচিব, যুগ্ম সচিবরা উপস্থিত থাকবেন। এছাড়া প্রত্যেক জেলাশাসক এবং পুলিশ সুপাররাও থাকবেন বৈঠকে। রাজ্যজুড়ে প্রশাসনিক কাজকর্ম কোথায় কী থমকে রয়েছে, তা পর্যালোচনা করা হবে ওইদিনের বৈঠকে।
উল্লেখ্য, লোকসভা ভোটের প্রচারের জন্য মমতা ব্যানার্জি গত প্রায় দু'’মাস জেলায় জেলায় ঘুরে বেড়িয়েছেন। কলকাতায় ভোট ছিল শেষ দফায়। তার আগেই কলকাতায় ফিরেছেন মমতা। এবার ফের একবার রাজ্যের উন্নয়নের ধারা বজায় রাখার দিকে নজর দিতে চান তিনি।

## গাজিয়াবাদে লাইনচ্যুত তেজস এক্সপ্রেসের দু'টি বগি, তদন্তের নির্দেশ রেলের

গাজিয়াবাদ, ৭ জুন (হি.স.): উত্তর প্রদেশের গাজিয়াবাদে লাইনচ্যুত হয়ে তেজস এক্সপ্রেসের দু''''টি বগি। ভুবনেশ্বর থেকে দিল্লি যাচ্ছিল তেজস এক্সপ্রেসটি, শুক্রবার গাজিয়াবাদ রেল স্টেশনের কাছে তেজস এক্সপ্রেসের দু''''টি কামরা লাইনচ্যুত হয়ে যায়। এই ট্রেন দুর্ঘটনায় বেশ কয়েকজন যাত্রী আহত হয়েছেন বলে জানা গিয়েছে।সৌভাগ্যবশত স্টেশনের কাছে আসার সঙ্গে সঙ্গে ট্রেনটির গতি কমছিল; তা না হলে বড় ধরনের দুর্ঘটনা ঘটতে পারত। গাজিয়াবাদ স্টেশনের চার নম্বর প্লাটফর্মের প্রায় ১০০ মিটার আগে ঘটেছে দুর্ঘটনাটি। ঘটনার খবর পাওয়া মাত্রই ঘটনাস্থলে পৌঁছয় আরপিএফ ও রেলের আধিকারিকরা। লাইনচ্যুত বগির যাত্রীদের অন্য কোচে স্থানান্তর করা হয়েছে।

## এই মুহূর্তে সরকার গঠনই অগ্রাধিকার, অগ্নিপথ নিয়ে প্রশ্নে মন্তব্য চিরাগের

নয়াদিল্লি, ৭ জুন (হি.স.): এই মুহূর্তে সরকার গঠনই তাঁদের অগ্রাধিকার, জানিয়ে দিলেন লোক জনশক্তি পার্টির (রামবিলাস) প্রধান চিরাগ পাসোয়ান। অগ্নিপথ প্রকল্প নিয়ে জেডিইউ-র অবস্থান প্রসঙ্গে শুক্রবার চিরাগ পাসোয়ানকে প্রশ্ন করা হলে, তিনি বলেন, 'প্রধানমন্ত্রী আমাদের এই স্বাধীনতা দিয়েছেন যে, আমরা জোটের যে কোনও বিষয়ে খোলামেলা আলোচনা করতে পারি। এটা ভালো ব্যাপার যে আমার প্রধানমন্ত্রী সবসময় পরামর্শ শুনতে প্রস্তুত থাকেন। আমরা গত ১০ বছরে সেই অভিজ্ঞতার সাক্ষী।'
এরপরই চিরাগ বলেছেন, 'কোনও শরিক দল যদি মনে করে, আমাদের কোনও পরিকল্পনা পর্য্যালোচনা করা দরকার, আমি মনে করি জোটের মধ্যে সম্মতি আছে যে এটি করা হবে। এখনও পর্যন্ত এই তথ্য নেই যে কতজন যুবক এই প্রকল্পের রোলআউট থেকে উপকৃত হয়েছে...যখন এই সমস্ত তথ্য আমাদের কাছে আনুষ্ঠানিকভাবে আসবে, এই সমস্ত সিদ্ধান্ত জোটে নেওয়া হবে...এই মুহূর্তে, সরকার গঠনই অগ্রাধিকার।'

## মোদীজির নেতৃত্বে এনডিএ জোটের শরিকরা দেশকে এগিয়ে নিয়ে যাবেন : অনুরাগ ঠাকুর

নয়াদিল্লি, ৭ জুন (হি.স.): প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে এনডিএ-র জোটের শরিকরা দেশকে এগিয়ে নিয়ে যাবেন। আশাবাদী বিজেপি নেতা অনুরাগ সিং ঠাকুর। অনুরাগ আশা ব্যক্ত করে বলেছেন, প্রধানমন্ত্রী মোদীর নেতৃত্বে বিজেপি-এনডিএ সরকার গঠন হতে চলেছে। হিমাচল প্রদেশের হামিরপুরের বিজেপি সাংসদ অনুরাগ সিং ঠাকুর এদিন এনডিএ সংসদীয় দলের বৈঠকে যোগ দিয়েছেন।
এই বৈঠকে যোগ দেওয়ার প্রাক্কালে অনুরাগ ঠাকুর বলেছেন, 'আমি হামিরপুরের ভোটারদের কাছে কৃতজ্ঞ...প্রধানমন্ত্রী মোদীর নেতৃত্বে বিজেপি-এনডিএ সরকার গঠিত হতে চলেছে...আসন্ন সময়ে আমরা বিশ্বের তৃতীয় বৃহত্তম অর্থনীতিতে পরিণত হব...মোদীজির নেতৃত্বে এনডিএ জোটের শরিকরা দেশকে এগিয়ে নিয়ে যাবেন।'

## স্বস্তি পেলেন রাহুল, মানহানির মামলায় বেঙ্গালুরুর আদালতে জামিন মঞ্জুর

বেঙ্গালুরু, ৭ জুন (হি.স.): মানহানির মামলায় বেঙ্গালুরুর বিশেষ আদালত স্বস্তি দিল কংগ্রেস নেতা রাহুল গান্ধীকে। বিজেপির দায়ের করা মানহানির মামলায় শুক্রবার বেঙ্গালুরুর বিশেষ আদালত রাহুল গান্ধীকে জামিন প্রদান করেছে। বিজেপি নেতাদের বিরুদ্ধে মিথ্যা বিজ্ঞাপনের অভিযোগ থেকে এই মামলার সূত্রপাত।
ডি কে সুরেশের সিকিউরিটিতে জামিন পেয়েছেন কংগ্রেস নেতা রাহুল গান্ধী। এই মামলার পরবর্তী শুনানি হবে আগামী ৩০ জুলাই। মানহানি মামলায় বেঙ্গালুরুর বিশেষ আদালতে হাজিরা দিতে শুক্রবার সকালেই বেঙ্গালুরুতে এসে পৌঁছন রাহুল গান্ধী। বিমানবন্দরে তাঁকে স্বাগত জানান মুখ্যমন্ত্রী সিদ্দারামাইয়া ও উপ-মুখ্যমন্ত্রী ডি কে শিবকুমার। বিজেপির কর্ণাটক ইউনিটের দায়ের করা মানহানির মামলায় আদালতের সমনের প্রেক্ষিতে এদিন আদালতে হাজিরা দেন রাহুল গান্ধী।

## এবারও বাড়ল না রেপো রেট, ৬.৫ শতাংশেই অপরিবর্তিত রাখল আরবিআই

মুম্বই, ৭ জুন (হি.স.): এবারও বাড়ছে না রেপো রেট। এই নিয়ে টানা সপ্তমবার রেপো রেট অপরিবর্তিত রাখল রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (আরবিআই)। শুক্রবার সকালে স্বস্তির খবর দিয়েছেন রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (আরবিআই)-র গভর্নর শক্তিকান্ত দাস। যার অর্থ, আপাতত রেপো রেটের হার ৬.৫ শতাংশই থাকছে। রিজার্ভ ব্যাঙ্কের এই সিদ্ধান্তের ফলে গৃহঋণ, গাড়ির ঋণ এবং অন্যান্য ঋণে অতিরিক্ত সুদ গুনতে হবে না গ্রাহকদের। আরবিআই গভর্নর শক্তিকান্ত দাস জানিয়েছেন, আরবিআই-এর মুদ্রানীতি কমিটি ৪:২ সংখ্যাগরিষ্ঠতায় পলিসি রেপো রেট ৬.৫ শতাংশে অপরিবর্তিত রাখার সিদ্ধান্ত নিয়েছে। আরবিআই গভর্নর আরও জানিয়েছেন, 'ফলস্বরূপ স্ট্যান্ডিং ডিপোজিট ফেসিলিটি হার ৬.২৫ শতাংশ এবং মার্জিনাল স্ট্যান্ডিং ফেসিলিটি হার এবং ব্যাঙ্ক রেট ৬.৭৫ শতাংশে রয়ে গিয়েছে।'

## ভ্যাপসা গরমে কাহিল তিলোত্তমা, বর্ষার জন্য আকুল দক্ষিণবঙ্গ

কলকাতা, ৭ জুন (হি.স.): মাঝেমধ্যে বৃষ্টি হচ্ছে, কিন্তু গরম কমছে না। ভ্যাপসা গরমে রীতিমতো কাহিল কলকাতা-সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলা। উত্তরবঙ্গে বর্ষা ঢুকেছে, বৃষ্টিও হচ্ছে। কিন্তু, বর্ষা এখনও এসে পৌঁছয়নি দক্ষিণবঙ্গে। গরম থেকে রেহাই পেতে তাই এখন বর্ষার জন্য আকুল সমগ্র দক্ষিণবঙ্গ।
সকাল হতে না হতেই রোদের দাপট শুরু হয়ে যাচ্ছে, ঘর্মাক্ত গরমে নাস্তানাবুদ মানুষজনের অবস্থা।

## হরিয়ানার ফরিদাবাদে লাইনচ্যুত মালগাড়ি, বিঘ্নিত রেল পরিষেবা

ফরিদাবাদ, ৭ জুন (হি.স.): হরিয়ানার ফরিদাবাদে লাইনচ্যুত হয়ে মালগাড়ির দু''''টি বগি। কয়লা নিয়ে উত্তর প্রদেশের আগ্রা থেকে দিল্লি যাচ্ছিল ওই মালগাড়িটি। শুক্রবার সকাল ৯.৩০ মিনিট নাগাদ ফরিদাবাদ রেল স্টেশনের কাছে লাইনচ্যুত হয়ে যায় মালগাড়ির দু''''টি বগি। এই দুর্ঘটনায় কেউ হতাহত হননি।
রেল সূত্রের খবর, শুক্রবার সকাল সাড়ে ৯টা নাগাদ ফরিদাবাদ রেল স্টেশনের কাছে লাইনচ্যুত হয়ে যায় কয়লাবোঝাই একটি মালগাড়ির দু''''টি বগি। মালগাড়িটি আগ্রা থেকে দিল্লি যাচ্ছিল। মালগাড়ি লাইনচ্যুত হয়ে যাওয়ায় রেললাইন কিছুটা ক্ষতিগ্রস্ত হয়েছে। তবে কেউ হতাহত হননি। রেল পরিষেবাও কিছুটা প্রভাবিত হয়েছে।

## দেশের ভালোর জন্য স্থিতিশীল সরকার ভীষণ দরকার : কুমারস্বামী

নয়াদিল্লি, ৭ জুন (হি.স.): দেশের ভালোর জন্য এক স্থিতিশীল সরকার ভীষণ দরকার। এই অভিমত পোষণ করলেন কর্ণাটকের প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা জেডিএস নেতা এইচ ডি কুমারস্বামী। একইসঙ্গে তিনি বলেছেন, 'কোনও দাবি নেই। নরেন্দ্র মোদীকে কাজ করার জন্য সবাই মুক্ত হাত দিয়েছে। একটি স্থিতিশীল সরকার দেশের জন্য গুরুত্বপূর্ণ।'
এনডিএ বৈঠকে যোগ দিতে শুক্রবার সকালে দিল্লিতে আসেন কুমারস্বামী। তিনি আরও বলেছেন, 'আমরা সবাই তাঁর (প্রধানমন্ত্রী মোদী) সঙ্গে আছি, আমরা শুধুমাত্র এনডিএ-র সঙ্গে হাত মেলাচ্ছি। শুধুমাত্র আমিই নই, উন্নয়ন নিয়ে প্রধানমন্ত্রী মোদীর কাছ থেকে অনেক প্রত্যাশা রয়েছে সমগ্র দেশের, বেশ কিছু সমস্যার সমাধান করতে হবে...কোনও দাবি নেই। দেশের জন্য স্থিতিশীল সরকার দরকার, সে জন্য আমরা তাঁর সঙ্গে হাত মেলাচ্ছি।'
এনডিএ-র শরিকরা বিভিন্ন রকম দাবি করছেন বলে শোনা যাচ্ছে, এ প্রসঙ্গে কুমারস্বামীকে জিজ্ঞাসা করা হলে, তিনি বলেন, 'অবশেষে, সবাই একমত হবে।'

## দিল্লিতে পর্যাপ্ত জল দিচ্ছে না হরিয়ানা, অভিযোগ অতিশীর

নয়াদিল্লি, ৭ জুন (হি. স.): দিল্লিতে পর্যাপ্ত জল দিচ্ছে না হরিয়ানা, এমনটাই অভিযোগ করলেন দিল্লির জলমন্ত্রী অতিশী। শুক্রবার তিনি বলেন, হিমাচল প্রদেশ থেকে আসা জলের প্রবাহ কমিয়ে দিচ্ছে হরিয়ানা, ফলে দিল্লিতে পর্যাপ্ত পরিমাণ জল আসছে না।
উল্লেখ্য, তীব্র তাপপ্রবাহ, সঙ্গে জলকষ্ট, এখন এমনই নাজেহাল পরিস্থিতি রাজধানীর। বিগত বেশ কিছুদিন ধরেই জলসঙ্কটে ভুগছে দিল্লি। এই জলকষ্ট থেকে মুক্তি পেতে পড়শি তিন রাজ্য হরিয়ানা, হিমাচল প্রদেশ ও উত্তর প্রদেশের

## এই মুহূর্তে সরকার গঠনই অগ্রাধিকার, অগ্নিপথ নিয়ে প্রশ্নে মন্তব্য চিরাগের

নয়াদিল্লি, ৭ জুন (হি.স.): এই মুহূর্তে সরকার গঠনই তাঁদের অগ্রাধিকার, জানিয়ে দিলেন লোক জনশক্তি পার্টির (রামবিলাস) প্রধান চিরাগ পাসোয়ান। অগ্নিপথ প্রকল্প নিয়ে জেডিইউ-র অবস্থান প্রসঙ্গে শুক্রবার চিরাগ পাসোয়ানকে প্রশ্ন করা হলে, তিনি বলেন, 'প্রধানমন্ত্রী আমাদের এই স্বাধীনতা দিয়েছেন যে, আমরা জোটের যে কোনও বিষয়ে খোলামেলা আলোচনা করতে পারি। এটা ভালো ব্যাপার যে আমার প্রধানমন্ত্রী সবসময় পরামর্শ শুনতে প্রস্তুত থাকেন। আমরা গত ১০ বছরে সেই অভিজ্ঞতার সাক্ষী।'
এরপরই চিরাগ বলেছেন, 'কোনও শরিক দল যদি মনে করে, আমাদের কোনও পরিকল্পনা পর্য্যালোচনা করা দরকার, আমি মনে করি জোটের মধ্যে সম্মতি আছে যে এটি করা হবে। এখনও পর্যন্ত এই তথ্য নেই যে কতজন যুবক এই প্রকল্পের রোলআউট থেকে উপকৃত হয়েছে...যখন এই সমস্ত তথ্য আমাদের কাছে আনুষ্ঠানিকভাবে আসবে, এই সমস্ত সিদ্ধান্ত জোটে নেওয়া হবে...এই মুহূর্তে, সরকার গঠনই অগ্রাধিকার।'

## এই মুহূর্তে সরকার গঠনই অগ্রাধিকার, অগ্নিপথ নিয়ে প্রশ্নে মন্তব্য চিরাগের

নয়াদিল্লি, ৭ জুন (হি.স.): এই মুহূর্তে সরকার গঠনই তাঁদের অগ্রাধিকার, জানিয়ে দিলেন লোক জনশক্তি পার্টির (রামবিলাস) প্রধান চিরাগ পাসোয়ান। অগ্নিপথ প্রকল্প নিয়ে জেডিইউ-র অবস্থান প্রসঙ্গে শুক্রবার চিরাগ পাসোয়ানকে প্রশ্ন করা হলে, তিনি বলেন, 'প্রধানমন্ত্রী আমাদের এই স্বাধীনতা দিয়েছেন যে, আমরা জোটের যে কোনও বিষয়ে খোলামেলা আলোচনা করতে পারি। এটা ভালো ব্যাপার যে আমার প্রধানমন্ত্রী সবসময় পরামর্শ শুনতে প্রস্তুত থাকেন। আমরা গত ১০ বছরে সেই অভিজ্ঞতার সাক্ষী।'
এরপরই চিরাগ বলেছেন, 'কোনও শরিক দল যদি মনে করে, আমাদের কোনও পরিকল্পনা পর্য্যালোচনা করা দরকার, আমি মনে করি জোটের মধ্যে সম্মতি আছে যে এটি করা হবে। এখনও পর্যন্ত এই তথ্য নেই যে কতজন যুবক এই প্রকল্পের রোলআউট থেকে উপকৃত হয়েছে...যখন এই সমস্ত তথ্য আমাদের কাছে আনুষ্ঠানিকভাবে আসবে, এই সমস্ত সিদ্ধান্ত জোটে নেওয়া হবে...এই মুহূর্তে, সরকার গঠনই অগ্রাধিকার।'

## বিশ্বকাপে সুপার ওভারে পাকিস্তানকে হারাল যুক্তরাষ্ট্র

নিউইয়র্ক, ৭ জুন (হি. স.): অঘটন ঘটাল মোনাঙ্ক প্যাটেলের দল। প্রাক্তন বিশ্বচ্যাম্পিয়ন এবং গতবারের রানার আপ পাকিস্তানকে বিশ্বকাপের প্রথম ম্যাচে হারাল স্বাগতিকরা।
বৃহস্পতিবার যুক্তরাষ্ট্রের ডালাসে পাকিস্তান-যুক্তরাষ্ট্র ম্যাচ টাই হয়। সুপার ওভারে ম্যাচ জিতেছে যুক্তরাষ্ট্র। পাকিস্তানের দেওয়া ১৬০ রানের লক্ষ্যে ব্যাট করতে নেমে নির্ধারিত ওভার শেষে ১৫৯ রানে থামে যুক্তরাষ্ট্র।

# সরকারি রাস্তা নিয়ে বিবাদ, তৃণমূলের দুই গোষ্ঠীর সংঘর্ষে অশান্তি বাসন্তীতে

বাসন্তী, ৭ জুন (হি.স.): দীর্ঘদিন ধরেই এলাকায় তৃণমূলের দুই গোষ্ঠীর মধ্যে বিবাদ রয়েছে। যুব তৃণমূল নেতা গফর মোল্লার সঙ্গে মাদার তৃণমূল নেতা হায়দার নাইয়ার অনুগামীদের মধ্যে বিবাদ রয়েছে। সেই বিবাদের কারণে হায়দার নাইয়ার অনুগামী আনিছুর লস্কর ও তাঁর পরিবারের সদস্যদের বেধড়ক মারধর করে গফর মোল্লার অনুগামীরা। ঘটনায় অন্তত পাঁচজন জখম হয়েছেন। বৃহস্পতিবার রাতে দক্ষিণ ২৪ পরগনার বাসন্তী থানার অন্তর্গত ৭ নম্বর কুমড়োখালি গ্রামে ঘটনাটি ঘটে। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় উত্তেজনা ছড়ালে বাসন্তী থানার পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি সামাল দেয়।
আক্রান্ত আনিছুর লস্কর ও তাঁর পরিবারের সদস্যদের অভিযোগ, তাঁরা হায়দার নাইয়ার সঙ্গে দল করে বলে দীর্ঘদিন ধরেই তাঁদের উপর রাগ অপর গোষ্ঠীর। এমনকি গ্রামে সাধারণের চলাচলের জন্য কংক্রিটের রাস্তা তৈরি হলেও, সেই রাস্তাতে আনিছুরদের চলাচল বারণ ছিল।
বাধ্য হয়েই মাটির রাস্তায় চলাচল করতেন তাঁরা। এ বিষয়ে প্রশাসনের বিভিন্ন মহলে অভিযোগও জানিয়েছিলেন। কিন্তু কোনও লাভ হয়নি।
বৃহস্পতিবার সন্ধ্যায় বৃষ্টি হওয়ায় মাটির রাস্তা চলাচলের অযোগ্য হয়ে পড়ে। এমতাবস্থায় নিজের টোটো নিয়ে কংক্রিটের রাস্তার উপর দিয়ে যান আনিছুর। আর সেই কারণেই রাতে তাঁদের বাড়িতে চড়াও হয়ে গফর মোল্লার অনুগামী রমজান পিয়াদা, ছুন্নত পিয়াদা, ইব্রাহিম মোল্লা, উসমান মোল্লারা মারধর করে তাঁদের। এ বিষয়ে বাসন্তী থানায় অভিযোগ দায়ের হয়েছে।
আহতদের উদ্ধার করে ক্যানিং মহকুমা হাসপাতালে ভর্তি করা হয়েছে। অভিযোগের ভিত্তিতে ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ। যদিও গফর মোল্লা এই অভিযোগ অস্বীকার করেছেন।

# একজন সাংসদকে আক্রমণ করা উচিত নয়, কৃষকদেরও সম্মান প্রাপ্য : সঞ্জয় রাউত

মুম্বই, ৭ জুন (হি.স.): বিজেপি সাংসদ কঙ্গনা রানাউতকে থাপ্পড় মারার নিন্দা করলেন উদ্ধব ঠাকরে ঘনিষ্ঠ শিবসেনা নেতা সঞ্জয় রাউত। তিনি বলেছেন, 'কঙ্গনার প্রতি আমার সহানুভূতি আছে। তিনি এখন সাংসদ। একজন সাংসদকে আক্রমণ করা উচিত নয়, কৃষকদেরও সম্মান করা উচিত।'
বলিউড অভিনেত্রী তথা বিজেপি নেত্রী কঙ্গনা রানাউতকে থাপ্পড় মেরে শাস্তির মুখে চণ্ডীগড় বিমানবন্দরের মহিলা নিরাপত্তারক্ষী কুলবিন্দর কউর। তাঁকে সাসপেন্ড করা হয়েছে। তাঁর বিরুদ্ধে পুলিশে অভিযোগও দায়ের করা হয়েছে। কিন্তু ভয় পাচ্ছেন না কুলবিন্দর। বরং নিজেই জানিয়েছেন, কেন কঙ্গনাকে থাপ্পড় মেরেছিলেন তিনি। চণ্ডীগড় থেকে দিল্লিতে যাচ্ছিলেন কঙ্গনা। সেখানে নিরাপত্তা তল্লাশির সময়ে ওই সিআইএসএফ কর্মীর সঙ্গে বচসায় জড়িয়ে পড়েন তিনি। অভিযোগ, কঙ্গনা নিজের মোবাইল তল্লাশির জন্য নির্দিষ্ট ট্রে-তে রাখতে চাননি। এর পরই মহিলা নিরাপত্তারক্ষী এসে কঙ্গনাকে সপাটে থাপ্পড় মারেন বলে অভিযোগ।
এ প্রসঙ্গে শুক্রবার সঞ্জয় রাউত বলেছেন, 'কেউ ভোট দেয়, আবার কেউ চড় দেয়। আসলে কি হয়েছে আমি জানি না... কনস্টেবল যদি বলে থাকেন, তাঁর মা-ও আন্দোলনে বসেছিলেন, তাহলে এটা সত্যি। প্রধানমন্ত্রী মোদী যদি বলেন আইনের শাসন থাকতে হবে, তাহলে তা হাতে নেওয়া উচিত নয়... কৃষক আন্দোলনের লোকজন ভারতের ছেলে-মেয়ে। কেউ যদি ভারত মাতাকে অপমান করে এবং তাতে কেউ ক্ষুব্ধ হয়, তাহলে ভাবার বিষয়।'

# পাঁচটি প্লাটফর্ম বন্ধ শিয়ালদহে; বাতিল অনেক ট্রেন, ভোগান্তি চরমে যাত্রীদের

কলকাতা, ৭ জুন (হি.স.): কথায় আছে, 'আজকের অসুবিধা তো আগামীর সুবিধা'। যাত্রীদের সুবিধার্থে ১২ বগির ট্রেন চালানোর পরিকাঠামো তৈরির জন্য রবিবার দুপুর পর্যন্ত বন্ধ শিয়ালদহ স্টেশনের ১ থেকে ৫ নম্বর প্ল্যাটফর্ম বন্ধ রাখা হয়েছে। আগামীর এই সুবিধার জন্য বর্তমানে সমস্যার সম্মুখীন যাত্রীরা। শিয়ালদহ স্টেশনের মেন এবং উত্তর শাখায় প্রায় ৯০টি ট্রেন বাতিল হওয়ায় চরম ভোগান্তিতে নিত্যযাত্রীরা।
শুক্রবার সকালে অফিসের ব্যস্ত সময়ে ট্রেন বাতিল হওয়ায়, সময় মতো ট্রেন না চলায় প্রতিটি স্টেশনে উপচে পড়ে নিত্যযাত্রীদের ভিড়। ট্রেন এলেও সেগুলিতে বাদুড়ঝোলা ভিড়। ফলে ভিড়ের চাপে অনেকেই ট্রেনে উঠতে পারেননি। বাধ্য হয়ে তাই গন্তব্যে পৌঁছতে যাত্রীদের বিকল্প ব্যবস্থা করতে হয়েছে।
১২ বগির ট্রেন চালানোর পরিকাঠামো তৈরির জন্য রবিবার দুপুর পর্যন্ত বন্ধ শিয়ালদহ স্টেশনের ১ থেকে ৫ নম্বর প্ল্যাটফর্ম বন্ধ থাকছে। এর ফলে চাপ বাড়ল কলকাতা ও দমদম স্টেশনের ওপর। চারটি দূরপাল্লার ট্রেন শিয়ালদহের পরিবর্তে ছাড়বে কলকাতা স্টেশন থেকে। দমদম থেকে অতিরিক্ত বাস পরিষেবা দিতে রাজ্য সরকারের কাছে আবেদন জানিয়েছে পূর্ব রেল।

# পুণের হোস্টেলে আগুনে মৃত্যু প্রহরীর, সুরক্ষিত উদ্ধার ৪০ জনের বেশি ছাত্রী

পুণে, ৭ জুন (হি.স.): মহারাষ্ট্রের পুণের একটি হোস্টেলে আগুনে প্রাণ হারালেন প্রহরী। এছাড়াও কমপক্ষে ৪০ জনের বেশি ছাত্রীকে সুরক্ষিত অবস্থায় উদ্ধার করা হয়েছে। বৃহস্পতিবার গভীর রাত ১.৩০ মিনিট নাগাদ পুণে শহরের শানিপার এলাকায় অবস্থিত একটি পাঁচতলা বাড়ির হোস্টেলে আগুন লাগে।
পুণে মিউনিসিপ্যাল কর্পোরেশনের মুখ্য দমকল অফিসার দেবেন্দ্র পটফোড জানিয়েছেন, আগুন লাগার পর ওই বাড়ির দোতলায় হোস্টেলে থাকা ৪২ জন ছাত্রীকে উদ্ধার করা হয়। ওই বাড়ির নিচতলায় একটি অ্যাকাউন্টিং একাডেমিতে আগুন লাগে। দমকল কর্মীদের চেষ্টায় আগুন নিভে যাওয়ার পর, একজনের দেহ উদ্ধার হয়। তিনি ওই বাড়ির প্রহরী ছিলেন।
ডেপুটি কমিশনার অফ পুলিশ (জোন-১) সন্দীপ সিং গিল বলেছেন, মৃত ব্যক্তি প্রহরী ছিলেন, যিনি নিচতলায় একটি ঘরের ভিতরে ছিলেন। ওই ব্যক্তির নিথর দেহ সাসুন জেনারেল হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছিল, কিন্তু চিকিৎসকরা তাঁকে মৃত ঘোষণা করেন। আগুন লাগার কারণ খতিয়ে দেখা হচ্ছে বলে জানিয়েছেন দমকল।

## নাগরাকাটায় পুকুরে তলিয়ে যাওয়া কিশোরের দেহ উদ্ধার

নাগরাকাটা, ৭ জুন (হি.স.) : জনস্বাস্থ্য কারিগরি দফতরের খনন করা লালঝামেলা বস্তির পুকুরে স্নান করতে নেমে তলিয়ে যায় অষ্টম শ্রেণির এক পড়ুয়া। দীর্ঘ তল্লাশির পর অবশেষে কিশোর ওরাওঁ নামে ওই পড়ুয়ার দেহ উদ্ধার করল এনডিআরএফ টিম। বৃহস্পতিবার দুপুরে পুকুরে নেমে তলিয়ে যায় জলপাইগুড়ি জেলার ওদলাবাড়ি চা বাগানের বাসিন্দা কিশোর। তারপর থেকে সে নিখোঁজ ছিল। গতকাল দীর্ঘক্ষণ তল্লাশির পরও তার খোঁজ মেলে না। অবশেষে সন্ধ্যায় শিলিগুড়ি থেকে এনডিআরএফ টিম পৌঁছোয়। রাতেই জেনারেটারের আলো জ্বেলে উদ্ধারকাজে নামে তারা। তবে আবহাওয়া প্রতিকূল থাকায় সমস্যা তৈরি হয়। অবশেষে শুক্রবার সকাল ৬টা থেকে ফের উদ্ধারকাজ শুরু হয়। বোট ও ডুবুরি নামিয়ে পুকুরে চালানো হয় তল্লাশি। উদ্ধার হয় কিশোরের দেহ। পুলিশ দেহটি উদ্ধার করে ময়নাতদন্তে পাঠিয়েছে।



শুক্রবার কোর্টের কর্মচারী সংঘের উদ্যোগে বৃক্ষরোপন অনুষ্ঠানের আয়োজন করা হয়।




**আজ বিশ্ব ফুড সেফটি দিবস। দিবসটিকে উদ্‌যাপন করে রুটি ব্যাঙ্ক ফাউন্ডেশান। এই উপলক্ষ্যে বটতলা এলাকায় দুপুর বেলায় কিছু লোককে খাবার বিতরণ করা হয়। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সংস্থার সকল সদস্যরা।**

## মহিলার

● প্রথম পাতার পর

ট্রেনে করে ধর্মনগরে আসেন বেশ কয়েকজন জল-শামুক শিকারি। তারা প্রায় সময় রাজ্যের বিভিন্ন নদী থেকে জল-শামুক ধরে বাজারে বিক্রি করে সংসার প্রতিপালন করে আসছেন। শুক্রবার একই কাজে তারা চার জন ওই এলাকায় জল-শামুক ধরতে যান।

সাথে থাকা এক মহিলা জানিয়েছেন, নদী থেকে জল-শামুক ধরে উপরে উঠার সময় সেখানে পড়ে থাকা একটি বিদ্যুতের তারে লেগে ছটফট করতে থাকেন মৃত মহিলা। পরবর্তীতে স্থানীয় লোকজনদের সহযোগিতায় খবর দেওয়া হয়েছে দমকলবাহিনীকে। দমকলকর্মীরা আহতকে উদ্ধার করে জেলা হাসপাতালে নিয়ে গিয়েছিল। কিন্তু কর্তব্যরত চিকিৎসক ওই মহিলাকে মৃত বলে ঘোষণা করেন।

# করিমগঞ্জে গ্রেফতার কুখ্যাত দুই সাইবার অপরাধী, উদ্ধার নগদ ৫০ লক্ষ টাকা

করিমগঞ্জ (অসম), ৭ জুন (হি.স.) : 'ক্রিপ্টো কারেন্সি'র নামে কোটি কোটি টাকা সাবাড় করার সঙ্গে জড়িত কুখ্যাত দুই সাইবার অপরাধীকে করিমগঞ্জের রাতাবাড়িতে গ্রেফতার করেছে পুলিশ। তাদের হেফাজত থেকে পুলিশ উদ্ধার করেছে নগদ ৫০ লক্ষ টাকা। ধৃত দুই সাইবার অপরাধীকে সুলতান আহমেদ চৌধুরী এবং মুস্তাকিন আহমেদ লস্কর বলে শনাক্ত করা হয়েছে। ধৃত সুলতানের বাড়ি কাছাড় জেলার কাটিগড়া থানাধীন লেবারপুতা গ্রামে এবং মুস্তাকিন আহমেদ একই জেলার অন্তর্গত সোনাইয়ের বাসিন্দা বলে পুলিশ সূত্রে জানা গেছে।

করিমগঞ্জের অতিরিক্ত পুলিশ সুপার প্রতাপ দাস আজ শুক্রবার এ খবর জানিয়েছেন। তিনি জানান, ক্রিপ্টো কারেন্সির নামে আমজনতাকে ভুল বুঝিয়ে দীর্ঘদিন থেকে প্রতারণা চলছিল করিমগঞ্জে। এ কাজে বেশ কয়েকজন এজেন্ট নিয়োগ করেছিল এই প্রতারক চক্র। তাদের পরামর্শ অনুযায়ী এজেন্টরা জনগণের কাছ থেকে অর্থ সংগ্রহ করত। প্রদেয় মূল টাকার সঙ্গে অধিক লাভের প্রলোভন দেওয়া হতো জনতাকে।অতিরিক্ত পুলিশ সুপার জানান, গতকাল বৃহস্পতিবার করিমগঞ্জের কানাইবাজার এলাকার আতানগরের জনৈক জাহান উদ্দিন নামের ব্যক্তির অভিযোগের ভিত্তিতে ১২৬/২৪ নম্বরে মামলা রুজু করে তদন্ত শুরু করা হয়। তদন্তে নেমে গতকালই মধ্যরাতে রাতাবাড়ি থানার পুলিশ এই দুই সাইবার অপরাধীর সন্ধান পেয়ে তাদের গ্রেফতার করে।তিনি জানান, অভিযুক্ত সুলতান আহমদের বাড়িতে অভিযান চালিয়ে নগদ ৫০ লক্ষ টাকা, দুটি মোবাইল ফোনের হ্যান্ডসেট, অ্যাপলের ল্যাপটপ, চার চাকার দামি টাটা ন্যাক্সাস গাড়ি সহ বহু আপত্তিজনক নথি বাজেয়াপ্ত করা হয়েছে।আজ শুক্রবার ভোরে তাদের নিয়ে আসা হয়েছে করিমগঞ্জ সদর থানায়। দুই অভিযুক্তকে সদর থানায় টানা জিজ্ঞাসাবাদ চালিয়ে যাচ্ছেন পুলিশের পদস্থ আধিকারিকরা।সাইবার ক্রাইমের বিরুদ্ধে করিমগঞ্জ পুলিশের এটা বড় সাফল্য বলে দাবি করে জেলার অতিরিক্ত পুলিশ সুপার প্রতাপ দাস আরও জানান, সাইবার অপরাধের জাল বহু দূর বিস্তৃত। শুধু বরাক কিংবা অসম নয়, ভারতের বিভিন্ন রাজ্যে সাইবার অপরাধ চক্রীরা প্রতারণার ফাঁদ পেতেছে। শীঘ্রই আরও অপরাধী ধরা পড়বে বলে আশা ব্যক্ত করেছেন তিনি।অতিরিক্ত পুলিশ সুপার দাস জানান, ইতিমধ্যে ধৃত দুজনকে জিজ্ঞাসাবাদ করে অনেক তথ্য লাভ করেছেন তাঁরা। তবে তদন্তের স্বার্থে সে সব খোলসা করা সম্ভব নয়, বলেন অতিরিক্ত পুলিশ সুপার প্রতাপ দাস।

## মৃত্যু ব্যক্তির

● প্রথম পাতার পর

তদন্তের জন্য জোলাইবাড়ী সামাজিক স্বাস্থ্য কেন্দ্রে পাঠিয়েছে।কিন্তু মৃত্যুর কারন এখনো পর্যন্ত জানা যায় নি। রহস্যজনক মৃত্যুর কারন খুঁজতে তদন্তে নামে পুলিশ।ঘটনার বিবরণে গিয়েছে, আজ বেলা আনুমানিক ১২ টা ৩০ মিনিট নাগাদ শান্তির বাজার মহকুমার অন্তর্গত পশ্চিম মুহুরীপুর এলাকায় রেল লাইনে আগরতলা সাব্রুমগামী রেলে কাঁটা পড়ে মৃত্যু হয়েছে নিখিল নন্দী (৬২)। তাঁর বাড়ি পিলাক জাঙ্গালিয়া পাড়ায়। তিনি সকালবেলায় কাজের উদ্দ্যেশ্যে হয়েছিলেন। এদিকে খবর পেয়ে ঘটনাস্থলে গিয়েছে বাইখোড়া থানার পুলিশ। পুলিশ মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য জোলাইবাড়ী সামাজিক স্বাস্থ্য কেন্দ্রে পাঠিয়েছে। এখনো পর্যন্ত মৃত্যুর সঠিক কারণ জানা যায় নি। ওই ঘটনায় বাইখোড়া থানার পুলিশ তদন্তে নেমেছে।

## কাজ শুরু

● প্রথম পাতার পর

আধিকারিকরা। জেলাশাসক দিলীপ কুমার চাকমা নির্মানকারী সংস্থাকে দ্রুত এই বিষয়ে পদক্ষেপ নিয়ে রাস্তা সংস্কার করার নির্দেশ দিয়েছেন। সেই মোতাবেক রাস্তা নির্মাণকারী সংস্থা এন.এইচ.আই.ডি.সি.এল জেলাশাসককে আশ্বস্ত করেন যে ২০২৪-এর ডিসেম্বর মাসের মধ্যে রাস্তা গুলোর সংস্কার করা হয়ে যাবে।

এই বিষয় নিয়ে জেলাশাসক দিলীপ কুমার চাকমা সাত জুন শুক্রবার বিকেলে সংবাদ প্রতিনিধিদের মুখোমুখি হয়ে জানান যে, স্থানীয় জনসাধারণ জাতীয় সড়কের পাশে নিকাশী-ব্যবস্থা নিয়ে যে অভিযোগ করেছেন সেটা সত্য। কারন, উত্তর জেলার জম্পুইতে যে পাথর যুক্ত মাটি রয়েছে ঊনকোটি জেলায় সেটা অনেকটাই কম বা নেই বললেই চলে। তাই রাস্তার পাশের গার্ড ওয়াল গুলো আরো উন্নত করা এবং নিকাশী-ব্যবস্থার ক্ষেত্রে বিশেষ নজর দেওয়ার বিষয়ে সংশ্লিষ্ট রাস্তা নির্মাণকারী সংস্থাকে নির্দেশ দিয়েছেন। এছাড়াও স্থানীয় পূর্ত দপ্তরকেও রাস্তা নির্মাণকারী সংস্থা এন.এইচ.আই.ডি.সি.এল-কে সহযোগিতা করা ও বিশেষ নজর রাখার জন্যও নির্দেশ দিয়েছেন জেলাশাসক দিলীপ কুমার চাকমা।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

বিজ্ঞাপন বিভাগ
জাগরণ

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ **রিলিভার্স :** ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ **(টোলফ্রি : ২৪ ঘন্টা)। ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ **(পি বি এক্স), আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

## পেশ

● প্রথম পাতার পর

করেন।এদিকে, এনডিএ সর্বদা দুর্নীতিমুক্ত ও সংস্কারমুখী স্থিতিশীল সরকার দিয়েছে দেশকে। জোর দিয়ে বললেন প্রধানমন্ত্রী তথা এনডিএ সংসদীয় দলের নেতা নরেন্দ্র মোদী। শুক্রবার মোদী বলেছেন, 'কংগ্রেস নেতৃত্বাধীন ইউপিএ নিজেদের নাম পরিবর্তন করেছে, কিন্তু তাঁরা নিজেদের দুর্নীতির জন্য পরিচিত। নিজেদের নাম পরিবর্তন করা সত্ত্বেও দেশ তাঁদের ক্ষমা করেনি, দেশ তাঁদের প্রত্যাখ্যান করেছে...আমি বলতে পারি, তাঁদের এক দফা এজেন্ডা মাত্র একজনের বিরোধিতা করার কারণেই দেশের মানুষ তাঁদের বিরোধী দলে বসিয়েছে।'সংবিধান সদন (পুরানো সংসদ)-এর সেন্ট্রাল হলে এনডিএ-র সংসদীয় দলের বৈঠকে মোদী আরও বলেছেন, 'দক্ষিণ ভারতে এনডিএ নতুন রাজনীতির ভিত মজবুত করেছে। কর্ণাটক ও তেলেঙ্গানার দিকে দেখুন, সেখানে সম্প্রতি রাজ্য সরকার গঠিত হয়েছে। কিন্তু মানুষের আস্থা মুহূর্তের মধ্যে ভেঙে যায় এবং তাঁরা একটি ভ্রম থেকে বেরিয়ে আসে। তাঁরা কর্ণাটক ও তেলেঙ্গানায় এনডিএ মেনে নিয়েছে। অনেকে জানত যে আমরা হয়তো কোনও আসন জিততে পারব না, কিন্তু আমরা এই লড়াইয়ে ঐক্যবদ্ধ থাকব... আমরা হয়তো তামিলনাড়ুর একটি আসনও জিততে পারতাম না কিন্তু সেখানে এনডিএ-র ভোটের ভাগ যে দ্রুততার সঙ্গে বেড়েছে, তা স্পষ্ট বার্তা দিচ্ছে - "কাল মে কেয়া লিখা হুয়া হ্যায়"। প্রথমবার, আমাদের একজন প্রতিনিধি এসেছেন কেরল থেকে।'অপরদিকে, কংগ্রেসের তীব্র সমালোচনা করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। একইসঙ্গে কংগ্রেসকে কটাক্ষ করেছেন মোদী। শুক্রবার এনডিএ সংসদীয় দলের বৈঠকে মোদী বলেছেন, '১০ বছর পরও কংগ্রেস ১০০ আসনের অঙ্ক ছুঁতে পারেনি। যদি আমরা ২০১৪, ২০১৯ এবং ২০২৪ সালের নির্বাচনগুলিকে একত্রিত করি, তবে এই নির্বাচনে বিজেপি যতটা আসন পেয়েছে, কংগ্রেস ততটা আসনও পায়নি। আমি স্পষ্ট দেখতে পাচ্ছি ইন্ডি জোটের লোকজন আগে ধীরে ধীরে ডুবছিল, এখন তাঁরা দ্রুত গতিতে ডুবে যাচ্ছে।'মোদী আরও বলেছেন, 'আমরা পরাজিত ছিলাম না, পরাজিতও হইনি। আমাদের মূল্যবোধ এমন যে আমরা জয়ের কোলে উন্মাদনা গড়ে তুলি না এবং পরাজিতকে উপহাস করার মূল্যবোধও আমাদের নেই। আমরা বিজয়ীদের রক্ষা করি এবং পরাজিতদের উপহাস করার বিকৃতি আমাদের নেই। এগুলি আমাদের মূল্যবোধ। লোকসভা নির্বাচনের আগে কার সরকার ক্ষমতায় ছিল, এমন প্রশ্ন কোনও শিশুকে করতে পারেন? সে বলবে এনডিএ। তারপর তাঁকে জিজ্ঞাসা করুন, ২০২৪ সালের পরে কে সরকার গঠন করেছে, এবং সে বলবে এনডিএ। আগেও এনডিএ ছিল, এখনও এনডিএ আছে এবং ভবিষ্যতেও এনডিএ থাকবে, কিন্তু ১০ বছর পরেও কংগ্রেস ১০০ আসন ছুঁতে পারেনি।'অন্যদিকে, বিজেপির লৌহপুরুষ হিসেবে পরিচিত লালকৃষ্ণ আডবাণী ও প্রবীণ বিজেপি নেতা লালকৃষ্ণ আডবাণীর সঙ্গে দেখা করলেন নরেন্দ্র মোদী। শুক্রবারই এনডিএ সংসদীয় দলের নেতা নির্বাচিত হয়েছেন মোদী, আগামী রবিবার তৃতীয়বারের জন্য দেশের প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেবেন তিনি।এনডিএ সংসদীয় দলের বৈঠক শেষ হওয়ার পরই ভারতরত্ন লালকৃষ্ণ আডবাণীর বাড়িতে যান মোদী। আডবাণীর বাড়িতে গিয়ে তাঁর সঙ্গে দেখা করেন মোদী, তাঁর আশীর্বাদ নেন। এরপর মোদী যান মুরলী মনোহর জোশির বাসভবনে। সেখানে গিয়ে জোশির আশীর্বাদ নেন মোদী। প্রবীণ এই বিজেপি নেতা মোদীকে উত্তরীয় পরিয়ে অভিবাদন জানান।

## অনুমোদন

● প্রথম পাতার পর

জানান, গত অর্থবছরে বাংলাদেশের সাথে ৭১৫ কোটি ৯৮ লক্ষ টাকা বাণিজ্য হয়েছে। তিনি জানান, রাজ্যের শ্রীনগর সীমান্ত হাটটি চালু রয়েছে এবং খুব শীঘই কমলাসাগর সীমান্ত হাটটি পুনরায় চালু করা হবে। সচিব জানান, ত্রিপুরা শিল্পোন্নয়ন নিগম ২০২৩-২৪ অর্থবছরে লিজ রেন্ট এবং লিজ প্রিমিয়াম বাবদ ৯ কোটি ৮০ হাজার টাকা সংগ্রহ করেছে, যা রাজ্যের ইতিহাসে সর্বোচ্চ।

সাংবাদিক সম্মেলনে সচিব আরও জানান, ত্রিপুরা চা উন্নয়ন নিগমের উদ্যোগে ইতিমধ্যেই রাজ্যে আগরতলা টি অকশন সেন্টারের উদ্বোধন করা হয়েছে। বন্ধ কুণ্ড টি প্রসেসিং ফ্যাক্টরিটিকে আধুনিকীকরণের উদ্যোগ নেওয়া হয়েছে। মাছমারায় একটি মিনি টি-প্রসেসিং ফ্যাক্টরি গড়ার উদ্যোগ নেওয়া হয়েছে। এমবিবি বিশ্ববিদ্যালয়ে টি-ম্যানেজমেন্ট কোর্স চালু করার বিষয়টি বিবেচনাধীন রয়েছে। তিনি বলেন, রাজ্যের ১৯টি সরকারি আইটিআই-এ ৩,৯৭৫ আসনে ভর্তি প্রক্রিয়া ২ সেপ্টেম্বর, ২০২৪ থেকে শুরু হবে। এছাড়াও তিনি 'উন্নতি' প্রকল্প, পিএমএফএমই প্রকল্প ইত্যাদির তথ্যও তুলে ধরেন। সাংবাদিক সম্মেলনে শিল্প ও বাণিজ্য দপ্তরের অধিকর্তা বিশ্বশ্রী বি উল্লেখিত দপ্তরের বিভিন্ন উদ্যোগ ও দক্ষতা উন্নয়ন দপ্তরের বিভিন্ন কর্মসূচিগুলি বিস্তারিতভাবে তুলে ধরেন।

## জিতেন্দ্রের

● প্রথম পাতার পর

সালেমাতেও একই ধরণের ঘটনা ঘটেছিল। ধলাই জেলার দুর্গা চৌমুহনি আরডি ব্লকে সিপিআই(এম) এবং কংগ্রেস প্রতিনিধিদের উপর হামলার চেষ্টা করেছিল গুন্ডাবাহীনি। এমনকি, গত ২০ মে পশ্চিম ত্রিপুরা জেলার জিরানিয়াতেও একই ধরনের ঘটনা ঘটেছিল। বিজেপির একাংশ কর্মীরা নির্বাচনের শান্তিপূর্ণ পরিবেশ নষ্ট করার প্রয়াস করছে। তাই মুখ্যসচিবের নিকট চিঠি দিয়ে হস্তক্ষেপ দাবি জানিয়েছেন তিনি।

## দাবি

● প্রথম পাতার পর

করে দুর্ভোগের শিকার হয় ছোট মাজারি যানবাহন চালকরা। অসুবিধা ভোগ করতে হয় যাত্রী সাধারণকে।

এ নিয়ে বিগত কয়েক বছর ধরে কাঠালিয়া পূর্ত দপ্তরের কাছেও বিষয়টা জানানো হয়। জানানো হলে কয়েকদিন পর কয়েকজন শ্রমিক রেখে নামমাত্র জল নিকাশি চ্যানেলগুলি সংস্কার করে দেওয়া হয়। আবার পুনরায় আশেপাশের আবর্জনা এসে সমস্ত চ্যানেলগুলি ভর্তি হয়ে থাকে। যানচালক সহ এলাকাবাসীর দাবি, অতি দ্রুত যেন কাঠালিয়ার পিডব্লিউডি দপ্তর উদ্যোগ নিয়ে জল নিকাশি চ্যানেল সংস্কার করার উদ্যোগ গ্রহণ করে।

# আরোহণ প্রকল্পে মেন্টরদের নাম নথিভুক্তি করতে জেলাশাসকের আহ্বান

করিমগঞ্জ (অসম), ৭ জুন (হি.স.) : করিমগঞ্জের মাধ্যমিক স্তরের বিদ্যালয়গুলিতে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ থেকে আরোহণ প্রকল্প চালু করার উদ্যোগ নিয়েছেন জেলাশাসক মৃদুল যাদব। এ ব্যাপারে জেলার সমস্ত বিভাগের প্রধান তথা কলেজ, হাইমাদ্রাসা ও হাইস্কুলের প্রধানশিক্ষকদের কাছে চিঠি পঠিয়েছেন তিনি।এতে সকল শিক্ষাকর্মী ও কর্মচারীদের আরোহণ পোর্টালে গিয়ে ২৫ জুনের মধ্যে মেন্টর হিসেবে নাম নথিভুক্ত করতে আহ্বান জানানো হয়েছে। এ ব্যাপারে শিক্ষাকর্মী ও কর্মচারীদের উৎসাহিত করার জন্য বিভাগীয় প্রধানদের অনুরোধ জানিয়েছেন জেলাশাসক।

পত্রে জানানো হয়েছে, জাতীয় শিক্ষানীতি ২০২০-এর বাস্তবায়নে অসম সরকার মাধ্যমিক স্তরে প্রতিভা সম্পন্ন শিক্ষার্থীদের অগ্রগতির প্রতি লক্ষ্য রেখে রাজ্যব্যাপী আরোহণ প্রকল্প চালু করার সিদ্ধান্ত নিয়েছে। এই প্রকল্পের মাধ্যমে নবম থেকে দ্বাদশ শ্রেণিতে পাঠরত ১৩-১৮ বছরের শিক্ষার্থীদের তাদের কর্মজীবনের অগ্রগতি তথা সামগ্রিক বিকাশের জন্য পারিচালনা করা ও পরামর্শ দান করা হবে।প্রতিটি জেলায় মেন্টরদের নিয়ে গঠিত হবে একটি মিলনায়তন। অষ্টম শ্রেণির প্রথম স্থানাধিকারী অর্থাৎ যে শিক্ষার্থী বর্তমানে নবম শ্রেণির পড়ুয়া, সেই শিক্ষার্থী সহ নির্বাচিত শিক্ষার্থী-মেন্টিরা মেন্টরদের এই মিলনায়তনের মাধ্যমে কর্মজীবনের ক্ষেত্রে বিশেষভাবে উপকৃত হবে। মেন্টর-মেন্টির অনুপাত হবে ১:১।

চিঠিতে আরও জানানো হয়েছে, মেন্টর হতে পারবেন সরকারি কাজে কর্মরত কিংবা অবসরপ্রাপ্ত কোনও বরিষ্ঠ আধিকারিক বা কোনও অধ্যাপক বা প্রভাষক বা কর্মচারী বা বিদ্যালয়ের কোনও প্রাক্তনী বা স্নাতকোত্তর স্তরের কোনও শিক্ষার্থী বা নামি কোনও বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত শিক্ষার্থী বা নিজস্ব ব্যবসা বিদ্যমান কোনও উদ্যোক্তা বা দেশে কিংবা বিদেশে কোনও পেশা বা কর্পোরেটের সঙ্গে যুক্ত অসমের কোনও বাসিন্দা।

মেন্টরদের ভূমিকা হবে প্রথমে নির্দিষ্ট পোর্টালে গিয়ে নাম নথিভুক্তি করা, নিরবিচ্ছিন্নভাবে শিক্ষার্থীদের উৎসাহ ও পরামর্শ দেওয়া, মেন্টিদের অগ্রগতি ও অধ্যয়নরত শিক্ষার পরিসমাপ্তি সুনিশ্চিত করা, মিশ্রিত পদ্ধতিতে মেন্টিদের নিয়মিতভাবে সহায়তা ও পরিচালনা করা, মেন্টিদের নিজস্ব পছন্দের ক্ষেত্রে অগ্রসর হতে সহায়তা করা, মেন্টিদের কর্মজীবনের নির্দেশিকা প্রদান করা, প্রতিটি মেন্টির ক্রিয়াকলাপ ও ধারাবাহিক অগ্রগতির নিরিখ লিপিবদ্ধ করা, মেন্টিদের অগ্রগতি সম্পর্কে স্কুল কর্তৃপক্ষ, শিক্ষক, অভিভাবকদের নিয়মিত অবহিত করা।

# স্বাস্থ্য মন্থন কর্মসূচিতে শ্রেষ্ঠ স্থান দখল করিমগঞ্জ জেলার

করিমগঞ্জ (অসম), ৭ জুন (হি.স.) : গতকাল এবং আজ শুক্রবার (৬ এবং ৭ জুন) গুয়াহাটির খানাপাড়াস্থিত আসাম অ্যাডমিনিস্ট্রেটিভ স্টাফ কলেজে জাতীয় স্বাস্থ্য মিশনের উদ্যোগে অনুষ্ঠিত স্বাস্থ্য মন্থন-১২ কর্মসূচিতে করিমগঞ্জ জেলা শ্রেষ্ঠ স্থান দখল করেছে। দুদিনব্যাপী এই অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জাতীয় স্বাস্থ্য মিশনের এমডি এমএস লক্ষ্মীপ্রিয়া (আইএএস)।

এতে করিমগঞ্জ জেলা এমআইএস প্রোগ্রাম (এইচআইএমএস অ্যান্ড আরসিএইচ) বাস্তবায়নে প্রথম স্থান দখল করেছে এবং এনসিডি প্রোগ্রাম বাস্তবায়নে (১০ লক্ষের বেশি জনসংখ্যার জেলা) সেরা পারফর্মিং জেলা হিসাবে স্বীকৃত হয়েছে। এছাড়া ডা. সুদীপ নাগ, মেডিক্যাল অফিসার, নিভিয়া পিএইচসি, উচ্চ ঝুঁকিপূর্ণ গর্ভবতী মহিলাদের জন্য তাঁর অনুকরণীয় পরিষেবার জন্য করিমগঞ্জ জেলার সেরা পারফর্মার হিসাবে সম্মানীত হয়েছেন।করিমগঞ্জ দলের প্রতিনিধিত্ব করেন যুগ্ম স্বাস্থ্য-অধিকর্তা ডা. সুমনা নাইডিং, এনএইচএমের ডিপিএম হানিফ মহম্মদ কে আলম, ডিএমই সুমন চৌধুরী, কল্যাণ পুরকায়স্থ ডিডিএম, শংকরলাল দে ডিডিএম, এল প্রকাশ সিংহ ডিপিসি এনসিডি এবং ফয়েজ উদ্দিন আহমেদ ডিএফপিসি তাদের উৎসর্গীকরণ এবং সহযোগিতামূলক প্রচেষ্টা প্রদর্শন করেছেন, যা এই উল্লেখযোগ্য সাফল্যের প্রতি পরিচালিত করেছে।ডা. সুমনা নাইডিং দলের কৃতিত্বের জন্য তাঁর গর্ব প্রকাশ করেছেন এবং করিমগঞ্জে স্বাস্থ্যসেবার মান বজায় রেখে আরও উন্নত করার জন্য অব্যাহত প্রচেষ্টার গুরুত্বের ওপর জোর দিয়েছেন। এই স্বীকৃতি জেলার সকল স্বাস্থ্যসেবা পেশাদারদের জন্য একটি অনুপ্রেরণা হিসাবে কাজ করবে যাতে তাঁরা শ্রেষ্ঠত্বের জন্য চেষ্টা করে নাগরিকদের অনুকরণীয় পরিষেবা প্রদান করতে পারেন।

# শিলিগুড়িতে পুকুরে ডুবে মৃত্যু কিশোরীর

শিলিগুড়ি, ৭ জুন (হি.স.) : পুকুরে মাছ ধরতে গিয়ে জলে ডুবে দশ বছরের এক কিশোরীর মৃত্যু হয়েছে। ঘটনাটি ঘটেছে শিলিগুড়ির ফাঁসিদেওয়ার হেতমুড়ি সরকারগাছ এলাকায়। নিহত কিশোরীর নাম নিকিতা লাকরা।প্রাপ্ত তথ্যে জানা গেছে, শুক্রবার বিকেলে মেয়েটি তার বাবাকে কৃষিকাজে সাহায্য করতে গিয়েছিল। এ সময় তিনি পুকুরে মাছ ধরতে যান। এরপর মেয়েটি হঠাৎ জলে পড়ে যায়।স্থানীয় লোকজন মেয়েটিকে বাঁচাতে পুকুরে ঝাঁপ দেয়, যদিও ততক্ষণে মেয়েটি মারা গেছে। এ ঘটনায় এলাকায় শোকের ছায়া।

অন্যদিকে, ঘটনার খবর পেয়ে বাগডোগরা থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মৃতদেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ ও হাসপাতালে পাঠায়। ঘটনার তদন্ত শুরু করেছে বাগডোগরা থানার পুলিশ।

# ভরদুপুরে গুলি চলল কালিয়াগঞ্জে, চাঞ্চল্য এলাকায়

কালিয়াগঞ্জ, ৭ জুন (হি. স.) : অবৈধ সম্পর্কের প্রতিবাদ করায় ভরদুপুরে গুলি চলল কালিয়াগঞ্জে। শুক্রবার দুপুরে স্থানীয় ১১ নম্বর ওয়ার্ডে ঘটনাটি ঘটে। বেশ কিছুদিন ধরে স্থানীয় এক মহিলার সঙ্গে অবৈধ সম্পর্ক ছিল এক যুবকের। মহিলা বিবাহিত, তাঁর সন্তানও রয়েছে। অন্যদিকে যুবকও বিবাহিত। এনিয়ে ক্ষুব্ধ ছিলেন স্থানীয় বাসিন্দারা। ঘটনার প্রতিবাদে সরব হন এলাকার প্রবীণ বাসিন্দা উমাচাঁদ দেবশর্মা।সম্প্রতি দিন দশেক ধরে মহিলার খোঁজ নেই। সন্তানদের ফেলে রেখে ওই যুবকের সঙ্গে মহিলা পালিয়ে গিয়েছেন বলে মনে করছেন স্থানীয় বাসিন্দারা। এদিন হঠাৎ এক যুবক ও যুবতীকে সঙ্গে নিয়ে এলাকায় আসে অভিযুক্ত। বন্দুক উঁচিয়ে পরপর ২টি গুলিও চালায় সে। প্রত্যক্ষদর্শী লাকি সাহানী ওরফে সনুর অভিযোগ, দ্বিতীয় গুলিটি তাঁকে লক্ষ্য করে করা হয়। যদিও কেউ হতাহত হননি। গুলির আওয়াজে পাড়ার লোকজন ছুটে আসতেই বিপদ বুঝে নিজের সহযোগীদের বাইক থেকে নামিয়ে চম্পট দেয় অভিযুক্ত যুবক। খবর পেয়ে সেখানে পৌঁছায় পুলিশ। সহযোগী ওই যুবক ও যুবতীকে আটক করা হয়। কালিয়াগঞ্জ থানার আইসি দেবব্রত মুখোপাধ্যায় জানান, এলাকা থেকে কার্তুজের খোল উদ্ধার করা হয়েছে। ঘটনার প্রেক্ষিতে অভিযোগ না দায়ের হলেও স্বতঃপ্রণোদিত মামলা রুজু করা হবে।

## যুবক

● প্রথম পাতার পর

এলাকায় অটো নিয়ে বিশাল রায় ব্রাউন সুগার বিক্রি করতে এসোছিল। সে গত তিনবছর যাবৎ নেশা সামগ্রী বিক্রি করছে। আজ নেশা সামগ্রী বিক্রয় করতে আসলে সুনীল রায় নামে এক যুবক তাকে বাধা দিয়েছিল। পরবর্তী সময়ে তাঁর পেটে বাবা এসে ছুরি দিয়ে আঘাত করে। তাতে গুরুতর আহত হয়েছে সুনীল রায়।

## ধৃত এক

● প্রথম পাতার পর

রাউন্ড গুলি উদ্ধার করা হয়েছে। সাথে বাড়ির মালিককে আটক করা হয়েছে।

## নিখোঁজ গৃহবধূ

● প্রথম পাতার পর

আজ শ্বশুরবাড়ি কদমতলায় ছুটে এসেছেন তিনি। সাথো সাথে কদমতলা থানায় নিখোঁজ মামলা দায়ের করা হয়েছে। পুলিশ ওই ঘটনার তদন্ত শুরু করেছে।

## উদ্বাস্তরা

● প্রথম পাতার পর

উচ্ছেদ করতে হবে। না হলে কেউ ই এই এলাকা ছাড়বে না। এমনকি আরক্ষা দপ্তরের সহযোগিতায় এই এলাকা ছাড়া দুর্ভ্যাদ্য হয়ে দাঁড়াবে। কারণ সরকারি নিয়ম সবার ক্ষেত্রে একই রকম। যারা পাঁচ বছর আগে এসেছে এবং বনদপ্তরের জায়গা দখল করেছে তাদের ক্ষেত্রে যে নিয়ম ইদানিং কাঞ্চনপুরের বিভিন্ন মহকুমা থেকে আসা ৩০-৩৫ টি পরিবারের ক্ষেত্রে ওই একই নিয়ম কার্যকর হতে বাধ্য। তা নিয়ে স্থানীয় এলাকাবাসীরা উত্তর জেলার বন আধিকারিক সুমন মল্লর কাছে এক ডেপুটেশন দেয়।

## মৃত্যু শ্রমিকের

● প্রথম পাতার পর

কাজ করতে গিয়েছিলেন খয়েরপুরের বাসিন্দা শান্তি চক্রবর্তী(৪৫)। হঠাৎ ফ্লাই বোর্ড তার উপর পড়ে গিয়েছিল। তিনি আজ প্রথম ওই গোডাউনে কাজ করতে গিয়েছিলেন। তাতে গুরুতর আহত হয়েছিলেন তিনি। সানীয় মানুষ ঘটনাটি প্রত্যক্ষ করে দমকলবাহিনীকে খবর পাঠিয়েছেন। দমকলকর্মী তাঁকে উদ্ধার করে জিবি হাসপাতালে নিয়ে গিয়েছেন। চিকিৎসাধীন অবস্থায় তাঁর মৃত্যু হয়েছে।

# হাফলঙে একাদশ শ্রেণির ছাত্রের ওপর হামলা, গুয়াহাটির হাসপাতালে স্থানান্তর, গ্রেফতার নয় অভিযুক্ত

হাফলং (অসম), ৭ জুন (হি.স.) : কতিপয় যুবকের হামলায় গুরুতরভাবে আহত হয়েছে ডিমা হাসাও জেলা সদরে অবস্থিত হাফলং সরকারি উচ্চ মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের একাদশ শ্রেণির ছাত্র মাকামিং কুয়াম। গুরুতরভাবে আহত মাকামিংকে উন্নত চিকিৎসার জন্য গুয়াহাটি রেফার করেছেন হাফলং সিভিল হাসপাতালের ডাক্তাররা। সংগঠিত ঘটনার সঙ্গে জড়িত মোট নয় জনকে পুলিশ গ্রেফতার করেছে। ঘটনাটি বৃহস্পতিবার সংগঠিত হয়েছে হাফলং শহরের মেইন রোড সংলগ্ন ফংলো পয়েন্টের পাশে অভারব্রিজে।বৃহস্পতিবারই একাদশ শ্রেণির ছাত্র মাকামিং কুয়ামে হাফলং সরকারি উচ্চ মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে ভর্তি হয়ে প্রথমবার স্কুলে আসে। আর এদিনই স্কুলের বাইরে তাকে ব্যাপক মারপিট করে ফেলে দেয় হামলাবাজ যুবকের দল। এতে মাকামিং কুয়ামের ডান হাত ভেঙে গেছে।ঘটনার খবর পেয়ে পুলিশ গিয়ে গুরুতরভাবে আহত মাকামিংকে হাফলং সিভিল হাসপাতালে নিয়ে ভর্তি করে। তবে আজ শুক্রবার উন্নত চিকিৎসার জন্য তাকে গুয়াহাটি পাঠিয়ে দিয়েছেন চিকিৎসকরা।এদিকে বৃহস্পতিবার সংগঠিত ঘটনার সঙ্গে জড়িত মোট নয় জনকে পুলিশ গ্রেফতার করেছে। অতিরিক্ত পুলিশ সুপার (অপরাধ) ফারুক আহামেদ জানিয়েছেন, গতকাল ফংলো পয়েন্টের কাছে হাফলং সরকারি উচ্চ মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের একাদশ শ্রেণির ছাত্রের ওপর আক্রমণকারী মোট নয়জনকে আজ (শুক্রবার) গ্রেফতার করা হয়েছে। এদের মধ্যে আটজন হাফলং সরকারি উচ্চতর বালিকা বিদ্যালয়ের ছাত্র এবং একজন হাফলং সরকারি উচ্চ মাধ্যমিক বালক বিদ্যালয়ের ছাত্র। আট ছাত্রই ১৮ বছরের নীচে এবং একজন ১৮ বছর বয়সি।

# সেমিফাইনালের লক্ষ্যে এগিয়ে নন্দননগর : আন্তঃ স্কুল গার্লস ক্রিকেটে আজও দুই মাঠে তিনটি ম্যাচ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। আন্তঃ স্কুল গার্লস ক্রিকেট যেন বৃষ্টির কবলে। আগামীকাল সকালে পরিবেশ পরিস্থিতি কেমন হয়, তার উপর নির্ভর করছে ম্যাচের ভবিষ্যৎ।

ত্রিপুরা ক্রিকেট অ্যাসোসিয়েশন আয়োজিত সদর আন্তঃ স্কুল গার্লস ক্রিকেট টুর্নামেন্টের পরবর্তী তিনটি ম্যাচ আগামীকাল অনুষ্ঠিত হচ্ছে। শুক্রবারও বিরতির দিন ছিল। টুর্নামেন্টের কোনও ম্যাচ অনুষ্ঠিত হয়নি। আগামীকাল পুলিশ ট্রেনিং একাডেমী গ্রাউন্ডে সকাল পৌনে নয়টায় আসাম রাইফেলসপাবলিক স্কুল খেলবে প্রাচ্য ভারতি স্কুলের বিরুদ্ধে। একই মাঠে বেলা সোয়া একটায় প্রণবানন্দ বিদ্যামন্দির খেলবে বড়দোয়ালী উচ্চ মাধ্যমিক বিদ্যালয় এর বিরুদ্ধে। নরসিংগড়ের পঞ্চায়েত মাঠে সকাল পৌনে ৯ টায় বিদ্যাসাগর উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ও নন্দননগর স্কুল পরস্পরের মুখোমুখি হবে। উল্লেখ্য, গত রবিবার টুর্নামেন্ট শুরু হয়ে ৪ দিনে দুই মাঠে তিনটি করে ১২টি ম্যাচ ইতোমধ্যে অনুষ্ঠিত হয়েছে। তার মধ্যে আসাম রাইফেলস পাবলিক স্কুল পরপর ৪টি ম্যাচে জয়ী হয়ে পয়েন্ট তালিকার শীর্ষে রয়েছে এবং সেমিফাইনালে খেলা নিশ্চিত করে নিয়েছে। নন্দননগর স্কুল দলও এগিয়ে রয়েছে শেষ চারের লক্ষ্যে।

আগামীকালের ম্যাচে জয় পেলে সেমিফাইনালে খেলার ছাড়পত্র পেয়ে যাবে। এদিকে, ভবনসত্রিপুরা বিদ্যামন্দির, প্রণবানন্দ বিদ্যামন্দির এবং বিদ্যাসাগর বিদ্যালয়ও একটি করে ম্যাচ জিতে সেমিফাইনালের লক্ষ্যে এক ধাপ করে এগিয়ে রয়েছে।

আরও কোনদুটি দল সেমিফাইনালে পৌছুবে তা আগামী দুদিনের ম্যাচের ফলাফলে নিশ্চয়তা পাওয়া যাবে।

প্রথম ম্যাচে প্রণবানন্দ বিদ্যামন্দির কে ২৫ রানে এবং দ্বিতীয় ম্যাচে ভবনসত্রিপুরা বিদ্যামন্দির কে ৬৫ রানে পরাজিত করেছে। আগামীকাল আসাম রাইফেল পাবলিক স্কুল তৃতীয় জয় অর্থাৎ জয়ের হ্যাটট্রিক এর জন্য মাঠে নামবে। নন্দননগর স্কুল একটি মাত্র ম্যাচে বড়দোয়ালি স্কুলের বিরুদ্ধে খেলে সেটিতে ছয় উইকেটে জয়ী হয়ে আপাতত দ্বিতীয় শীর্ষে রয়েছে। আগামীকাল তারা দ্বিতীয় জয়ের উদ্দেশ্যে মাঠে নামছে। ভবনস ত্রিপুরা বিদ্যামন্দির প্রথম ম্যাচে প্রাচ্য ভারতী স্কুলকে ১১৬ রানের ব্যবধানে হারালেও দ্বিতীয় ম্যাচে আসাম রাইফেলস পাবলিক স্কুল এর কাছে ৬৫ রানে হেরে কিছুটা পিছিয়ে যেতে হয়েছে। আগামীকাল তাদের উদ্দেশ্য রয়েছে ফের জয়ে ফিরে আসা। এদিকে প্রণবানন্দ বিদ্যামন্দির প্রথম ম্যাচে হারলেও দ্বিতীয় ম্যাচে বিদ্যাসাগর বিদ্যালয় কে ৮ উইকেটের ব্যবধানে হারিয়ে প্রথম জয়ের স্বাদ পেয়েছে। বলা বাহুল্য, বড়দোয়ালী এবং প্রাচ্য ভারতি স্কুল পরপর দুই ম্যাচে পরাজয় স্বীকার করলেও তৃতীয় ম্যাচে জয় কে টার্গেট করে আগামীকাল তারা মাঠে নামার প্রস্তুতি নিয়েছে।

# টি-টোয়েন্টি বিশ্বকাপ : নামিবিয়াকে হারিয়ে ইংল্যান্ডের চিন্তা বাড়ালো স্কটল্যান্ড

নিউইয়র্ক, ৭ জুন (হি. স.): ”বি” গ্রুপে নামিবিয়াকে হারিয়ে দুই ম্যাচে তিন পয়েন্ট নিয়ে শীর্ষে উঠে এল স্কটল্যান্ড।

স্কটল্যান্ডের এই জয়ে সুপার এইটের যাত্রা কঠিন হয়ে দাঁড়াল ইংল্যান্ডের জন্য।

বৃহস্পতিবার রাতে বার্বাডোসে নামিবিয়াকে ৫ উইকেটে হারিয়েছে স্কটল্যান্ড।

১৫৬ রান তাড়া করতে নেমে ৯ বল হাতে রেখে জয় পেয়েছে তারা।

অধিনায়ক রিচি বেরিংটন ও মাইকেল লিস্কের উপর ভর করে জয় আসে স্কটল্যান্ডের।

১৭ বলে ৩৫ রানের ইনিংসে দলকে জয়ের কাছাকাছি নিয়ে লিস্ক আউট হলেও ক্রিজে টিকে থাকেন অধিনায়ক বেরিংটন। ৩৫ বলে ৪৭ রানের দায়িত্বশীল ইনিংসে দলকে ৫ উইকেটের জয় এনে দেন।

ইংল্যান্ডের সঙ্গে প্রথম ম্যাচটি পরিত্যক্ত হয়েছিল স্কটিশদের। তাতে শক্তিশালী ইংল্যান্ডের বিপক্ষে ১ পয়েন্ট পেয়েছিল তারা। নামিবিয়ার সঙ্গে জয়ে তাদের পয়েন্ট হল ৩। এর ফলে ‘বি’ গ্রুপের শীর্ষে উঠল তারা। স্কটিশরা আর একটা ম্যাচ জিতলে ইংল্যান্ডের সুপার এইটে যাওয়া কঠিন হবে। সেক্ষেত্রে অস্ট্রেলিয়ার বিপক্ষে ইংল্যান্ডকে জিততেই হবে।

এই গ্রুপে ১ ম্যাচ খেলে ২ পয়েন্ট নিয়ে টেবিলের দুইয়ে অস্ট্রেলিয়া, ১ পয়েন্ট নিয়ে চারে ইংল্যান্ড। ২ ম্যাচে এক জয় ও এক হারে ২ পয়েন্ট নিয়ে তিনে নামিবিয়া আর দুই হারে গ্রুপের শেষ স্থানে রয়েছে ওমান।

# ইউরোর ২৬ জনের চূড়ান্ত দল ঘোষণা করল ইতালি

রোম, ৭ জুন (হি. স.): ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপের জন্য ২৬ জনের চূড়ান্ত দল ঘোষণা করল ইতালি। ইউরোর মূল অভিযানে নামার আগে তারা একটি প্রীতি ম্যাচ খেলবে ৯ জুন বসনিয়ার বিপক্ষে। এরপর ১৫ জুন ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপে নিজেদের প্রথম ম্যাচে আলবেনিয়ার মুখোমুখি হবে বর্তমান চ্যাম্পিয়নরা। ইউরোতে ‘বি’ গ্রুপে রয়েছে ইতালি। গ্রুপে তাদের বাকি দুই প্রতিপক্ষ স্পেন ও ক্রোয়েশিয়া। ইউরোর জন্য ইতালির চূড়ান্ত দল: গোলরক্ষক: জিয়ানলুইগি ডোনারুম্মা, অ্যালেক্স মেরেট, গুগলিয়েলমো ভিকারিও ডিফেন্ডার: আলেসান্দ্রো বাস্তোনি, রাউল বেলানোভা, আলেসান্দ্রো বুওঙ্গিওরিনো, রিকার্ডো ক্যালাফিওরি, আন্দ্রেয়া ক্যাম্বিয়াসো, মাত্তেও ডারমিয়ান, জিওভানি ডি লরেঞ্জো, ফেদেরিকো ডিমারকো, ফেদেরিকো গাত্তি, জিয়ানলুকা মানচিনি মিডফিল্ডার: নিকোলো বারেল্লা, ব্রায়ান ক্রিস্টান্তে, নিকোলো ফাগিওলি, মাইকেল ফোলোরুনশো, ডেভিড ফ্রাত্তেসি, জর্জিনহো, লরেঞ্জো পেলেগ্রিনি ফরোয়ার্ড: ফেদেরিকো কিয়েসা, স্টেফান এল শারাওয়ি, গিয়াকোমো রাসপাডোরি, মাতেও রেতেগুই, জিয়ানলুকা স্কামাক্কা, মাতিয়া জাকাগনি।

# সফল অস্ত্রোপচার, তবে জোকোভিচের অলিম্পিক ও উইম্বলডনে খেলা নিয়ে আছে শঙ্কা

সার্বিয়া, ৭ জুন (হি. স.): হাঁটুতে চোটের কারণে ফরাসি ওপেনের মাঝপথে সরে দাঁড়ান নোভাক জোকোভিচ। এমআরআই স্ক্যানে তার ডান পায়ের মেডিয়াল মেনিসকাসে চোট ধরা পড়ার পর তার সফল অস্ত্রপ্রচার হয়েছে। রকর্ড ২৪টি গ্র্যান্ড স্ল্যাম জয়ী সার্বিয়ান তারকা বলেছেন, যত দ্রুত সম্ভব কোর্টে ফিরতে যথাসাধ্য চেষ্টা করবেন তিনি। তবে সেরে উঠতে অন্তত তিন সপ্তাহ লাগবে।

সেক্ষেত্রে আগামী ১ জুলাই শুরু উইম্বলডন। তার খেলার সম্ভাবনা অনেকটাই ক্ষীণ। ২৭ জুলাই শুরু প্যারিস অলিম্পিকসেও তার খেলা নিয়ে আছে শঙ্কা।

# ব্যালন ডি’’অর অনুষ্ঠানের দিনক্ষণ ঘোষণা

প্যারিস, ৭ জুন (হি. স.): ফুটবলের সবচেয়ে সম্মানজনক পুরস্কার ব্যালন ডি’’অর। এই পুরস্কার প্রদানের দিনক্ষণ ঘোষণা করেছে উয়েফা। বৃহস্পতিবার রাতে এক প্রেস বিজ্ঞপ্তিতে এই ঘোষণা করেছে ইউরোপীয় ফুটবলের নিয়ন্ত্রক সংস্থা। এবারের ব্যালন ডি’’অর অনুষ্ঠান হবে এই বছরের ২৮ অক্টোবর। প্যারিসের থিয়েটার ডু শাটালেটে অনুষ্ঠিত হবে ৬৮তম এই অনুষ্ঠান। পুরস্কারের জন্য মনোনীতদের তালিকা প্রকাশ করা হবে চলতি বছরের সেপ্টেম্বরের ৪ তারিখ।

# রাজ্য দলের এথলেটরা এখন গোয়ায় পদকের লক্ষ্যে মাঠে নামছে আগামীকাল

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। ত্রিপুরার মাস্টার্স খেলোয়াড়রা এখন গোয়ায়। আনুষ্ঠানিক উদ্বোধন হয়েছে শুক্রবার। আগামীকাল সাঁতার সহ অন্যান্য ইভেন্টের খেলা রয়েছে। রাজ্য দলের খেলোয়াড়রা মূলতঃ এবার অ্যাথলেটিকস ইভেন্টে অংশ নিচ্ছে।

পদকের লক্ষ্যে রাজ্য দলের খেলোয়াড়রা আগামী ৯ জুন, রবিবার মাঠে নামছে। ১০ জুন পর্যন্ত ওপেন ন্যাশনাল মাস্টার গেম চ্যাম্পিয়নশিপ ২০২৪ আজ থেকে গোয়ায় শুরু হয়েছে। আয়োজক ওয়ান ন্যাশন, ওয়ান ফ্ল্যাগ, ওয়ান সোল স্পোর্টস এবং সর্বভারতীয় যুব ক্রীড়া ও শিক্ষা ফেডারেশন।

রাজ্যের ২০ জন খেলোয়াড়ের একটি দল মঙ্গলবার রেলপথের রওয়ানা হয়ে এখন গোয়ায় অবস্থান করছে। শুক্রবার আনুষ্ঠানিক উদ্বোধনী অনুষ্ঠানেও রাজ্য দল অংশ নিয়েছে। মাস্টার স্পোর্টস উইংয়ের পক্ষ থেকে ২০ সদস্যের এই রাজ্য দলকে জাতীয় গেমস খেলতে পাঠানো হয়েছে। রাজ্য দলের খেলোয়াড়রা হলো: দেবস্মিতা লোধ, অনুরূপা সূত্রধর, সাহানারা বেগম, রাবিয়া বেগম, রাখী সাহা, দেবী রানী দাস, রুনা আক্তার, প্রিয়া ধানুক, প্রিয়াঙ্কা দেববর্মা, আলোকদীপ মারাক, আকাশ বর্মন, সাগর দেব, আয়ুষ নমঃ, গৌতম শূর, রীতা কর। টিম ম্যানেজার - আশিস কর, কোচ - অমিয় কুমার দাস ও মৌমিতা দাস। উল্লেখ্য, রাজ্য দলের সাফল্যের বিষয়ে মাস্টার স্পোর্টস উইংয়ের সম্পাদক প্রিয় লাল সাহা সহ প্রত্যেকে ই যথেষ্ট আশাবাদী।

# দিল্লিতে ত্রিপুরার প্রতিনিধিদের সাথে জুডো ফেডারেশনের বৈঠক অনুষ্ঠিত

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। জুডো ফেডারেশন অফ ইন্ডিয়া থেকে জরুরি তলব ছিল। ই-মেইলে বার্তা পাঠানো হয়েছিল। ত্রিপুরার বেশ ক-জন বিশিষ্ট ব্যক্তিবর্গ শুক্রবার দিল্লিতে জুডো ফেডারেশন অফ ইন্ডিয়ার সাথে বৈঠকে মিলিত হয়েছেন। বেলা বারোটায় দিল্লিতে অনুষ্ঠিত বৈঠকে, অল ত্রিপুরা জুডো অ্যাসোসিয়েশন, ত্রিপুরা স্পোর্টস কাউন্সিল এবং ত্রিপুরা অলিম্পিক অ্যাসোসিয়েশনের অনুমোদন প্রাপ্ত এই সংস্থার পক্ষ থেকে রতন সাহা, অল ত্রিপুরা জুডো অ্যাসোসিয়েশনের সেক্রেটারি প্রনব সাহা এবং ভাইস প্রেসিডেন্ট সত্যজিৎ মজুমদার প্রমূখ উপস্থিত ছিলেন। ই-মেইল বার্তায় রূপক দেবরায়ের নাম উল্লেখ থাকলেও সেস্থলে অন্য দুজন ত্রিপুরার প্রতিনিধি হিসেবে উপস্থিত ছিলেন। দীর্ঘ আলোচনা এবং সমস্ত ডকুমেন্টস ও কাগজপত্র পরীক্ষা নিরীক্ষার পর জুডো ফেডারেশন অফ ইন্ডিয়া অতি শীঘ্রই এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত জানাবে বলে ত্রিপুরার প্রতিনিধিদের অবহিত করেছেন। ত্রিপুরায় জুডোর মানোন্নয়ন ও প্রসারের লক্ষ্যে সঠিক ও বৈধ সংস্থার দায়িত্বভার কে সামলাবেন তা পুরোপুরি নির্ভর করছে জুডো ফেডারেশন অফ ইন্ডিয়ার সিদ্ধান্তের উপর।

# বডি বিল্ডার্স এন্ড ফিটনেস অ্যাসোসিয়েশনের উদ্যোগে শহরে আজ এন্টি ড্রাগ রেলি

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। প্রতিষ্ঠা দিবস উদযাপন উপলক্ষে সমাজ সেবামূলক দারুন এক উদ্যোগ হাতে নেওয়া হয়েছে। আগামীকাল বিকেল সাড়ে চারটায়, আগরতলা শহরে অনুষ্ঠিত হতে যাচ্ছে এক বিশাল রেলি। শিরোনাম এন্টি ড্রাগ রেলি। ট্যাগলাইন - নেশা মুক্ত হোন, যুক্ত হোন ফিটনেস ইন্ডাস্ট্রিতে। ত্রিপুরা বডি বিল্ডার্স এন্ড ফিটনেস অ্যাসোসিয়েশনের প্রতিষ্ঠা দিবস উদযাপন উপলক্ষে এই এন্টি ড্রাগ রেলির আয়োজন করা হয়েছে। আগামীকাল আগরতলা শহরের সিটি সেন্টারের সম্মুখ প্রান্ত থেকে শুরু হয়ে বিভিন্ন রাজপথ অতিক্রম করে রবীন্দ্রভবন প্রাঙ্গণে এসে তা শেষ হবে।

রেলির ফ্ল্যাগ অফ অনুষ্ঠানে এসপি ড় কিরণ কুমার কে, আইপিএস, এসপি মানিক দাস, আইপিএস, সিনিয়র গাইনোকোলজিস্ট ডাঃ জে এল বৈদ্য প্রমূখ উপস্থিত থাকবেন। ভাতৃ-প্রতিম সমস্ত সংস্থার পাশাপাশি সকল এনজিও, সংগঠন এবং প্রতিষ্ঠানকে এই রেলিতে অংশ নিতে উদ্যোক্তাদের পক্ষ থেকে আহ্বান জানানো হয়েছে।

# টি-টোয়েন্টি বিশ্বকাপ: কোহলিকে ছাড়িয়ে বাবরের রেকর্ড

নিউইয়র্ক, ৭ জুন (হি. স.): আন্তর্জাতিক টি-টোয়েন্টিতে সবচেয়ে বেশি রানের রেকর্ড এখন পাকিস্তান অধিনায়ক বাবর আজমের।

ভারতীয় তারকা কোহলিকে ছাড়িয়ে যেতে টি-টোয়েন্টি বিশ্বকাপে বাবরের দরকার ছিল ১৬ রান।

ষোড়শ ওভারে ষষ্ঠ ব্যাটসম্যান হিসেবে আউট হন ৪৩ বলে ৪৪ রান করে। তিন, চার ও ২ ছক্কায় গড়া তার ইনিংসটি।

এর ফলে কোহলিকে বাবর ছাড়িয়ে গেলেন ১১৩ ইনিংসে। তার রান এখন ৪ হাজার ৬৭। ৩টি সেঞ্চুরির পাশে ফিফটি আছে ৩৬টি।

এই সংস্করণে ১১০ ইনিংসে ৪ হাজার ৩৮ রান নিয়ে এতদিন চূড়ায় ছিলেন কোহলি।

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি
উন্নত মুদ্রণ
সাদা, কালো, রঙিন
নতুন ধারায়
রেণ্বো প্রিন্টিং ওয়ার্কস
জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভুবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
মোবাইল ঃ- ৯৪৩৬১২৩৭২০
ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com



এনডিএ সংসদীয় বৈঠকের আগে ড. বি আর আম্বেদকারের রচিত ভারতের সংবিধান গ্রন্থটি প্রণাম করলেন প্রধানমন্ত্রীর নরেন্দ্র মোদি।

## বৃক্ষরোপণ অনুষ্ঠান

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৭ জুন:** বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষ্যে হাইকোর্ট এমপ্লয়িজ অ্যাসোসিয়েশনের উদ্যোগে বৃক্ষরোপণ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এদিন অ্যাসোসিয়েশনের উদ্যোগে রামনগর তিন নাম্বার রোড স্থিত হাইকোর্ট কোয়াটার কমপ্লেক্স বৃক্ষরোপণ উৎসব অনুষ্ঠিত হয়েছে।আজকের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন হাইকোর্টের প্রিন্সিপাল সেক্রেটারি ধীমান দেববর্মা, হাইকোর্ট এমপ্লয়িজ অ্যাসোসিয়েশনের উত্তম কুমার সাহা, সভাপতি সন্দীপ দে সহ অন্যান্য কার্যকর্তারা। অ্যাসোসিয়েশনের জনৈক কার্যকতা বলেন, বিশ্ব উষ্ণায়ন থেকে রক্ষা পেতে হলে জনগণকে বৃক্ষরোপণ করতে হবে।

## মালদায় তৃণমূলের হারে বিস্ফোরক মৌসম

মালদা, ৭ জুন (হি. স.): লোকসভা নির্বাচনে বাংলায় সবুজ ঝড় উঠলেও মালদার দুটি লোকসভা কেন্দ্রে ভরাডুবি হয়েছে তৃণমূলের। খারাপ ফলের জন্য তৃণমূলেরই একাংশকে দায়ী করলেন রাজ্যসভার তৃণমূল সাংসদ মৌসম বেনজির নূর। মৌসম বেনজির নূরের দাবি, প্রার্থী বাছাইয়ে হয়তো গলদ ছিল। মালদা উত্তরে তৃণমূল এবার টিকিট দেয় প্রাক্তন আইপিএস প্রসূন বন্দ্যোপাধ্যায়কে। আর মালদা দক্ষিণে প্রার্থী ছিলেন শাহনওয়াজ আলি রায়হান। দুটি আসনকে পাখির চোখ করে জেলায় বার বার সভা ও রোড শো করেছেন মমতা ও অভিষেক বন্দ্যোপাধ্যায়রা।

# সংসদীয় নেতা নির্বাচিত হওয়ায় নরেন্দ্র মোদিকে অভিনন্দন জানালেন মুখ্যমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৭ জুন:** সংসদীয় নেতা হিসেবে নির্বাচিত হওয়ার পর শুক্রবার নরেন্দ্র মোদিকে অভিনন্দন জানালেন ত্রিপুরার মুখ্যমন্ত্রী প্রফেসর ডাঃ মানিক সাহা। নয়াদিল্লির পুরনো সংসদ ভবনের সেন্ট্রাল হলে আয়োজিত বৈঠকে মোদিকে জয়ের শুভেচ্ছা ও অভিনন্দন জানান মুখ্যমন্ত্রী ডাঃ সাহা। আগামীদিনে তাঁর হাত ধরে দেশ আরো সামনের দিকে এগিয়ে যাবে বলেও আশা প্রকাশ করেন মুখ্যমন্ত্রী। পাশাপাশি ত্রিপুরাতেও ভারতীয় জনতা পার্টির প্রার্থীদের বিপুল সংখ্যাগরিষ্ঠতা নিয়ে জয়ী হওয়ার দরুণ মুখ্যমন্ত্রী ডাঃ সাহাকে শুভেচ্ছা জানান নরেন্দ্র মোদি।

গত চার জুন লোকসভা নির্বাচনের ফলাফল ঘোষণা হয়। এই ফলাফলে ভারতীয় জনতা পার্টি নেতৃত্বাধীন এনডিএ জোট প্রায় ৩০০ এর কাছাকাছি আসন পায়। যা সংখ্যাগরিষ্ঠতা থেকে অনেকটাই বেশি। সেদিনই নিশ্চিত হয়ে যায় যে দেশের প্রধানমন্ত্রী হিসেবে তৃতীয় বারের মতো শপথ নিতে চলেছেন নরেন্দ্র মোদি। সে মোতাবেক ইতিমধ্যেই শরিকদের নিয়ে কয়েক দফায় আলোচনা হয়। এর পর শনিবার অনুষ্ঠিত হয় এনডিএ-র সংসদীয় নেতা নির্বাচিত করার বৈঠক। আর প্রত্যাশিতভাবেই বৈঠকে সংসদীয়



নেতা হিসেবে নির্বাচিত হন নরেন্দ্র মোদি।

এই বৈঠকে ভারতীয় জনতা পার্টি এবং সহযোগী দলগুলির লোকসভা সাংসদদের পাশাপাশি 'আমন্ত্রিত' তালিকায় ছিলেন রাজ্যসভার সাংসদেরাও। আমন্ত্রিতের তালিকায় ছিলেন বিজেপি এবং এনডিএ শাসিত রাজ্যের মুখ্যমন্ত্রীরা। যথারীতি আমন্ত্রিত অতিথি হিসেবে ত্রিপুরা থেকে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী প্রফেসর ডাঃ মানিক সাহাও। আর সেখানেই সংসদীয় নেতা হিসেবে নির্বাচিত হওয়ার জন্য নরেন্দ্র মোদিকে শুভেচ্ছা, অভিনন্দন ও শুভকামনা জানান মুখ্যমন্ত্রী ডাঃ সাহা।

বৈঠকে উপস্থিত ছিলেন ভারতীয় জনতা পার্টির সর্বভারতীয় সভাপতি জে পি নাড্ডা, অমিত শাহ, রাজনাথ সিং, নীতিন গডকড়ী, উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ, শরিক দল টিডিপির প্রধান চন্দ্রবাবু নায়ডু ও জেডিইউ-এর সভাপতি নীতীশ কুমার সহ শীর্ষ স্তরের নেতৃত্ব। এদিন বৈঠকের শুরুতে বিজেপির সভাপতি জে পি নাড্ডা দলের সংসদীয় নেতা হিসাবে মোদির নির্বাচিত হওয়ার কথা ঘোষণা করেন। পরে রাজনাথ সিংহ এনডিএ-র সংসদীয় নেতা হিসাবে নরেন্দ্র মোদির নাম প্রস্তাব করেন।

# নিট-ইউজি পরীক্ষায় কেলেঙ্কারির অভিযোগ এনে তদন্তের দাবি জানাল এসএফআই

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৭ জুন:**এবার নিট-ইউজি পরীক্ষায় কেলেঙ্কারির অভিযোগ, ঘটনার সুষ্ঠু তদন্তের দাবি জানিয়েছে এসএফআই কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটি। ন্যাশনাল টেস্টিং এজেন্সি দ্বারা শিক্ষার কেন্দ্রিকরণের বিরুদ্ধে সকল অংশের ছাত্রছাত্রীদের এগিয়ে আসার আহবান এসএফআই কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির তরফে একটি বিবৃতি প্রকাশ করে জানানো হয়েছে।

উল্লেখ্য, ন্যাশনাল টেস্টিং এজেন্সি ( এনটিএ) পরিচালিত এবছরের নিট-আন্ডার গ্রেজুয়েট পরীক্ষার ফলাফল ঘোষণা করা হয় গত ৫ই জুন ২০২৪। পরীক্ষার ফলাফল ঘোষণার পর থেকেই নিটের পরীক্ষার্থী থেকে শিক্ষকমহল সকলের মধ্যেই ফলাফল নিয়ে নানা প্রশ্ন ও সন্দেহ জন্ম দেয়। জানা যায় এবছর নোট ৬৭ জন সর্বোচ্চ ৭২০ নম্বর পেয়েছেন, এর আগে কখনো এতো সংখ্যায় ৭২০ নম্বর পায়নি ছাত্রছাত্রীরা। নিট পরীক্ষা গোটা দেশের ৪৭৫০টি পরীক্ষা কেন্দ্রে গ্রহণ করা হয় কিন্তু তারমধ্যে হরিয়ানার একটি পরীক্ষাকেন্দ্রে পরপর ৬ জন পরীক্ষার্থী ৭২০ নম্বর পান যা নিয়ে সকলের মনে প্রশ্ন দেখা দিয়েছে। পরীক্ষার ফলে আরো দেখা যায় অনেকে ৭১৮,৭১৯ এরকমের নম্বর পেয়েছেন কিন্তু যেখানে কোনো প্রশ্নের উত্তর সঠিক হলে ৪ নম্বর ও ভুল হলে ১ নম্বর বাতিল হয় সেখানে ৭১৮ বা ৭১৯ পাওয়া কোনোভাবেই সম্ভব নয়।

এনিয়ে ছাত্রছাত্রীদের থেকে চাপ সৃষ্টি করলে এনটিএ জানায় যে তারা অনেকক্ষেত্রে অনুগ্রহ নম্বর দিয়েছে কিন্তু নিট পরীক্ষার আগে প্রকাশিত নির্দেশনামায় এমন অনুগ্রহ নম্বরের দেওয়ার কোনো উল্লেখ ছিল না। সেইসঙ্গে উল্লেখ করতেই হয় পরীক্ষার দিন বিহারের পাটনায় নিট-ইউজির প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ উঠে ও এনিয়ে পুলিশ কয়েকজনকে গ্রেপ্তার পর্যন্ত করে কিন্তু এখন অব্দি এনটিএ প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ নিয়ে কোনো সদর্থক জবাব দেয়নি।

এভাবে পরীক্ষার নম্বর বৃদ্ধির ফলে কাট-অফ নম্বর অনেকটাই বৃদ্ধি হয়েছে এবছর। ফলে অনেক ছাত্রছাত্রীরা যারা আর্থিকভাবে দুর্বল, বিভিন্ন প্রভাবশালী টিউশন সেন্টারে পড়তে পারেনি তারা অযোগ্য বলে গণ্য হবে আবার অনেক মেধাবী কিন্তু সুবিধাবঞ্চিত ছাত্রছাত্রী ভালো নম্বর পেয়েও সরকারি কলেজে পড়ার অধিকার থেকে বঞ্চিত হবে আর্থিক অসচ্ছলতার কারনে।

এমনিতেই এনটিএ এবং এনএমসি (ন্যাশনাল মেডিকেল কাউন্সিল) মেডিক্যাল পরীক্ষায় বেসরকারিকরণের জন্য নানা পদক্ষেপ নিচ্ছে, প্রাইভেট কলেজের সংখ্যা অনেক গুন বেড়েছে। আগেও রাজ্যভিত্তিক জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষায় বিভিন্ন কেলেঙ্কারির অভিযোগ ওঠে এসেছে এখন নিট-ইউজি নিয়েও একই অভিযোগ আসছে।

এই পরিস্থিতিতে ছাত্রছাত্রী ও অভিভাবকদের দুশ্চিন্তায় রাত কাটাতে হচ্ছে কারন অনেকেই আশঙ্কা করছেন পরীক্ষা হয়তো আবারো নিতে পারে এনটিএ। এক্ষেত্রে এখন অব্দি এনটিএ এর তরফ কোনো জবাব আসেনি।

এমতাবস্থায় এসএফআই কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটি দাবি জানিয়েছে- ১)ন্যাশনাল টেস্টিং এজেন্সি (এন টি এ) কে বাতিল করতে হবে।

২) ন্যাশনাল টেস্টিং এজেন্সি দ্বারা পরিচালিত সমস্ত পরীক্ষায়ই বিভিন্ন সময় দুর্নীতির অভিযোগ এসেছে এর নিরপেক্ষ তদন্ত করতে হবে।

## কুড়ি দিবসীয় নাট্য কর্মশালার সমাপ্তি

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ৭ জুন:**রাষ্ট্রীয় নাট্য বিদ্যালয় আয়োজিত কুড়ি দিবসীয় নাট্য কর্মশালা সামার থিয়েটার ওয়ার্কশোপের বর্ণাঢ্য সমাপ্তি অনুষ্ঠান হল বৃহস্পতিবার। এদিন সকাল এগারোটায় ধর্মনগর অর্ধেন্দু স্মৃতিভবন মঞ্চে সমাপ্তি অনুষ্ঠানের উদ্বোধন করেন প্রবীণ সাংবাদিক তথা সাংস্কৃতিক সংগঠক সমর চক্রবর্তী, উনার সাথে উপস্থিত ছিলেন উত্তর জেলার প্রাক্তন শিক্ষা অধিকারীক রিপন চক্রবর্তী সাথে ছিলেন নাট্য ব্যক্তিত্ব তথা সাংবাদিক স্বরূপ ঘোষ সান।

এছাড়াও উপস্থিত ছিলেন এই কুড়ি দিবসীয় নাট্য প্রশিক্ষণ শিবিরের প্রশিক্ষক তথা দিল্লী থেকে আগত বিশিষ্ট নাট্য ব্যক্তিত্ব রজনীস বিস্ট। কর্মশালাটি গত ১৯ মে থেকে ধর্মনগর সরকারি বালিকা বিদ্যালয়ের অডিটোরিয়ামে চলছিল। ধর্মনগরের বিভিন্ন বিদ্যালয়ের মোট ৭৩ জন কচিকাঁচা এই সামার থিয়েটার ওয়ার্কশপে অংশ নেয়।খুব যত্নের সাথে শিক্ষার মাধ্যমে থিয়েটারের অঙ্গ হিসেবে এই কর্মশালায় আগত কচিকাঁচাদের নাট্যশিক্ষা প্রদান করেন কর্মশালার প্রশিক্ষক গন।

এই কর্মশালার মূল প্রশিক্ষক দিল্লী থেকে আগত বিশিষ্ট নাট্য ব্যক্তিত্ব রজনীস বিস্টের সাথে আরো উপস্থিত ছিলেন মণিপুর থেকে আগত হিরম রবীন্দ্র সিং ও পূজা সেন। গোটা প্রশিক্ষণ শিবিরর কর্ডিনেটরের দায়িত্বে ছিলেন কৌস্তুভ চক্রবর্তী।বৃহস্পতিবার কর্মশালার সমাপ্তি অনুষ্ঠানে কর্মশালা থেকে তৈরি মোট পাঁচটি নাটক মঞ্চে পরিবেশিত হয়। পাশাপাশি এই দিন উপস্থিত কচিকাঁচাদের মধ্যে বেশ উৎসাহ পরিলক্ষিত হয়। তাদের পরিবেশিত নাটক গুলো উপস্থিত সকলের মনকেড়ে নেয়।

# চুরি করতে গিয়ে সিসিটিভি ক্যামেরা দেখে লজ্জা পেল চোর

জলপাইগুড়ি, ৭ জুন (হি. স.): ভোর-রাতে অন্ধকারে চুরি করতে ঢুকে ফ্যাসাদে চোর। অন্ধকার মোবাইলের দোকানে ঢুকতেই সিসিটিভি ক্যামেরার মুখোমুখি। ব্যাপারটা বুঝতে পেরেই দু'হাত দিয়ে কোনওক্রমে মুখ ঢাকার চেষ্টা চোরের। কোনওক্রমে মুখ ঢেকে পালিয়ে ক্যামেরা অন্যদিকে ঘুরিয়ে দেয় ওই চোর। তারপর মোবাইলের দোকান থেকে যাবতীয় জিনিসপত্র চুরি করে পালায় সে। শুক্রবার ভোর-রাতে ঘটনাটি ঘটেছে জলপাইগুড়ি জেলার ময়নাগুড়ি সিনেমা হল পাড়ায়।

ওই মোবাইলের দোকানটির উপরে টিনের শেড। সেই টিন ভেঙেই ভিতরে ঢোকে চোর। তারপর ফলস সিলিং ভেঙে সোজা নেমে আসে দোকানের ভিতরে। অন্ধকারের মধ্যে মোবাইলের

দোকানের ভিতর ঘুরতে থাকে। হাতের কাছে মোবাইল, চার্জার যা পেয়েছে, সব হাতাতে থাকে এক এক করে। অন্ধকারে চুরি করতে সমস্যা হচ্ছিল, তাই দোকানের আলো জ্বালায়। এরপরই চোখে পড়ে যায় সিসিটিভি ক্যামেরা। সেই দেখে হাত দিয়ে মুখ ঢেকে কোনওক্রমে ক্যামেরার মুখ অন্যদিকে ঘোরায় সেই চোর। সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখে ঘটনার তদন্ত করছে পুলিশ।

# ৫৭-মাউন্টেন আর্টিলারি ব্রিগেড পরিদর্শনে রাজ্যপাল



**আগরতলা, ৭ জুন।।** রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ আগরতলাস্থিত ৫৭-মাউন্টেন আর্টিলারি ব্রিগেড পরিদর্শন করেন। রাজ্যপাল সেখানে গিয়ে পৌঁছালে ৫৭-মাউন্টেইন আর্টিলারি ব্রিগেডের কমাণ্ডার ব্রিগেডিয়ার বি কে পাণ্ডা তাঁকে স্বাগত জানান। পরিদর্শনকালে সেনা জওয়ানগণ রাজ্যপালকে বিভিন্ন ধরণের সামরিক সরঞ্জাম প্রদর্শন করেন। পরিদর্শনের সময় রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু সেনা আধিকারিক ও জওয়ানদের সাথে মতবিনিময় করেন। দেশের নিরাপত্তায় সেনাবাহিনীর গুরুত্বপূর্ণ ভূমিকার জন্য রাজ্যপাল তাদের অভিনন্দন জানান। ত্রিপুরার যুবকদের সেনাবাহিনীতে যোগদানে উদ্বুদ্ধ করার জন্য এবং ত্রিপুরার সংস্কৃতি ও পর্যটনকেন্দ্রগুলিকে সারা দেশে পরিচিত করার জন্য রাজ্যপাল সেনা আধিকারিক ও জওয়ানদের প্রতি আহ্বান জানান। রাজভবন থেকে আজ এই সংবাদ জানানো হয়েছে।

# সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট সিস্টেম অ্যান্ড ই-হসপিটাল বিষয়কপ্রশিক্ষণ শুরু



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৭ জুন:** রাজ্যের বিভিন্ন হাসপাতাল ও স্বাস্থ্য প্রতিষ্ঠানে ওষুধ, টিকা ও আনুষঙ্গিক সরঞ্জাম যাতে নিরবিচ্ছিন্ন ভাবে মজুত থাকে তা সুনিশ্চিত করার লক্ষ্যে সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট সিস্টেম অ্যান্ড ই হসপিটাল বিষয়ক প্রশিক্ষণ আজ থেকে শুরু হয়েছে আই টি ভবনে। জাতীয় স্বাস্থ্য মিশন ত্রিপুরা আয়োজিত এই প্রশিক্ষণটি তিনদিন ব্যাপী চলবে।

এই প্রশিক্ষণ কর্মশালায় আজ উপস্থিত ছিলেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের সচিব কিরণ গিত্যে, ডাইরেক্টর আইটি জে আর গেশানও যুগ্ম মিশন অধিকর্তা বিনয় ভূষণ দাস সহ অন্যান্য আধিকারিকরা।

এই প্রশিক্ষণে স্বাস্থ্য সচিব ব্যাখ্যা করে বলেন, কাগজপত্রে অর্থাৎ মেনুয়্যালি হিসেব রাখার চাইতে সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট সিস্টেমের গুরুত্ব অধিক এই এসসিএম সফটওয়্যার সিস্টেম ওষুধপত্র, টিকা এবং আনুষঙ্গিক সরঞ্জামের পরিমাণের সঠিক বিশ্লেষণ করে তা মজুত রাখার ক্ষেত্রে ভীষণভাবে সহায়ক। এনআইসি ত্রিপুরার সহযোগিতায় এই যে এসসিএম উপলব্ধ রয়েছে তার সঠিকভাবে সদ্ব্যবহার করতে হবে। জ্ঞান এবং দক্ষতা ব্যবহার করে এই সিস্টেমটি ব্যবহারের ক্ষেত্রে আগ্রহের অভাব যাতে না ঘটে সেদিকে সতর্ক থাকতে নির্দেশ দেন স্বাস্থ্য সচিব। এক্ষেত্রে সংশ্লিষ্ট সবাইকেই সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট সিস্টেম নিয়মিত ব্যবহার করতে হবে এবং সঠিক সময়ে পরিকল্পনা নিতে হবে বলে তিনি উল্লেখ করেন।এই কর্মশালায় এনআইসি - এর ডেপুটি ডাইরেক্টর (আই টি) দেবদূত ঘোষ বলেন ২০১৪ সাল থেকে এই এসিএম ব্যবহার শুরু হয়েছে। কোভিডকালীন সময় এর ব্যবহার ছিল প্রশংসনীয়। কিন্তু তারপর থেকে দেখা গেছে উৎসাহে ঘাটতি দেখা যায়। সেক্ষেত্রে আরো দায়বদ্ধতা নিয়ে , আরো আগ্রহ নিয়ে এই কাজটি করতে হবে। এর ফলে শুধু ওষুধ নয় ব্লাড কিট, স্টেশনারি সামগ্রী থেকে শুরু করে সমস্ত কিছুরই কতটুকু মজুত রয়েছে সে বিষয়টি নিশ্চিত করা যায়। দিনভর এই কর্মশালায় আধিকারিক ও কর্মচারীদের প্রশিক্ষণ দেওয়া হয় এবং হাতে-কলমে এই সিস্টেম রপ্ত করতে সহায়তা করা হয়।

# রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের ২০ দিন ব্যাপী প্রশিক্ষণের সমারোপ সমারোহ অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৭ জুন:** আগরতলার খয়েরপুর পূর্ব চাম্পামুড়াস্থিত সেবা ধামে রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের ২০ দিনের 'কার্যকর্তা বিকাশ বর্গ ১' এর সমারোপ সমারোহ অনুষ্ঠান অনুষ্ঠিত হয় আজ। উল্লেখ্য ক্ষেত্র সংঘচালক ড় শ্রী উমেশ চক্রবর্তী এর উপস্থিতিতে এর শুভ সূচনা হয়েছিল ১৮ মে ২০২৪।মোট ১৫২ জন শিক্ষার্থী, ৩০ জন শিক্ষক এবং ৪১ জন এই ব্যবস্থায় অংশগ্রহণ করছেন। মণিপুর, আসাম, মেঘালয়, অরুণাচল এবং ত্রিপুরার ছাত্ররা উপস্থিত ছিলেন এসে। সারা দেশে মোট ১৪টি কার্যকর্তা বিকাশ বর্গ হয়।আজকের এই সমারোপ অনুষ্ঠানে মুখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ত্রিপুরার বিশিষ্ট ব্যবসায়ী রতন দেবনাথ। বর্গ কার্যবাহ ছিলেন ক্ষেত্র সহ শারিরীক প্রমুখ সঞ্জয় দাস।বর্গে বৌদ্ধিক প্রদান করেন আসাম ক্ষেত্রের ক্ষেত্র প্রচারক বৈশিষ্ট্য বুজরবড়োয়া।এদিনের অনুষ্ঠানে উপস্থিত থেকে রতন দেবনাথ উনার মনোভাব প্রকাশে বলেন, প্রত্যেক মানুষের জীবনে উপার্জনের একটি অংশ সমাজের জন্য ব্যয় করা উচিৎ।বশিষ্ঠ বুজরবড়ুয়া বক্তব্য রাখতে গিয়ে বলেন, "ভা"-শব্দের অর্থ হলো জ্ঞান, আর "রত" শব্দের অর্থ হলো প্রদানকারী। অর্থাৎ ভারত শব্দের অর্থ হলো জ্ঞান প্রদানকারী রাষ্ট্র। সারা বিশ্বকে মানবিক মূল্যবোধ সম্পন্ন জীবনশৈলীর জ্ঞান প্রদান করাই ভারতের উদ্দেশ্য।তিনি বলেন,ভারতের মুনী ঋষিগণ গোটা বিশ্বকে শাস্ত্রের দীক্ষায় দীক্ষিত করেছে, শস্ত্রের দীক্ষায় নয়। তিনি আরো বলেন, পাশ্চাত্য সভ্যতার কাছে গোটা বিশ্ব হলো একটি বাজার। কিন্তু ভারতের কাছে গোটা বিশ্ব বাজার নয়। ভারতের কাছে বিশ্ব হলো আত্মীয়। ভারতীয় সমাজ ব্যবস্থা ভাবে কিভাবে নর থেকে নারায়ণ হওয়া যায়। কিন্তু পাশ্চাত্য সভ্যতা বস্তুবাদী চিন্তায় মগ্ন হয়ে ভারতীয় দর্শনের সম্পূর্ণ বিপরীত মেরুতে অবস্থান করে।

# টিএসইসিএল'র এমডি হলেন বিশ্বজিৎ বসু

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৭ জুন।।** ত্রিপুরা স্টেট ইলেকট্রিসিটি কর্পোরেশন লিমিটেডের নতুন ব্যবস্থাপক অধিকর্তা হিসেবে কাজে যোগ দিয়েছেন ন্যাশনাল হাইড্রো পাওয়ার কর্পোরেশন লিমিটেডের প্রাক্তন অধিকর্তা (প্রজেক্ট ) তথা রাজ্যের ভূমিপুত্র ইঞ্জিনিয়ার বিশ্বজিৎ বসু। তিনি ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেডের ভারপ্রাপ্ত ব্যবস্থাপক অধিকর্তা দেবাশীষ সরকারের স্থলাভিষিক্ত হয়েছেন। ইঞ্জিনিয়ার বিশ্বজিৎ বসু ত্রিপুরা ইঞ্জিনিয়ারিং কলেজ (বর্তমানে এনআইটি, আগরতলা) থেকে ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং এর স্নাতক। ১৯৮৭ সালে ন্যাশনাল হাইড্রো পাওয়ার কর্পোরেশন এর লিমিটেডের ইলেকট্রিক্যাল বিভাগে একজন শিক্ষানবিশ প্রকৌশলী হিসেবে মণিপুরের লোকটাক পাওয়ার স্টেশনে যোগদান করেন।

এনএইচপিসি-তে প্রায় ৩৩ বছরের কর্মজীবনে, বসু নির্মাণ এবং ও এন্ড এম পর্যায়ে বিভিন্ন প্রকল্পে কাজ করেছেন। নির্মাণ পর্যায়ে শ্রী বসুকে যে প্রকল্পগুলিতে নিযুক্ত করা হয়েছিল সেগুলি হল কুরিচু (৬০ মেগাওয়াট, ভুটান), চামেরা-২ (৩০০ মেগাওয়াট, হিমাচল প্রদেশ), সুবানসিরি লোয়ার (২০০০ মেগাওয়াট, অরুণাচল প্রদেশ এবং আসাম), সিপ্পি (৪ মেগাওয়াট, অরুণাচল প্রদেশ) , লোকটাক ডাউন স্ট্রীম (৬৬ মেগাওয়াট, মণিপুর), দিবাং (২৮৮০ মেগাওয়াট, অরুণাচল প্রদেশ)।

তিনি লোকটক (১০৫ মেগাওয়াট, মণিপুর), রঙ্গিত (৬০ মেগাওয়াট, সিকিম), চুতক (৪৪ মেগাওয়াট, লাদাখের ইউটি), ধৌলিগঙ্গা (২৮০ মেগাওয়াট, উত্তরাখণ্ড) এর মতো ওএসএম- প্রকল্পগুলিতেও অত্যন্ত সফলতার সঙ্গে দায়িত্ব সামলেছেন। তার মেয়াদে, তিনি চুটক পাওয়ার স্টেশন (লাদাখ), লোকটাক পাওয়ার স্টেশন (মণিপুর), দিবাং বহুমুখী প্রকল্প (অরুণাচল প্রদেশ) এবং ধৌলিগঙ্গা পাওয়ার স্টেশন (উত্তরাখণ্ড) এ প্রকল্পের প্রধান হিসেবে কাজ করেছেন। টিএলডিপি ৩ পাওয়ার স্টেশনের কমিশনিংয়ের সময়, তিনি কমিশনিং দলের ইনচার্জ ছিলেন। তিনি লোকটাক ডাউনস্ট্রিম হাইড্রোইলেকট্রিক কর্পোরেশন লিমিটেড (এলডিএইচসিএল), এনএইচপিসি এবং মণিপুর সরকারের যৌথ উদ্যোগের মুখ্য কার্যনির্বাহী আধিকারিকও ছিলেন ছিলেন। তিনি এনএইচপিসি এর একটি সহযোগী প্রতিষ্ঠান ল্যাংকো তিস্তা হাইড্রো পাওয়ার লিমিটেড বোর্ডের একজন মনোনীত পরিচালকও।

ট্রান্সফার অফ টেকনোলজি প্রোগ্রামের অধীনে তিনি সুইডেন এবং ফ্রান্সে প্রশিক্ষণের জন্য গিয়েছেন যার সুফল পরবর্তী সময়ে আমাদের দেশ পেয়েছে। তার প্রযুক্তিগত উৎকর্ষতা, শক্তিশালী নেতৃত্বের দক্ষতা এবং সর্বোচ্চ নৈতিক মানদণ্ডের জন্য পরিচিত, বসুও একজন আবেগী এবং আগ্রহী ক্রীড়াবিদ। তিনি অল ইন্ডিয়া পাওয়ার সেক্টর ফুটবল টুর্নামেন্টে লোকটাক পাওয়ার স্টেশনে (১৯৮৮ - ১৯৯৪) তার মেয়াদকালে এনএইচপিসি -এর ফুটবল দলের অধিনায়কত্ব করেছেন। রাজ্যের ভূমিপুত্র ত্রিপুরা ইঞ্জিনিয়ারিং কলেজ বর্তমানে ন্যাশনাল ইনস্টিটিউট অফ টেকনোলজির প্রাক্তন ছাত্র বিশ্বজিৎ বসু ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেডের শীর্ষপদে আসীন হওয়ায় রাজ্যের ইঞ্জিনিয়ারদের মধ্যে খুশির আবহ তৈরি হয়েছে।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।